

# NATIONAL UNIVERSITY



**Curriculum for One Year Bachelor of Education (B. Ed.) Programme**

**Effective from the Session: 2026**

## সূচিপত্র

প্রসঙ্গ কথা.....	iv
অধ্যায় এক - শিক্ষাক্রমের ধারণা ও কাঠামো.....	1
১। ভূমিকা.....	2
২। শিক্ষাক্রমের ধারণা.....	2
৩। শিক্ষাক্রমের প্রয়োজনীয়তা.....	2
৪। শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যের উৎস.....	3
৫। পরিমার্জিত শিক্ষাক্রমের উদ্দেশ্য নির্ধারণ.....	3
৬। শিক্ষাক্রম কাঠামো.....	5
৭। সেমিস্টারভিত্তিক বিষয়, ক্রেডিট ও ক্রেডিট ঘণ্টা বিভাজন.....	8
৮। মান বণ্টন.....	9
৯। গ্রেডিং সিস্টেম.....	9
অধ্যায় দুই - আবশ্যিক বিষয়াবলি.....	14
মাধ্যমিক শিক্ষা শিক্ষণ.....	15
সক্রিয় শিখন পদ্ধতি ও কৌশল.....	21
শিখন ও শিখনযাচাই.....	28
শিক্ষায় বিকাশমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি.....	35
জেভার, বৈশ্বিক নাগরিকত্ব ও একীভূত শিক্ষা.....	41
শিক্ষায় গবেষণা.....	46
অধ্যায় তিন - শিখন বিষয়াবলি.....	52
বাংলা শিক্ষণ.....	53
Teaching English.....	59
বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিক্ষণ.....	67

পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ .....	75
অর্থনীতি শিক্ষণ .....	80
বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ .....	85
ভূগোল ও পরিবেশ শিক্ষণ.....	94
এডভান্সড তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষণ .....	101
গণিত শিক্ষণ .....	107
পদার্থবিজ্ঞান শিক্ষণ .....	115
রসায়ন শিক্ষণ .....	122
জীববিজ্ঞান শিক্ষণ .....	130
ব্যবসায় উদ্যোগ শিক্ষণ.....	137
হিসাববিজ্ঞান শিক্ষণ .....	<b>Error! Bookmark not defined.</b>
ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ .....	149
অধ্যায় চার - ঐচ্ছিক বিষয়াবলি .....	<b>Error! Bookmark not defined.</b>
প্রাথমিক শিক্ষা .....	157
গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষণ .....	164
চারু ও কারুকলা শিক্ষণ .....	168
শারীরিক ও মানসিক স্বাস্থ্যশিক্ষা ও খেলাধূলা শিক্ষণ.....	<b>Error! Bookmark not defined.</b>
কৃষি শিক্ষা শিক্ষণ .....	182
গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষণ .....	190
ইসলাম ও নৈতিক শিক্ষা শিক্ষণ .....	170
হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ .....	201
বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ .....	207
খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ .....	213

## প্রসঙ্গ কথা

শিক্ষা মানুষের সমাজ ব্যবস্থার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। শিক্ষার ইতিহাস মানব সভ্যতার ইতিহাসেরই সমকালীন। শিক্ষা সুন্দরতর, উন্নততর জীবন ও সমাজ গঠনের প্রধান হাতিয়ার। শিক্ষা মানুষকে পরিপূর্ণ জীবনের অধিকারী করে তোলে এবং তাদের সহজাত ক্ষমতা ও গুণাবলি এবং সৃজনশীল ক্ষমতার বিকাশ ঘটায়। মানুষকে কর্তব্যজ্ঞান, শৃঙ্খলা, শিষ্টাচার, সহমর্মিতা, সহনশীলতা, ইত্যাদি গুণের অধিকারী করে তুলতে শিক্ষা অগ্রণী ভূমিকা পালন করে। দেশের সামগ্রিক কল্যাণ ও অর্থনৈতিক অগ্রগতির জন্য দক্ষ, উৎপাদনক্ষম জনশক্তি গড়ে তোলার দায়িত্ব শিক্ষা ও শিক্ষাব্যবস্থার ওপর অর্পিত। শিক্ষা মানুষকে দেশপ্রেমিক করে গড়ে তোলে এবং নেতৃত্বদানের গুণাবলি অর্জনে সহায়তা করে। দেশপ্রেম, মানবতা, নৈতিক মূল্যবোধ, কায়িক শ্রমের মর্যাদাদান, নেতৃত্ব, সাংগঠনিক গুণাবলি, চারিত্রিক গুণাবলি, সৃজনশীলতা, সামাজিক অগ্রগতি, অর্থনৈতিক উন্নয়ন এবং রাজনৈতিক স্থিতিশীলতা ইত্যাদি বিকাশের মূল হলো শিক্ষা। কিন্তু মানুষকে সময়ের চাহিদাভিত্তিক সামাজিক ও অর্থনৈতিক বাস্তবতা মোকাবেলায় সক্ষম করার জন্য তদানুযায়ী শিক্ষাক্রম পরিমার্জন অপরিহার্য। সে সকল দিক বিবেচনা করে জাতীয় শিক্ষানীতি ২০১০ এবং জাতীয় শিক্ষাক্রম ২০১২ বাস্তবায়নের গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে শিক্ষক শিক্ষা শিক্ষাক্রমেরও গুণগত পরিবর্তন ও পরিমার্জন জরুরি হয়ে পড়ে। তার পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয় মাধ্যমিক পর্যায়ে শিক্ষক শিক্ষার চলমান শিক্ষাক্রমের প্রয়োজনীয় পরিমার্জন ও উন্নয়নের উদ্যোগ গ্রহণ করে। গৃহীত পদক্ষেপের অংশ হিসেবে শিক্ষা বিভাগের বিভিন্ন পর্যায়ের বিশেষজ্ঞদের নিয়ে শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিসমূহ প্রচলিত শিক্ষাক্রমটি দীর্ঘ সময় বিচার-বিশ্লেষণ করে এবং শিক্ষাক্রম উন্নয়নের প্রতিটি ধাপ যথাযথভাবে অনুসরণ করে শিক্ষক শিক্ষা শিক্ষাক্রমের বর্তমান পরিমার্জিত ও পূর্ণঙ্গ অবয়বটি তৈরি করেন।

চব্বিশশের বিপ্লবোত্তরকালে বিভিন্ন সরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বিষয় বিশেষজ্ঞদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অভিজ্ঞ পেডাগোগি বিশেষজ্ঞদের সহায়তায় দিনব্যাপী কর্মশালা আয়োজনের মাধ্যমে সকল বিষয়ের বিষয়বস্তু ও শিক্ষাক্রম কাঠামো পর্যালোচনা করে শিড়াক্রমটির পুনরায় পরিমার্জন সাধন করা হয়েছে। নতুন পরিমার্জিত বিষয়ভিত্তিক কাঠামোতে আগের কিছু কিছু বিষয়বস্তু যেমন বাদ পড়েছে তেমনি আবার কিছু বিষয়বস্তু সংযোজিত হয়েছে। প্রতিটি ইউনিটের শুরুতে শিখনফল উল্লেখ করে প্রাসঙ্গিক বিষয়বস্তু বিন্যস্ত হয়েছে যাতে প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ প্রত্যাশিত শিখনফল, শিখন-শেখানো পদ্ধতি এবং মূল্যায়ন সম্পর্কে সহজেই সম্যক ধারণা লাভ করতে পারেন। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশলেও কিছু কিছু সংযোজন-বয়োজন হয়েছে এবং বেশ কিছু বিষয়ের রেফারেন্সে নতুন গ্রন্থ সংযোজিত হয়েছে। তবে সেমিস্টারভিত্তিক চলমান বিএড কার্যক্রম বাস্তবায়নের ধারাবাহিকতায় যাতে কোন বিঘ্ন না ঘটে সে দিকটি বিবেচনায় রেখে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন পদ্ধতিতে কোনরূপ পরিবর্তন করা হয়নি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি শিক্ষক প্রশিক্ষক মহাবিদ্যালয় বর্তমান শিক্ষাক্রমের কার্যকর বাস্তবায়নে সর্বোচ্চ নিষ্ঠা ও আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখলে শিক্ষাক্রমটি শিক্ষকদের পেশাগত জ্ঞান ও দক্ষতার উন্নয়ন এবং শিক্ষার্থীদের শিখনের মানোন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখবে। আমাদের জাতির ঐতিহ্য, মূল্যবোধ এবং গৌরবময় ইতিহাসকে

লালন ও চর্চার মাধ্যমে বর্তমান ও ভবিষ্যত শিক্ষকদেরকে সাহসী ও গৌরবান্বিত করে প্রকৃত শিক্ষক শিক্ষায় দক্ষ, জ্ঞানী এবং দেশপ্রেমিক হিসেবে গড়ে তোলার মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ বাস্তবায়নের অগ্রগামী সৈনিক হিসেবে তাদেরকে গড়ে তুলতে অন্যান্য বিষয়ের মতো বিএড শিক্ষাক্রমের ধারাবাহিক পরিমার্জনের পাশাপাশি এর কার্যকর বাস্তবায়নও অপরিহার্য।

কাছাকাছি সময়ের পরিসরে দু'বার পরিমার্জনের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয় চলমান বিএড শিক্ষাক্রমটির মানোন্নয়ন ও সেটিকে হালনাগাদ রাখার যথাসাধ্য চেষ্টা করেছে। আগামীতে জাতির প্রত্যাশা অনুযায়ী মাধ্যমিক স্তরের নতুন শিক্ষাক্রম প্রণীত হওয়ার পর তার সাথে সামঞ্জস্য রেখে জাতীয় বিশ্ববিদ্যালয় দ্রুততম সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের 'আউটকাম বেজড শিক্ষা' (OBE) শিক্ষাক্রমের কাঠামো অনুসরণে বর্তমান বিএড কার্যক্রমের শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করবে। রাষ্ট্রের শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং সেটিকে দক্ষ মানবসম্পদ উন্নয়নের কার্যকর হাতিয়ারে রূপান্তরের অগ্রযাত্রায় জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিশ্রুতিবদ্ধ।

অধ্যায় এক - শিক্ষাক্রমের ধারণা ও  
কাঠামো

## ১। ভূমিকা

শিক্ষাব্যবস্থাকে পরিকল্পিতভাবে যথাযথ রূপদানের প্রধান বাহন হলো শিক্ষাক্রম। যা প্রণয়ন করতে হলে সুস্পষ্ট নীতির আলোকে কিছু সুনির্দিষ্ট ও ধারাবাহিক স্তর বা পর্যায়ে অনুসরণ করতে হয়। একটি সমন্বিত শিক্ষাক্রম বাস্তবায়নে বিভিন্ন পর্যায়ে বিভিন্ন ধরনের কর্মকৌশলের সহায়তা গ্রহণ করা জরুরি। যেখানে শিক্ষক ও শিক্ষার্থীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ শিক্ষক, শিক্ষার্থীদের যাবতীয় শিক্ষামূলক কার্যক্রম নির্ধারণ ও পরিচালনায় শিক্ষাক্রমকে নির্দেশিকা হিসেবে ব্যবহার করেন।

## ২। শিক্ষাক্রমের ধারণা

শিক্ষা ব্যক্তির জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি, মূল্যবোধের বিকাশ ও উন্নয়ন ঘটায়। এই দিকগুলো অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য যে সামগ্রিক রূপরেখা বা পরিকল্পনা প্রণয়ন করা হয়, তাকেই সাধারণভাবে শিক্ষাক্রম বলা হয়। শিক্ষাক্রমের ব্যবহারিক দিকের উপর গুরুত্ব আরোপ করে এর নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ চিহ্নিত করা যায়-

শিক্ষাক্রম হলো-

- সুনির্দিষ্ট লক্ষ্যকে ভিত্তি করে নির্ধারিত শিখন অভিজ্ঞতা, পাঠ্যসামগ্রী এবং শিক্ষাদান কার্যাবলির সমন্বিত রূপরেখা।
- শিক্ষার্থীর আচরণ, মনোভাব ও দৃষ্টিভঙ্গিতে গ্রহণযোগ্য ও কাজক্ষিত পরিবর্তন আনার উদ্দেশ্যে পরিকল্পিত এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত সুসংগঠিত কর্মকাণ্ড।
- একটি নির্দিষ্ট শিক্ষাস্তরের জন্য পূর্বনির্ধারিত ও পর্যায়ক্রমে বিন্যস্ত জ্ঞান, দক্ষতা, যোগ্যতা ও মূল্যবোধ অর্জন এবং তার স্বীকৃতিস্বরূপ সনদ প্রদানের ব্যবস্থা।

## ৩। শিক্ষাক্রমের প্রয়োজনীয়তা

শিক্ষার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার শক্তিশালী ও কার্যকর পরিকল্পনাই হলো শিক্ষাক্রম। অন্য কথায় বলা যায়, শিক্ষাক্রম হচ্ছে শিক্ষা ব্যবস্থাকে উদ্দেশ্যমুখী, সময়োপযোগী, কর্মভিত্তিক ও গতিশীল করে পুনর্গঠন ও নির্মাণের একটি নীলনকশা। শিক্ষা ও শিক্ষা ব্যবস্থার সকল কার্যক্রমের কেন্দ্রবিন্দু হলো শিক্ষাক্রম। শিক্ষাক্রম ব্যতীত শিক্ষার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব নয়। শিক্ষাক্রম না থাকলে শিখন-শেখানো কার্যক্রম ধারাবাহিক ও সুচারুরূপে এগিয়ে নেওয়া কঠিন হয়ে পড়ে।

শিক্ষার্থীর সার্বিক বিকাশের লক্ষ্যে কখন, কী এবং কতটুকু শেখাতে হবে এবং কোন কোন বিষয় হাতে-কলমে শেখানো হবে—শিক্ষাক্রমই তার রূপরেখা নির্ধারণ করে।

শিক্ষাক্রমের কিছু গুরুত্বপূর্ণ কাজ হলো—

- যে জ্ঞান ও দক্ষতা সবচেয়ে বেশি কাজে লাগে তা অগ্রাধিকার ভিত্তিতে শনাক্ত করা।
- সমাজ ও ব্যক্তির প্রয়োজন অনুযায়ী শিক্ষার বিষয়বস্তু বিন্যাস করা।
- শনাক্তকৃত বিষয়বস্তু সহজ থেকে কঠিন নীতির আলোকে বিন্যাস করা।
- শিক্ষার্থীর বয়স, গ্রহণক্ষমতা ও ধারণক্ষমতা অনুযায়ী অনুশীলনের মাত্রা নির্ধারণ করা।

- শিক্ষার্থীর প্রবণতা ও সামর্থ্য অনুযায়ী কর্মমুখী ও বৃত্তিমূলক বিষয় নির্বাচন ও বিন্যাস করা।
- বিষয়বস্তুর পারস্পরিক সম্পর্ক, ধারাবাহিকতা ও সমন্বয় বিধান করা।
- পাঠ পরিচালনার গুণগত মান উন্নয়নের জন্য যথাযথ শিক্ষক নির্দেশনা প্রদান করা।
- শিক্ষা প্রতিষ্ঠানের ভেতরে ও বাইরে বিভিন্ন ধরনের কর্মতৎপরতার মাধ্যমে শিক্ষার্থীর সর্বমুখী অভিজ্ঞতা অর্জনের পথ প্রশস্ত করা।

#### ৪। শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যের উৎস

জাতির অভীষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যকে কেন্দ্র করেই শিক্ষাক্রমের যাবতীয় কার্যক্রম আবর্তিত হয়। সে বিবেচনায় শিক্ষাক্রমের ভিত্তি হলো জাতীয় শিক্ষাদর্শনের অভীষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য। জাতীয় চাহিদা ও প্রয়োজনের নিরিখে শিক্ষার অভীষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারিত হয়ে থাকে। অর্থাৎ যে কোনো দেশের শিক্ষা ব্যবস্থার লক্ষ্য ও উদ্দেশ্যের প্রধান উৎস হলো সেই দেশের জাতীয় চাহিদা, প্রয়োজন এবং আশা-আকাঙ্ক্ষা। একটি দেশের অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক কর্মকাণ্ডের ভিত্তিতেই জাতীয় চাহিদা ও প্রয়োজন নির্ণীত হয়। আর এসব কিছুর মূল ভিত্তি হলো জাতীয় জীবনদর্শন। একটি জাতির জীবনদর্শন থেকেই তার শিক্ষাদর্শনের উৎপত্তি ঘটে। শিক্ষাদর্শনই পরবর্তীতে শিক্ষার সার্বিক লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করে থাকে।

#### ৫। পরিমার্জিত শিক্ষাক্রমের উদ্দেশ্য নির্ধারণ

সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় যে সকল মৌলিক নীতি ও কৌশল গ্রহণ করা হয়েছে- যেমন জাতীয় শিক্ষানীতি ২০১০, জাতীয় শিক্ষাক্রম ২০১২, মাধ্যমিক স্তরে শিক্ষক নিয়োগ বিধি, পাবলিক পরীক্ষার পদ্ধতি সংস্কার এবং জাতীয় শিক্ষার প্রমিতমান ইত্যাদি- সেগুলোকে সক্রিয়ভাবে বিবেচনায় রেখে সংশোধিত বি.এড. শিক্ষাক্রমের সাধারণ ও বিশেষ উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে।

#### ক) বি এড শিক্ষার সাধারণ উদ্দেশ্য

- ১) বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রিধারী যারা ভবিষ্যতে শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করতে চান, তাঁদের জন্য চাকরি-পূর্ব প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ২) মাধ্যমিক স্তরের মানসম্মত শিখন-শেখানোর চাহিদা অনুযায়ী দক্ষ শিক্ষক গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।
- ৩) শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে দক্ষ শিক্ষা ব্যবস্থাপকের চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।
- ৪) প্রশিক্ষণবিহীন শিক্ষকদের পেশাগত ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে সক্ষম করে তোলা।
- ৫) মাধ্যমিক স্তরের শিখন-শেখানোর নবতর ধারণা ও পদ্ধতি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার, জীবনদক্ষতাভিত্তিক শিক্ষা এবং একীভূত শিখন সমন্বিত করে শিখন প্রণালির আধুনিকায়ন ও গুণগত মানের উৎকর্ষ সাধন করা।

## খ) বিশেষ উদ্দেশ্য

- ১) বাংলাদেশের মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বয়স, সামর্থ্য, মানসিক পরিপক্বতা ও ধারণক্ষমতার আলোকে শিখন-শেখানো প্রক্রিয়ার উন্নয়ন করা।
- ২) তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়বস্তুকে সমন্বিতভাবে শিখন-শেখানোর জন্য সামঞ্জস্যপূর্ণ পাঠ পরিকল্পনা প্রণয়ন করা।
- ৩) বাংলাদেশের বর্তমান সমাজব্যবস্থার প্রেক্ষাপটে শিক্ষার্থীদের ঐতিহাসিক, সামাজিক, সাংস্কৃতিক ও আইনগত সচেতনতা বৃদ্ধি করা।
- ৪) মানবসম্পদ উন্নয়ন-সংশ্লিষ্ট সমকালীন উদ্দেশ্য ও নীতির সমন্বয় সাধনের মাধ্যমে শিক্ষার্থীদের সক্ষম করে তোলা।
- ৫) শিখন-শেখানোর ক্ষেত্রে নতুন জ্ঞান, উপলব্ধি এবং সমকালীন পদ্ধতি ও কৌশল ব্যবহারে শিক্ষার্থীদের প্রস্তুত করা।
- ৬) শিখন-শেখানোর গুণগত মান উন্নয়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংযুক্ত করে পাঠ উপস্থাপনে শিক্ষার্থীদের দক্ষ শিক্ষক হিসেবে প্রস্তুত করা।
- ৭) বিদ্যালয়ে শিখন-শেখানোবান্ধব পরিবেশ গড়ে তোলা এবং শিক্ষার্থী, শিক্ষক, সহকর্মী ও অন্যান্যদের প্রতি পেশাগত দৃষ্টিভঙ্গি প্রদর্শনে সক্ষম করে তোলা।
- ৮) শিক্ষক হিসেবে নিজের কৃতিত্বের মূল্যায়ন, বিদ্যালয়ের চলমান পরিবেশ উন্নয়নে স্বতঃস্ফূর্ত থাকা এবং সহকর্মীর প্রয়োজনে সর্বদা সংবেদনশীল আচরণে উদ্বুদ্ধ করা।
- ৯) ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ-সংক্রান্ত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালনে সক্ষম করে তোলা।
- ১০) একীভূত শিক্ষার বিষয়ে সচেতনতার মাধ্যমে জেভার, জাতি, ধর্ম, বর্ণ, শারীরিক ও মানসিক সক্ষমতার ভেদাভেদ নির্বিশেষে সকলের জন্য সহায়ক শিখন পরিবেশ সম্পর্কে সচেতন করে তোলা।

৬। শিক্ষাক্রম কাঠামো

জাতীয় বিশ্ববিদ্যালয়  
ব্যাচেলর অব এডুকেশন (বি. এড.) শিক্ষাক্রম  
এক বছর (দুই সেমিস্টার)  
২০২৬ সাল থেকে কার্যকর

শিক্ষাক্রম কাঠামো ১ম সেমিস্টার ( ১ম জানুয়ারি-৩০ জুন)

কোর্স কোড	কোর্স শিরোনাম (Title of Course)	ক্রেডিট
812201	মাধ্যমিক শিক্ষা (Secondary Education)	৪
812203	সক্রিয় শিখন পদ্ধতি ও কৌশল (Active Learning Methods and Techniques)	৪
812205	শিখন ও শিখনযাচাই (Learning and Assessment)	৪
812207	শিক্ষায় বিকাশমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Emerging Information and Communication Technology in Education)	৪
812216	পাঠদান অনুশীলন -১ (Teaching Practice-1) কলেজভিত্তিক সিমুলেশন ও বিদ্যালয়ভিত্তিক পাঠদান অনুশীলন (২ + ২ ) সপ্তাহ = ৪ সপ্তাহ College Based Simulation and School-Based Practicum (2+2) for 4 weeks	পাঠদান অনুশীলন -১ ৬
<b>শিক্ষণ বিষয়াবলি (Teaching Studies)</b> যে কোন একটি শাখা থেকে দুটি শিক্ষণ বিষয় নির্বাচন করতে হবে (Choose any two from one branch)		
812221	বাংলা শিক্ষণ (Teaching Bangla)	মানবিক শাখা (Humanities Group) যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে। ৪ x ২ = ৮
812223	ইংরেজি শিক্ষণ (Teaching English)	
812225	বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিক্ষণ (Teaching History of Bangladesh and World Civilization)	
812227	পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ (Teaching Civics and Citizenship)	
812229	অর্থনীতি শিক্ষণ (Teaching Economics)	
812231	বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষণ (Teaching Bangladesh and	

	Global Studies)		
812233	ভূগোল ও পরিবেশ শিক্ষণ (Teaching Geography and Environment)		
812235	এডভান্স আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT)		
812237	গণিত শিক্ষণ (Teaching Mathematics)	বিজ্ঞান শাখা	যে কোন ২টি ৪ x ২ = ৮
812239	পদার্থ বিজ্ঞান শিক্ষণ (Teaching Physics)	(Science Group)	
812241	রসায়ন শিক্ষণ (Teaching Chemistry)	যে কোন ২টি	
812243	জীববিজ্ঞান শিক্ষণ (Teaching Biology)	বিষয় নির্বাচন	
812235	এডভান্স আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT)	করতে হবে।	
812245	ব্যবসায় উদ্যোগ শিক্ষণ (Teaching Business Entrepreneurship)	ব্যবসায় শিক্ষা	যে কোন ২টি ৪ x ২ = ৮
812247	হিসাব বিজ্ঞান শিক্ষণ ( Teaching Accounting)	শাখা	
812249	ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ (Teaching Finance & Banking)	Business Studies Group	
812235	এডভান্স আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT)	যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে।	
মোট =			৩০

**শিক্ষাক্রম কাঠামো ২য় সেমিস্টার ( ১ জুলাই - ৩১ ডিসেম্বর)**

কোর্স কোড	কোর্সের শিরোনাম	ক্রেডিট
822261	জেন্ডার, বৈশ্বিক নাগরিকত্ব ও একীভূত শিক্ষা (Gender, Global Citizenship and Inclusive Education)	৪
822263	শিক্ষায় গবেষণা (Research in Education)	৪

822266	পাঠদান অনুশীলন-২ (Teaching Practice-2) বিদ্যালয়ভিত্তিক পাঠ অনুশীলন ৮ সপ্তাহ School Based Practicum (4+4) for 8 weeks	পাঠদান অনুশীলন- ২	১৬
822269	৬টি আবশ্যিক বিষয়ের উপর ২ ঘণ্টাব্যাপী একটি কম্প্রিহেনসিভ পরীক্ষা- (Comprehensive) Two hours written exam on six compulsory subjetcs		২
822270	মৌখিক পরীক্ষা- (Viva- voce) In the presence of internal and external examiners		১
<b>নৈর্বাচনিক বিষয়াবলি (Elective Subject) যে-কোন একটি বিষয় নির্বাচন করতে হবে</b>			
822271	প্রাথমিক শিক্ষা (Primary Education)		যে কোন ১টি ৩ x ১ = ৩
822273	গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান শিক্ষণ (Teaching Library and Information Science)		
822275	চারু ও কারুকলা শিক্ষণ (Teaching Arts and Crafts)		
822277	শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা ও খেলাধুলা শিক্ষণ (Teaching Physical and Mental health Education, and Sports)		
822279	কৃষি শিক্ষা শিক্ষণ (Teaching Agriculture Studies)		
822281	গার্হস্থ্য অর্থনীতি শিক্ষণ (Teaching Home Science)		
822283	ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Islam and Moral Education)		
822285	হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Hindu Religion and Moral Education)		
822287	বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Buddhist Religion and Moral Education)		
822289	খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Christ Religion and Moral Education)		
মোট =			৩০

সর্বমোট = ৩০+৩০= ৬০ ক্রেডিট

৭। সেমিস্টারভিত্তিক বিষয়, ক্রেডিট ও ক্রেডিট ঘণ্টা বিভাজন

প্রথম সেমিস্টার ১ জানুয়ারি- ৩০ জুন	ক্রেডিট	ক্রেডিট ঘণ্টা	দ্বিতীয় সেমিস্টার ১ জুলাই- ৩১ ডিসেম্বর	ক্রেডিট	ক্রেডিট ঘণ্টা
মাধ্যমিক শিক্ষা	৪	৫৬	জেন্ডার, বৈশ্বিক নাগরিকত্ব ও একীভূত শিক্ষা	৪	৫৬
সক্রিয় শিক্ষণ পদ্ধতি ও কৌশল	৪	৫৬	শিক্ষায় গবেষণা	৪	৫৬
শিক্ষণ ও শিক্ষণযাচাই	৪	৫৬	নৈর্বাচনিক বিষয় (যে-কোন ১টি)	৩	৪২
শিক্ষায় বিকাশমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৪	৫৬	পাঠ অনুশীলন-২ (৮ সপ্তাহ) **  (মাধ্যমিক বিদ্যালয়ে প্রত্যক্ষ শ্রেণি পাঠ অনুশীলন)	১৬	১৬x১৪ = ২২৪
২টি শিক্ষণ বিষয়াবলি (৪x২)	৮	১১২	কম্প্রহেনসিভ পরীক্ষা	২	২৮
পাঠ অনুশীলন-১ (৪ সপ্তাহ)	৬	৮৪	মৌখিক পরীক্ষা	১	১৪
মোট	৩০	৪২০	মোট	৩০	৪২০
সর্বমোট ক্রেডিট		৩০+৩০= ৬০			
প্রত্যক্ষ ক্রেডিট ঘণ্টা		৪২০+৪২০=৮৪০ ঘণ্টা			
নির্দেশিত শিখন		৬০০ ক্রেডিট ঘণ্টা (লাইব্রেরি ওয়ার্ক, পাঠ পরিকল্পনা প্রণয়ন, উপকরণ তৈরি, ডিজিটাল কন্টেন্ট তৈরি, এসাইনমেন্ট লিখন, প্রতিফলন দিনলিপি লিখন, গবেষণা কর্ম পরিচালনা ও প্রতিবেদন প্রণয়ন, সহশিক্ষাক্রমিক কার্যাবলি, জাতীয় দিবস উদযাপন, প্রাতঃসমাবেশ, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান)			
সর্বমোট		৮৪০ ঘণ্টা			

\* ৬০ মিনিট /১ ঘণ্টার ১৪টি ক্লাস ১ ক্রেডিট হিসেবে গণ্য হবে।

\*\* পাঠ অনুশীলন ১ ও ২, কম্প্রহেনসিভ পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার ক্ষেত্রে উল্লিখিত ক্রেডিট হিসাব  
(১ ক্রেডিট=১০ ঘণ্টা) প্রযোজ্য হবে না।

## ৮। মান বন্টন

[প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে- যার মধ্যে ৬০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত হবে এবং ৪০ নম্বরের অভ্যন্তরীণ পরীক্ষা কলেজ কর্তৃক গৃহীত হবে। সেমিস্টার ও সেমিস্টার ফাইনালের নম্বর বিভাজন নিম্নরূপ]

বিষয়ের ধরন	বিষয়ের নাম	নম্বর বন্টন		
		অভ্যন্তরীণ	বহিঃ	মোট
আবশ্যিক বিষয়	মাধ্যমিক শিক্ষা	৪০	৬০	১০০
	শিক্ষণ- শেখানো দক্ষতা ও কৌশল	৪০	৬০	১০০
	শিক্ষণ ও শিক্ষণযাচাই	৪০	৬০	১০০
	শিক্ষায় বিকাশমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৪০	৬০	১০০
	জেভার, বৈশ্বিক নাগরিকত্ব ও একীভূত শিক্ষা	৪০	৬০	১০০
	শিক্ষা গবেষণা পরিচিতি	৪০	৬০	১০০
পাঠদান অনুশীলন ও মৌখিক	পাঠদান অনুশীলন-১	৫০	-	৫০
	পাঠদান অনুশীলন-২	১০০	৫০	১৫০
	মৌখিক পরীক্ষা	-	৫০	৫০
যে-কোন একটি শাখা থেকে ২টি বিষয় নির্বাচন করতে হবে				
শিক্ষণ বিষয়াবলি	মানবিক শাখা			
	বাংলা শিক্ষণ			
	ইংরেজি শিক্ষণ			
	বংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা শিক্ষণ			
	পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ			
	অর্থনীতি শিক্ষণ			
	বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষণ			
	ভূগোল ও পরিবেশ শিক্ষণ			
	এডভান্স আইসিটি শিক্ষণ	৪০+৪০ = ৮০	৬০+৬০ = ১২০	২০০
	বিজ্ঞান শাখা			

	গণিত শিক্ষণ			
	পদার্থবিজ্ঞান শিক্ষণ			
	রসায়ন শিক্ষণ			
	জীববিজ্ঞান শিক্ষণ			
	এডভান্স আইসিটি শিক্ষণ			
	<b>ব্যবসায় শিক্ষা শাখা</b>			
	ব্যবসায় উদ্যোগ শিক্ষণ			
	হিসাববিজ্ঞান শিক্ষণ			
	ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ			
	এডভান্স আইসিটি শিক্ষণ			
নৈর্বাচনিক বিষয়াবলি	প্রাথমিক শিক্ষা শিক্ষণ	৪০	৬০	১০০
	গ্রন্থগার ও তথ্যবিজ্ঞান শিক্ষণ			
	চারু ও কারুকলা শিক্ষণ			
	শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা ও খেলাধুলা শিক্ষণ			
	কৃষিশিক্ষা শিক্ষণ			
	গার্হস্থ্যবিজ্ঞান শিক্ষণ			
	ইসলামধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ			
	হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ			
	বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ			
	খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ			
	কম্প্রহেনসিভ পরীক্ষা	৬টি আবশ্যিক বিষয়ের উপর ২ ঘণ্টার একটি কম্প্রহেনসিভ পরীক্ষা	-	৫০
		৫১০	৬৯০	১২০০

৯। গ্রেডিং সিস্টেম

নম্বরের ব্যাপ্তি	লেটার গ্রেড	গ্রেড পয়েন্ট
৮০% ও তার উপরে	A+	৪.০০
৭৫%-৭৯%	A	৩.৭৫
৭০%-৭৪%	A-	৩.৫০
৬৫%-৬৯%	B+	৩.২৫
৬০%-৬৪%	B	৩.০০
৫৫%-৫৯%	B-	২.৭৫
৫০%-৫৪%	C+	২.৫০
৪৫%-৪৯%	C	২.২৫
৪০%-৪৪%	D	২.০০
৪০% এর নিচে	F	০.০০

গ্রেডকে গ্রেড পয়েন্ট এভারেজে রূপান্তর করে কিউমিলেটিভ গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) বের করতে হবে।

১০। বার্ষিক কর্মদিবস ও ছুটির তালিকা

কলেজ বন্ধ দিবস		বিদ্যালয়ের মোট ছুটি	কর্মদিবস		মোট কর্মদিবস	মোট শ্রেণি কার্যক্রম দিবস	সর্ব মোট
সাপ্তাহিক ছুটি	সরকারি ছুটি		১ম সেমিস্টার ১২০ দিন	২য় সেমিস্টার ১১৫ দিন			
৫২ দিন	৭৮ দিন (গ্রীষ্মকালীন ও শীতকালীন অবকাশ, রমজান, দুই ঈদ, দুর্গা পূজাসহ বিভিন্ন সরকারি ছুটি)	১৩০ দিন	শ্রেণি কার্যক্রম + পরীক্ষা (১০৫+১৫) দিন	শ্রেণি কার্যক্রম + পরীক্ষা (১০৫+১০) দিন	২৩৫ দিন	২১০ দিন (১০৫+১০৫)  ৩০ সপ্তাহ (১৫+১৫)	৩৬৫ দিন

১১। সেমিস্টারভিত্তিক ক্লাস বন্টন

প্রথম সেমিস্টার: ১ জানুয়ারি - ৩০ জুন (১৮২ দিন)

	ক্রেডিট	ক্রেডিট ঘণ্টা	মোট কর্মসপ্তাহ	সাপ্তাহিক ক্লাস সংখ্যা	প্রত্যাশিত ক্লাস সংখ্যা
মাধ্যমিক শিড়্া	৪	৫৬	১৫	৩	৪৫
শিখন-শেখানো দক্ষতা ও কৌশল	৪	৫৬	১৫	৩	৪৫
শিখন ও শিখনযাচাই	৪	৫৬	১৫	৩	৪৫
শিড়্ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৪	৫৬	১৫	৩	৪৫
২টি শিড়্াণ বিষয়াবলি	৮	৮ X ১৪ = ১১২	১৫	৩ X ২ = ৬	৯০
পাঠ অনুশীলন ১ (২+২ = ৪ সপ্তাহ)	৬	৮৪	৪	৬ X ২ = ১২	৪৮
মোট	৩০	৪২০		৩০	৩১৮

দ্বিতীয় সেমিস্টার: ১ জুলাই - ৩১ ডিসেম্বর (১৮৩ দিন)

	ক্রেডিট	ক্রেডিট ঘণ্টা	কর্ম সপ্তাহ	অনুশীলন পাঠদান	শ্রেণি কার্যক্রম সপ্তাহ	সাপ্তাহিক ক্লাস সংখ্যা	ক্লাস সংখ্যা
একীভূত শিড়্া (পাঠদান অনুশীলনের জন্য ৮সপ্তাহ বাদে)	৪	৫৬	১৫ সপ্তাহ	৮ সপ্তাহ	৭ সপ্তাহ	৬	৪২
শিড়্ায় গবেষণা (পাঠদান অনুশীলনের জন্য ৮ সপ্তাহ বাদে)	৪	৫৬	১৫ সপ্তাহ	৮ সপ্তাহ	৭ সপ্তাহ	৬	৪২
নৈর্কচনিক বিষয়	৩	৪২	১৫ সপ্তাহ	৮ সপ্তাহ	৭ সপ্তাহ	৬	৪২
পাঠ অনুশীলন-২ (৮ সপ্তাহ) (মাধ্যমিক বিদ্যালয়ে প্রত্যাড়া শ্রেণি অনুশীলন)। প্রতিটি বিষয়ের জন্য প্রতিদিন ন্যূনতম ১টি ক্লাস	১৬	১৬ X ১৪ = ২২৪	১৫ সপ্তাহ	৮ সপ্তাহ	৭ সপ্তাহ	২ X ৬ = ১২	১২ X ৭ = ৮৪
কম্প্রহেনসিভ পরীড়্া	২	২৮					
মৌখিক পরীড়্া	১	১০					
	৩০	৪১৬					২১০
						মোট	(৪১৬+২১০) =৬২৬

১২। সেমিস্টার পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত -৬০
ইনকোর্স-১ : ১৫	সেমিস্টার ফাইনাল/চূড়ান্ত পরীড়্া
ইনকোর্স-২ : ১৫	(সংড়্াণ্ড উত্তরমূলক প্রশ্ন-২০
অর্পিত কাজ : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন ও কাঠামোবদ্ধ প্রশ্ন-৪০)
উপস্থিতি : ০৫	

## ১৩। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

✓ বক্তৃতা	✓ কর্মশালা
✓ দলীয় কাজ	✓ এক্সপার্ট জিগস
✓ বিদ্যালয় পরিদর্শন ও পর্যবেক্ষণ	✓ ফিশবোল
✓ দলীয় আলোচনা	✓ সেমিনার
✓ মাথা খাটানো	✓ প্রদর্শন
✓ মাইন্ড ম্যাপিং	✓ ভূমিকাভিনয়
✓ দলীয় প্রকল্প/অনুসন্ধান	✓ সিমুলেশন
✓ সতীর্থ শিখন	✓ অতিথি বক্তৃতা
✓ অনুশিক্ষণ	✓ প্রতিফলন দিনলিপি
✓ পোস্টবক্স	✓ কর্মসহায়ক গবেষণা
	✓ ব্যবহারিক কাজ
	✓ ওয়াকিং ওয়াল

\* শ্রেণি কার্যক্রম পরিচালনায় তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। উপযুক্ত শিক্ষণ-শেখানো কৌশলের পাশাপাশি শিক্ষক প্রশিক্ষক তাঁর পরিকল্পনা অনুযায়ী প্রয়োজন অনুসারে যে-কোনো কার্যকর কৌশল ব্যবহার করতে পারবেন।

## ১৪। শিক্ষা উপকরণ সংক্রান্ত নির্দেশনা

যে সকল সরঞ্জাম, যন্ত্রপাতি বা উপকরণ ব্যবহার করে শিক্ষার্থীদের কল্পনাশক্তি জাগ্রত করা যায় এবং শিখনের বিষয়বস্তুকে সহজ, আকর্ষণীয়, বোধগম্য ও দীর্ঘস্থায়ী করা যায়, সেগুলোকে শিক্ষণ উপকরণ বা শিক্ষা সহায়ক উপকরণ বলা হয়।

- ✓ দর্শন উপকরণঃ মডেল, বাস্তব উপকরণ, পাঠ্যপুস্তক, চকবোর্ড, হোয়াইট বোর্ড, চার্ট, ফ্লিপ চার্ট।
- ✓ শ্রবণ উপকরণঃ রেডিও, টেপ রেকর্ডার।
- ✓ শ্রবণ-দর্শন উপকরণঃ টেলিভিশন, ভিসিআর/ভিডিসি, কম্পিউটার।
- ✓ কর্মসম্পাদনমূলক উপকরণঃ ব্যক্তি, প্রদর্শনযোগ্য বস্তু।
- ✓ শিক্ষা প্রযুক্তির নতুন অবদানঃ অডিও ও ভিডিও, প্রোগ্রামভিত্তিক শিক্ষণ, ই-মেইল, ইন্টারনেট, মাল্টিমিডিয়া প্রজেক্টর।

অধ্যায় দুই- আবশ্যিক বিষয়াবলি  
)Compulsory Subjects)

PROVISIONS

## মাধ্যমিক শিক্ষা শিক্ষণ

কোর্স কোড	৮১২২০১	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	মাধ্যমিক শিক্ষা শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

এই কোর্সটি প্রশিক্ষণার্থী শিক্ষকের জ্ঞানের তিনটি মাত্রার বোধগম্যতা সম্প্রসারণে সক্ষম করবে। প্রথমত: বাংলাদেশের সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপট এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও আবেগিক বিকাশের বৈশিষ্ট্যাবলি; দ্বিতীয়ত, মাধ্যমিক শিক্ষাক্রম যেটি মাধ্যমিক শিক্ষার জাতীয় লক্ষ্য অর্জনের নীতিমালা ও কৌশলসমৃদ্ধ দলিলরূপে পরিগণিত হয়েছে; তৃতীয়ত, মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাপনা, বিধিবিধান ও নীতিমালা বাস্তবায়নে সহায়তা দান।

### ২। কোর্সের উদ্দেশ্য

- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার উৎপত্তি ও ঐতিহাসিক ক্রমবিকাশ সম্পর্কে শিক্ষককে সম্যক জ্ঞান অর্জনে সহায়তা করা।
- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার দার্শনিক ভিত্তি ও দৃষ্টিভঙ্গি অর্জনে শিক্ষককে সহায়তা করা।
- মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও আবেগিক বিকাশের বৈশিষ্ট্যাবলি সম্পর্কে বৈজ্ঞানিক জ্ঞান ও দৃষ্টিভঙ্গি লাভে সহায়তা করা।
- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাক্রমের মৌলিক বৈশিষ্ট্যাবলি সম্পর্কে সম্যক জ্ঞান লাভে সক্ষম করে তোলা।
- বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার কাঠামো ও সংশ্লিষ্ট সংস্থা সম্পর্কে ধারণা লাভে সহায়তা করা।
- বিদ্যালয় ব্যবস্থাপনা বিধিবিধান সম্পর্কে অবহিত করা।
- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা উন্নয়নের চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় সক্ষম হতে সহায়তা করা।
- মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক দৃষ্টিভঙ্গি, আগ্রহ, মূল্যবোধ ও বিশ্বাস সৃষ্টিতে শিক্ষককে উদ্বুদ্ধ করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষার উৎপত্তি ও ক্রমবিকাশ

#### শিখনফল

এই ইউনিট অধ্যয়ন শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষার উৎপত্তি ও স্বরূপ ব্যাখ্যা করতে পারবেন।
- ২) শিক্ষার পরিসর ও ধরণ বর্ণনা করতে পারবেন।
- ৩) মাধ্যমিক শিক্ষার ক্রমবিকাশের ধারা বিশ্লেষণ করতে পারবেন।

## বিষয়বস্তু

- শিক্ষার উৎপত্তি
- শিক্ষার স্বরূপ, ব্যাপক ও বিশেষ অর্থে শিক্ষা
- শিক্ষার পরিসর ও ধরণ
- উপমহাদেশে শিক্ষার বিকাশ ধারা
- বাংলাদেশে মাধ্যমিক শিক্ষার ক্রমবিকাশ
  - ✓ এডাম-এর রিপোর্ট (১৮৩৫)
  - ✓ উড-এর ডেসপ্যাচ (১৮৫৪)
  - ✓ শরীফ কমিশন (১৯৫৯)
  - ✓ বাংলাদেশ শিক্ষা কমিশন (১৯৭৪)
  - ✓ জাতীয় শিক্ষানীতি (১৯৯৭)
  - ✓ জাতীয় শিক্ষানীতি (২০১০)

## ইউনিট ৩.২: বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার দার্শনিক ভিত্তি

### শিখনফল

এই ইউনিট অধ্যয়ন শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন দার্শনিক মতবাদ পর্যালোচনা করতে পারবেন।
- ২) বাংলাদেশের মাধ্যমিক শিক্ষায় বিভিন্ন দার্শনিক মতবাদের প্রভাব বিশ্লেষণ করতে পারবেন।

### বিষয়বস্তু

- ভাববাদ
- বাস্তববাদ
- প্রয়োগবাদ
- প্রকৃতিবাদ

## ইউনিট ৩.৩: মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জীবন বিকাশ প্রক্রিয়া

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শারীরিক, মানসিক, আবেগিক বিকাশের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।
- ২) বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্য ও বিকাশের প্রক্রিয়াকে ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিকাশের প্রক্রিয়া বিশ্লেষণ করতে পারবেন।

## বিষয়বস্তু

- বর্ধন, বিকাশ ও পরিণমন
- বয়ঃসন্ধিকাল
  - ✓ দৈহিক বিকাশঃ শিক্ষার্থীর শারীরিক পরিবর্তন
  - ✓ মানসিক বিকাশঃ বুদ্ধি ও ব্যক্তিত্ব- এরিক্সন ও গার্ডনারের তত্ত্ব,
    - আগ্রহ ও মনোযোগ
    - ক্লাস্তি ও অবসাদ
    - শিক্ষার্থীর মানসিক পরিবর্তনে শিক্ষক ও পরিবারের ভূমিকা
  - ✓ আবেগিক বিকাশঃ আবেগ ও উদ্বিগ্নতা, আবেগ উঠা-নামা, নিয়ন্ত্রণ কৌশল
  - ✓ সামাজিক বিকাশঃ পারিবারিক ও সামাজিক মূল্যবোধ, বন্ধু ও স্বজন, বন্ধু নির্বাচন প্রক্রিয়া  
এলএসবিই (LSBE- Life Skill Based Education) মাদকাসক্তি, সম্পর্কে সচেতনতা, HIV, AIDS, SRHR (Sex and Reproductive Health Rights)

## ইউনিট ৩.৪: মাধ্যমিক শিক্ষাক্রম

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষাক্রমের উৎপত্তি ও ধারণা ব্যাখ্যা করতে পারবেন
- ২) শিক্ষাক্রমের মৌলিক বৈশিষ্ট্যাবলি বর্ণনা করতে পারবেন
- ৩) শিক্ষাক্রম উন্নয়নের বিভিন্ন মডেলের মধ্যে তুলনা করতে পারবেন
- ৪) শিক্ষাক্রম উন্নয়নের যৌক্তিকতা বিশ্লেষণ করতে পারবেন

## বিষয়বস্তু

- শিক্ষাক্রমের উৎপত্তি ও ধারণা
- মৌলিক বৈশিষ্ট্যাবলি
- শিক্ষাক্রম উন্নয়নের যৌক্তিকতা
- শিক্ষাক্রম উন্নয়ন মডেল
- শিক্ষাক্রম উন্নয়নের যৌক্তিকতা
- জাতীয় শিক্ষাক্রম ২০১২: কাঠামো, লক্ষ্য, উদ্দেশ্য ও বৈশিষ্ট্য
- শিক্ষাক্রম বিস্তরণ ও বাস্তবায়ন প্রক্রিয়া

## ইউনিট ৩.৫: বাংলাদেশের শিক্ষাব্যবস্থা বাংলাদেশের শিক্ষাব্যবস্থা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বাংলাদেশের শিক্ষাব্যবস্থার কাঠামো বর্ণনা করতে পারবেন।
- ২) বাংলাদেশের শিক্ষাব্যবস্থা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের গঠন ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) বাংলাদেশের শিক্ষাব্যবস্থা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি বর্ণনা করতে পারবেন।

### বিষয়বস্তু

- বাংলাদেশের শিক্ষা কাঠামো
- বাংলাদেশে মাধ্যমিক শিক্ষা: মৌলিক তথ্যসমূহ
- সরকারের সংস্থাসমূহ
  - ✓ শিক্ষা মন্ত্রণালয় (MoE)
  - ✓ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (DSHE)
  - ✓ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (EED)
  - ✓ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (DIA)
  - ✓ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)
  - ✓ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (BISE)
  - ✓ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (NAEM)
  - ✓ টিচার্স ট্রেনিং কলেজ (TTC)
  - ✓ উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (HSTTI)
  - ✓ বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ব্যুরো (BANBEIS)
  - ✓ জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
  - ✓ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (BPSC)
  - ✓ জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিল (NTEC)
- শিক্ষা প্রকল্পসমূহ

## ইউনিট ৩.৬: বিদ্যালয় ব্যবস্থাপনা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিদ্যালয় ব্যবস্থাপনার বিভিন্ন বিধিবিধান ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির গঠন ও কার্যাবলী বর্ণনা করতে পারবেন।
- ৩) একাডেমিক পরিকল্পনার ধারণা উপাদান ও প্রনয়ণ পদ্ধতি বর্ণনা করতে পারবেন।

## বিষয়বস্তু

- বিদ্যালয় ব্যবস্থাপনা বিধি-বিধান
- বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির ভূমিকা ও দায়িত্ব
- অভিভাবক-শিক্ষক সমিতি
- একাডেমিক পরিকল্পনা

## ইউনিট ৩.৬: বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার চ্যালেঞ্জসমূহ

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জেল্ডার সম্পর্কিত ধারণাসমূহ ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ধারণা, বৈশিষ্ট্য, চাহিদা ও শ্রেণিবিভাগ বর্ণনা করতে পারবেন।
- ৩) শিড়ার্থীদের জীবনে স্বাস্থ্য, পরিবেশ, মাদকাসক্তি, ডিজিটাল আসক্তি এইচআইভি (HIV), এইডস (AIDS), এসআরএইচআর (SRHR-Sex and Reproductive Health Right) প্রভৃতিরপ্রভাব বিশ্লেষণ করতে পারবেন।

## বিষয়বস্তু

- জেল্ডার ন্যায়সংগততা ও সমতা টেকসইকরণ
- ডিজিটাল আসক্তি
- গ্রামীণ ও শহরাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠী
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী
- পথশিড়
- ক্ষুদ্র নৃগোষ্ঠী
- ঝরেপড়া রোধ
- গুণগতমান বৃদ্ধি

## ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ বক্তৃতা
- ❖ দলগত কাজ
- ❖ বিদ্যালয় পরিদর্শন ও পর্যবেক্ষণ
- ❖ দলগত আলোচনা
- ❖ মাইন্ড ম্যাপিং
- ❖ দলগত প্রকল্প/অনুসন্ধান
- ❖ সতীর্ঘ শিক্ষণ
- ❖ পোস্টার

## ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স- ১৫ x ২ : ৩০	সেমিস্টার ফাইনাল/চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

মালেক, মারিয়াম, ইসলাম ও রিয়াদ (২০১৫), *শিক্ষাবিজ্ঞান ও বাংলাদেশে শিক্ষা*, পঞ্চম সংস্করণ, রয়ামন পাবলিশার্স, ঢাকা।

ইনাম, এম. এ. ও ইসলাম, জেবারুল (২০০২), *তুলনামূলক শিক্ষা*, বাউবি, গাজীপুর।

ইনাম, এম. এ. (২০০৪), *শিক্ষাক্রম প্রণয়ন ও মূল্যায়ন*, বাংলা একাডেমি, ঢাকা।

ডালি, স্বপন কুমার (২০০২), *শিক্ষার ভিত্তি*, প্রভাতী লাইব্রেরি, ঢাকা।

আহমেদ, শাহিন (১৯৯৪), *শিশু বৃদ্ধি, বিকাশ, পরিচালনা ও পারিবারিক সম্পর্ক*, আইডিয়াল লাইব্রেরি, ঢাকা।

লতিফ, আবু হামিদ (২০০৭), *শিক্ষা, শিখন ও শিক্ষণ প্রশিক্ষণ*, ঢাকা।

মিয়া, মোঃ গোলাম রাসুল ও ইনাম, এম. এ. (২০০০), *মাধ্যমিক শিক্ষা*, মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

দাস, তপন কুমার (২০০৫), *স্বাক্ষরতা ও অব্যাহত শিক্ষা কার্যক্রম ব্যবস্থাপনা*, গণস্বাক্ষরতা অভিযান, ঢাকা।

ঘোষ, অরুণ (১৯৯৭), *শিক্ষাক্ষেত্রীয় মনোবিজ্ঞান*, এডুকেশন এন্টারপ্রাইজ, কলকাতা।

রায়, সুনীল (২০০০), *শিক্ষামনোবিজ্ঞান*, সোমা বুক এজেন্সি, কলকাতা।

ডালি, স্বপন কুমার ও রহমান, মোহাম্মদ মুজিবর (২০০০), *শিক্ষার মনস্তাত্ত্বিক ভিত্তি ও শিক্ষা নির্দেশনা*, মিতা ট্রেডার্স, ঢাকা।

জনসংখ্যা শিক্ষা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও কলম্বো পরিকল্পনা যৌথ উদ্যোগে আয়োজিত *বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনস্টিটিউট*, ঢাকা।

Hurlock, E.B (1978). *Child Growth and Development*. Mc Graw Hill Book Company

Garrison, K. C. (1951). *Psychology of Adolescence* (4th ed.). Prentice-Hall.

Dewey, J. (2024). *Democracy and Education*. Columbia University Press.

## সক্রিয় শিখন পদ্ধতি ও কৌশল

কোর্স কোড	৮১২২০৩	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	সক্রিয় শিখন পদ্ধতি ও কৌশল		

### ১। কোর্সের বিবরণ

একজন কার্যকর শিক্ষক হওয়া নির্ভর করে শিক্ষার্থীরা কী শিখবে এবং কীভাবে শিখবে অর্থাৎ সফল শিখন-শেখানো প্রক্রিয়া বাস্তবায়নের উপর। শিক্ষার্থীদের শিখনের প্রতি আগ্রহ সৃষ্টির সামর্থ্য, শ্রেণিকক্ষে শৃঙ্খলা বজায় রাখার সক্ষমতা, কার্যকর শিখন-শেখানো পদ্ধতি ব্যবহারের দক্ষতা এবং শিক্ষাসংক্রান্ত নীতি অনুধাবনের যোগ্যতা সফল শিক্ষক হওয়ার গুরুত্বপূর্ণ উপাদান। শিখন-শেখানো দক্ষতার প্রধান বৈশিষ্ট্য হলো কার্যকর শিখন-শেখানো প্রক্রিয়া সম্পর্কে স্বচ্ছ ধারণা, বিষয়বস্তু সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান, শ্রেণি ব্যবস্থাপনা নীতি সম্পর্কে জ্ঞান, শিক্ষাক্রম দলিল ও কর্মসূচি সম্পর্কে ধারণা, শিক্ষার্থী সম্পর্কে ধারণা, শিক্ষার বিভিন্ন প্রেক্ষিত সম্পর্কে জ্ঞান, সমাজ সম্পর্কে ধারণা এবং সর্বোপরি শিক্ষার লক্ষ্য ও মূল্যবোধ সম্পর্কে ধারণা। আবশ্যিকীয় কোর্স হিসেবে এর সামগ্রিক বিষয়বস্তু ও শিক্ষণ-দর্শন কার্যকর শিক্ষকের মূল যোগ্যতাসমূহ অর্জনে সহায়তা করে যা প্রশিক্ষণার্থী শিক্ষকদের পেশাগত ও একীভূত দৃষ্টিভঙ্গি ব্যবহার করে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বিরাজমান জটিল সমস্যাগুলো সমাধানে ব্রতী করে তোলে। একই সঙ্গে এ কোর্স প্রশিক্ষণার্থী শিক্ষকদেরকে সহকর্মীদের সহযোগিতায় এবং প্রতিফলন অনুশীলনের মাধ্যমে চলমান ব্যক্তিক ও পেশাগত উন্নয়ন নিশ্চিত করতে সহায়ক হবে। আশা করা যায় যে, এ কোর্স প্রশিক্ষণার্থীগণকে পাঠদান অনুশীলনে জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও দক্ষতা প্রয়োগের মাধ্যমে শিক্ষাদানের যোগ্যতা ও সামর্থ্য নিবিড়ভাবে অর্জন করতে সহায়তা করবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- প্রশিক্ষণার্থী শিক্ষকদের শিক্ষাক্রম ও বিষয়বস্তুর লক্ষ্য, উদ্দেশ্য ও শিখন ফল পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।
- প্রশিক্ষণার্থীকে কার্যকর ও টেকসই শিখনের জন্য শ্রেণিকক্ষে সংগঠিত ও পরিচালনা করতে সহায়তা করা।
- প্রশিক্ষণার্থীকে যোগাযোগ দক্ষতা বিশেষ করে কার্যকরভাবে প্রশ্নকরণ ও ব্যাখ্যাকরণ দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা।
- শিক্ষকের বয়স, সামর্থ্য এবং মানসিক ও শারীরিক সুস্থতার প্রেক্ষিতে প্রশিক্ষণার্থীদের প্রস্তুত করা।
- প্রশিক্ষণার্থী শিক্ষকদেরকে মূল্যায়ন, প্রশ্ন প্রণয়ন, মূল্যায়ন, ফলাফল সংরক্ষণ এবং শিখনের ফলাবর্তন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষণার্থী শিক্ষকদেরকে বিষয়জ্ঞান ও শেখানোর পদ্ধতি ও কৌশল সম্পর্কে যথাযথ জ্ঞান ও দক্ষতা অর্জনে সহায়তা প্রদান।
- প্রশিক্ষণার্থী শিক্ষকদেরকে নতুন মাধ্যমিক শিক্ষাক্রম, সাম্প্রতিক শিক্ষাসংশ্লিষ্ট ইস্যু যেমন একীভূত শিক্ষা, জীবনদক্ষতাভিত্তিক শিক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কে সচেতন করা।

- মাধ্যমিক স্তরের শিক্ষক যোগ্যতাসমূহ বিশ্লেষণের পাশাপাশি যোগ্যতাগুলো অর্জন এবং নিজেদের মধ্যে উক্ত যোগ্যতাগুলোর প্রতিফলন ঘটাতে সামর্থ্য বৃদ্ধি করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: জাতীয় শিক্ষানীতি ২০১০ ও মাধ্যমিক শিক্ষাক্রম ২০১২ পর্যালোচনা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জাতীয় শিক্ষানীতি ২০১০-এর মূল বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ করতে পারবেন।
- ২) মাধ্যমিক শিক্ষাক্রম ২০১২-এর লক্ষ্য, বিষয়বস্তু ও শিখনফল তুলনামূলকভাবে ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) শিক্ষাক্রমের উপাদানসমূহ শিখন-শেখানো কার্যক্রমের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারবেন।

##### বিষয়বস্তু

- জাতীয় শিক্ষানীতি ২০১০ পর্যালোচনা: মাধ্যমিক শিক্ষা, শিক্ষক প্রশিক্ষণ
- জাতীয় শিক্ষাক্রম ২০১২ পর্যালোচনা: শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য, বিষয়বস্তু, শিখনফল, শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল, মূল্যায়ন

#### ইউনিট ৩.২: শিখন-শেখানোর জন্য বিশ্বাস ও মূল্যবোধ

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিখন-শেখানোর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিগত বিশ্বাস ও মূল্যবোধ চিহ্নিত করতে পারবেন।
- ২) শ্রেণিকক্ষ কার্যক্রমে বিশ্বাস ও মূল্যবোধের প্রভাব বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) পেশাগত উন্নয়নের জন্য ব্যক্তিগত লক্ষ্য নির্ধারণ করতে পারবেন।

##### বিষয়বস্তু

- শিখন-শেখানো বিশ্বাস ও মূল্যবোধের তাৎপর্য ও এর প্রভাব
- শিখন-শেখানো সম্পর্কিত ব্যক্তিগত বিশ্বাস ও মূল্যবোধের উপর আলোচনা, পর্যালোচনা ও সংশোধন
- শিখন-শেখানো সম্পর্কিত সাধারণ বিশ্বাসসমূহ শনাক্তকরণ ও অনুশীলন
- শিক্ষক হিসেবে পেশাগত উন্নয়নের জন্য ব্যক্তিগত লক্ষ্য নির্ধারণ

#### ইউনিট ৩.৩: শিক্ষক যোগ্যতা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) আদর্শ শিক্ষকের যোগ্যতার প্রধান বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করতে পারবেন।

- ২) বাংলাদেশের মাধ্যমিক শিক্ষকের যোগ্যতার ক্ষেত্রগুলো বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) নিজের পেশাগত যোগ্যতার শক্তি ও দুর্বলতা চিহ্নিত করতে পারবেন।

#### বিষয়বস্তু

- যোগ্যতার ধারণা ও বৈশিষ্ট্য
- আদর্শ শিক্ষক যোগ্যতাসমূহের ধারণা
- শিক্ষক যোগ্যতার প্রয়োজনীয়তা
- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষক যোগ্যতা বিবেচনা করা এবং বি.এড শিক্ষাক্রমে নির্ধারিত যোগ্যতাসমূহ পর্যালোচনা করা:
  - ✓ পেশাগত জ্ঞান
  - ✓ পেশাগত অনুশীলন
  - ✓ শিক্ষাগত পেশায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
  - ✓ পেশাগত নৈতিকতা ও মূল্যবোধ

#### ইউনিট ৩.৪: আন্তঃব্যক্তিক ও যোগাযোগ দক্ষতা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কার্যকর যোগাযোগের মৌলিক উপাদানগুলো শ্রেণিকক্ষে প্রয়োগ করতে পারবেন।
- ২) শিক্ষার্থীর সঙ্গে ইতিবাচক সম্পর্ক গঠনে ফিডব্যাক কৌশল ব্যবহার করতে পারবেন।
- ৩) মৌখিক ও অমৌখিক যোগাযোগ দক্ষতা প্রদর্শন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- আন্তঃব্যক্তিক ও যোগাযোগ দক্ষতার ধারণা
- শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে ইতিবাচক সম্পর্কের ভূমিকা ও গুরুত্ব
- ফিডব্যাক গ্রহণ ও প্রদান পদ্ধতি: জন হেরন ফিডব্যাক মডেল
- ভূমিকাভিনয় কৌশলের মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান
  - ✓ সম্ভাষণ কৌশল
  - ✓ মৌখিক অভিব্যক্তি ও শারীরিক ভাষা
- শোনার দক্ষতার অনুশীলন ও আবিষ্কার
- কণ্ঠস্বর; উচ্চ ও নিম্নস্বর, বিরতি ব্যবহার ও অনুশীলন
- সাদা-কালো বোর্ড ব্যবহারের দক্ষতা

## ইউনিট ৩.৫: শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কার্যকর শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার কৌশলগুলো প্রয়োগ করতে পারবেন।
- ২) শ্রেণিকক্ষে শৃঙ্খলা রক্ষায় ইতিবাচক কৌশল নির্বাচন করতে পারবেন।
- ৩) শ্রেণিকক্ষে সময় ও শিক্ষার্থী ব্যবস্থাপনা পরিকল্পনা করতে পারবেন।

### বিষয়বস্তু

- আদর্শ শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার ধারণা, কৌশল ও গুরুত্ব
- শ্রেণিকক্ষের পরিবেশ: অভ্যন্তরীণ, বাহ্যিক ও সামাজিক দিক
- বিদ্যমান সম্পদের সর্বোচ্চ ব্যবহার ও নিরাপত্তার জন্য কৌশল নির্ধারণ
- শিক্ষার্থী আচরণ নীতিমালা নির্ধারণ
- পুরস্কার ও শাস্তি প্রদান: ইতিবাচক ও নেতিবাচক দিক
- প্রতিরোধমূলক শৃঙ্খলা দক্ষতা অনুশীলন
- সমস্যা সৃষ্টিকারী শিক্ষার্থীদের সাথে ব্যবহার
- অধিকসংখ্যক শিক্ষার্থী সম্বলিত শ্রেণির বৈশিষ্ট্য ও অংশগ্রহণ নিশ্চিতকরণের কৌশল
- জেতার অন্তর্ভুক্তিকরণ নিশ্চিতকরণের কৌশল
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের চাহিদা নিরূপণ ও সমাধানের উপায় অনুসন্ধান
- সময় ব্যবস্থাপনা

## ইউনিট ৩.৬: শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল ব্যবহার দক্ষতা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিভিন্ন শিখন-শেখানোর পদ্ধতির মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারবেন।
- ২) শিখন চাহিদা অনুযায়ী শিক্ষার্থী- কেন্দ্রিক কৌশল শ্রেণিকক্ষে প্রয়োগ করতে পারবেন।
- ৩) নির্দিষ্ট পাঠের জন্য উপযুক্ত কৌশল নির্বাচন করতে পারবেন।

### বিষয়বস্তু

- শিক্ষা- শেখানো পদ্ধতির ধারণা ও প্রকারভেদ
- শিক্ষা সূত্রগুলোকে শিখন-শেখানো পদ্ধতি ও কৌশলে রূপান্তর
- শিক্ষক- কেন্দ্রিক ও শিক্ষার্থী- কেন্দ্রিক পদ্ধতির মধ্যে পার্থক্য
- শিখন-শেখানো কার্যাবলিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের গুরুত্ব
- শিখন-শেখানো কার্যাবলি ও কৌশল অনুশীলন

✓ মাথা খাটানো	✓ ভূমিকাভিনয়
✓ মাইন্ড ম্যাপিং	✓ একক কাজ
✓ দলীয় আলোচনা	✓ পোস্ট বক্স অ্যাক্টিভিটি
✓ দলীয় প্রকল্প/অনুসন্ধান	✓ কার্যকর দল পুনর্বিন্যাস (Expert Jigsaw)
✓ সতীর্থ শিক্ষণ	✓ সমস্যা সমাধান
✓ অনুশিক্ষণ	✓ সাক্ষাৎকার
✓ সাদৃশ্যমূলক শিক্ষণ	

### ইউনিট ৩.৭: পাঠ পরিকল্পনা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনার প্রয়োজনীয় উপাদানসমূহ চিহ্নিত করতে পারবেন।
- ২) নির্দিষ্ট শিখনফল অনুযায়ী একটি কার্যকর পাঠ পরিকল্পনা তৈরি করতে পারবেন।
- ৩) পাঠে উচ্চতর চিন্তন দক্ষতা উন্নয়নের কৌশল অন্তর্ভুক্ত করতে পারবেন।

#### বিষয়বস্তু

- উত্তম ও আদর্শ পাঠ পরিকল্পনার প্রয়োজনীয় উপাদানগুলো সনাক্তকরণ ও অনুশীলন
- প্রদর্শন, দলীয় কাজ ও একক কাজের মাধ্যমে একটি বিশ্লেষণধর্মী ও পর্বভিত্তিক পাঠ পরিকল্পনা প্রণয়ন
- অনুশিক্ষণ ও ছদ্ম শিখনের মাধ্যমে একক কাজ, জোড়ায় ও দলীয় কাজ, অভিনয়, মাথা খাটানো, দলীয় আলোচনাসহ বিভিন্ন কৌশল অনুশীলন
- মাধ্যমিক বিদ্যালয়গুলোর শ্রেণিকক্ষে ব্যবহার উপযোগী অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল প্রয়োগের দক্ষতা অনুসন্ধান
- শিক্ষার্থীদের নির্দেশনা প্রদানের কৌশল অনুশীলন: সুস্পষ্টতা, ধারাবাহিকতা, লিখিত ও মৌখিক
- শ্রেণিকক্ষে মৌখিক প্রশ্নকরণ: ধারণা ও অনুশীলন
- উচ্চতর চিন্তন দক্ষতা বৃদ্ধির কৌশল
- বিভিন্ন ধরনের প্রশ্ন: উন্মুক্ত, বদ্ধ ও বৈচিত্রময় প্রশ্ন
- ব্লুমের শ্রেণিবিন্যাস বিদ্যার আলোকে সৃজনশীল প্রশ্ন বিবেচনা
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিতকরণের উপায়
- শিক্ষার্থীদের মনোযোগ ও আগ্রহ ধরে রাখার কৌশল
- অসবেল (Osbel)- অগ্রগামী সংগঠকের উদ্দেশ্য
- শিক্ষার্থীদের পূর্বজ্ঞান ও অভিজ্ঞতার সাথে সংযোগ স্থাপনের উপায়

### ইউনিট ৩.৮: শিক্ষণ সহায়ক উপকরণ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ উপযোগী উপযুক্ত বিভিন্ন শিখন সহায়ক উপকরণ চিহ্নিত করতে পারবেন।

- ২) পাঠের প্রয়োজনে উপযুক্ত সহায়ক উপকরণ ব্যবহার করতে পারবেন
- ৩) সহজ শিখন উপকরণ নিজে তৈরি করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিখন সামগ্রী ও শিখন সহায়ক উপকরণের ধারণা
- শিড়্গাণ সহায়ক উপকরণের প্রদর্শন ও কার্যকর ব্যবহার
- শিড়্গাক সৃষ্ট উপকরণ: সংগ্রহ, প্রস্তুতকরণ ও সংগঠন
- শিড়্গার্থী সৃষ্ট উপকরণ: উপকরণ তৈরিতে শিড়্গার্থীদের ব্যবহার এবং উপকরণ সংরড়্গাণের উপায়

#### ইউনিট ৩.৯: পেশাগতভাবে উন্নয়নের উপায় ও দক্ষতা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পেশাগত উন্নয়নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।
- ২) ব্যক্তিগত পেশাগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে পারবে।
- ৩) প্রতিফলনমূলক ডায়েরি ব্যবহার করে নিজের দক্ষতা মূল্যায়ন করতে পারবে।

##### বিষয়বস্তু

- শিক্ষকের পেশাগত উন্নয়নের ধারণা ও গুরুত্ব
- পেশাগত উন্নয়নের উপাদান
- চাকুরিপূর্ব প্রশিক্ষণ, চাকুরিকালীন প্রশিক্ষণ ও ধারাবাহিক পেশাগত উন্নয়ন
- পেশাগত উন্নয়নে শিক্ষক প্রশিক্ষকের ভূমিকা
- পেশাগত শিখন সমাজ (পিএলসি) এবং এর গুরুত্ব
- ব্যক্তিগত প্রতিফলন দিনলিপি প্রয়োজনীয়তা ও উন্নয়ন কৌশল
- প্রশিক্ষণার্থীর প্রতিফলন দিনলিপি, পাঠদান অনুশীলন জার্নাল, শিক্ষক প্রশিক্ষকদের পর্যবেক্ষণ
- চেকলিস্ট: পর্যবেক্ষণ ও অনুশীলন

#### ৪। শিখন- শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ আলোচনা পদ্ধতি
- ❖ দলগত কাজ
- ❖ কেস স্টাডি
- ❖ সমস্যা সমাধানভিত্তিক শেখন
- ❖ প্রকল্পভিত্তিক শেখন
- ❖ রোল প্লে
- ❖ ডেমোনস্ট্রেশন
- ❖ মাইক্রো টিচিং
- ❖ কনসেপ্ট ম্যাপিং ও মাইন্ড ম্যাপিং
- ❖ রিফ্লেকটিভ লার্নিং

## ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স- ১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল/চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

মালেক, মারিয়াম, ইসলাম ও রিয়াদ (২০১৫), *শিক্ষাবিজ্ঞান ও বাংলাদেশে শিক্ষা*, পঞ্চম সংস্করণ, রয়ান পাবলিশার্স, ঢাকা।

এহসান, মোঃ আব্দুল (১৯৯৭), *শিক্ষাক্রম উন্নয়ন: নীতি ও পদ্ধতি*, ছাত্রবন্ধু লাইব্রেরি, ঢাকা।

মিয়া ওহাব, এম. এ. (২০০৪), *শিক্ষাক্রম ও মূল্যায়ন*, বাংলা একাডেমি, ঢাকা।

রায়, সুশীল (২০০৫), *শিক্ষণ ও শিক্ষা প্রসঙ্গ*, সোমা বুক এজেন্সি, কলকাতা।

প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম (২০১১), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

প্রাথমিক শিক্ষাক্রম (২০১২), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

মাধ্যমিক শিক্ষাক্রম (২০১২), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

Kelly, A. V. (2004). *The Curriculum: Theory and Practice*, SAGE Publication

Rahman, (1987). *Curriculum Process*, Bishaw Parichaya, Dhaka

Seguin, (1991). *Curriculum Development and Implementation of Teaching*

*Programmes*, Division of Higher Education and Research, UNESCO, Paris

Sharma, D.V. (1995). *Towards Quality Secondary Education*, Vikas Publishing House Pvt Ltd, New Delhi

Smith, O.W. and Shores, H. J. (1957). *Fundamentals of Curriculum Development*, World Book, Chicago

Taba, (1962). *Curriculum Development*, Harcourt, Brace and World, Inc; New York

Wiles, J. W. and Bondi, C. (2010). *Curriculum Development: A Guide to Practice*, Prentice Hall,

## শিখন ও শিখনযাচাই

কোর্স কোড	৮১২২০৫	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	শিখন ও শিখনযাচাই		

### ১। কোর্সের বিবরণ

একজন আদর্শ শিক্ষক শ্রেণিতে পাঠদান শেষে শিক্ষার্থীরা শিখনফল সঠিকভাবে অর্জন করতে পেরেছে কিনা সেটা যাচাই করে থাকেন। শিক্ষার্থীদের সঠিকভাবে যাচাই করার জন্য শিখনযাচাই ও মূল্যায়নের কৌশলগুলো জানা ও রপ্ত করার সুযোগ ও পরিবেশ গড়ে তোলা দরকার। বিভিন্ন ধরনের শিখনযাচাই কৌশল যথাযথ প্রয়োগের মাধ্যমেই শিক্ষার্থী এবং শিখন-শেখানো কার্যক্রমের ফলাফল পাওয়া যায়। বিদ্যালয়ভিত্তিক শিখনযাচাই কিংবা ধারাবাহিক মূল্যায়ন কী, এটা কীভাবে শিখন-শেখানোকে প্রভাবিত করে থাকে, শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করে থাকে—তা জানা থাকলে শিক্ষক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও নির্দেশনা প্রদানের মাধ্যমে শিখন-শেখানো কার্যক্রমকে সফল করে তুলতে পারেন। একজন সচেতন শিক্ষক তাঁর পেশাগত উন্নয়নের লক্ষ্যে প্রতিদিন শ্রেণি-কার্যক্রম শেষে তাঁর নিজ বিবেচনার আয়নায় তাঁর কার্যক্রমের প্রতিফলন দেখতে চেষ্টা করেন। শ্রেণি কার্যক্রমের কোন কোন দিক তিনি সফলভাবে সম্পাদন করেছেন, কোন কোন দিকে তাঁর দুর্বলতা ছিল, শিক্ষার্থীদের প্রাণবন্ত সাড়া ছিল কিনা, উপকরণের ব্যবহার যথাযথ ছিল কিনা, শিক্ষার্থীদের প্রত্যাশা কী তিনি মেটাতে সক্ষম হয়েছেন, বাড়ির কাজগুলো কি শিক্ষাক্রমের চাহিদা পূরণকারী ছিল ইত্যাদি। উক্ত নানাবিধ চিন্তার আলোকে তাঁর নিজস্ব প্রতিফলন লিপিবদ্ধ করার মাধ্যমে শিক্ষক তাঁর পেশাগত উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সক্ষম হবেন। প্রতিফলনমূলক অনুশীলনের মাধ্যমে শিক্ষক শিখন কার্যক্রম ও পেশাগত উন্নয়ন করতে সক্ষম হবেন।

### ২। কোর্সের উদ্দেশ্য

- শিখনের কিছু গুরুত্বপূর্ণ মনোবৈজ্ঞানিক তত্ত্ব সম্পর্কে অবহিত হতে এবং এর সাথে শ্রেণি শিখনের অভিযোজন ঘটাতে সক্ষম করা।
- প্রচলিত দুটি গুরুত্বপূর্ণ মনোবৈজ্ঞানিক তত্ত্ব (আচরণবাদ ও জ্ঞানমূলক উন্নয়ন) যেগুলোর প্রভাবে বাংলাদেশের মাধ্যমিক স্তরে শিখন- শেখানো, পাঠ্যপুস্তকের ধরণ এবং মূল্যায়নের অনুশীলনের রূপ পরিবর্তিত হচ্ছে সে সম্পর্কে অবগত হবে।
- বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাস্তরে শিখন যাচাইয়ের ব্যবস্থা ও কৌশল সম্পর্কে ধারণা লাভ করবে।
- শিখনযাচাইয়ের রেকর্ড ও রিপোর্ট করার ফলপ্রসূ ব্যবস্থা ব্যবহারে এবং শিক্ষার্থীদের স্ব-মূল্যায়নে উৎসাহিত করার মাধ্যমে ধারাবাহিক শিখন যাচাইয়ে একজন শিক্ষকের দায়িত্ব সম্পর্কে অভিজ্ঞতা লাভ করবে।
- ধারাবাহিক শিখনযাচাই-এর গুরুত্ব উপলব্ধির মাধ্যমে শিক্ষার্থীদের প্রতি বিশেষ ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা অনুধাবন করবে।

- শিখন-শেখানো কার্যক্রমের উন্নয়নের জন্য প্রতিফলনমূলক অনুশীলনের গুরুত্ব এবং এর বিভিন্ন পদক্ষেপের কার্যকারিতা সম্পর্কে অবগত হবে।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া (শিক্ষার্থীরা কীভাবে শেখে)

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিখন সম্পর্কে ধারণা কীভাবে গঠিত হয় তা ব্যাখ্যা করতে পারবে এবং ব্যক্তিগত অভিজ্ঞতার সঙ্গে সম্পৃক্ত করতে পারবেন
- ২) শিখন-শেখার উপযোগী শর্তগুলো চিহ্নিত করতে পারবে এবং শিখন কার্যক্রমে তাদের প্রয়োগ করতে পারবেন
- ৩) মাধ্যমিক শিক্ষাক্রমের শিখনের ধাপগুলো বিশ্লেষণ করতে পারবে এবং শিখন-শেখার পরিকল্পনার সঙ্গে সমন্বয় করতে পারবেন

##### বিষয়বস্তু

- শিখন সম্পর্কে ধারণা পরিস্ফুটন ও পরিশোধন
- শিখনের শর্ত চিহ্নিতকরণ
- মাধ্যমিক শিক্ষাক্রমের শিখনের সাথে পরিচিতিকরণ এবং শিখন-শেখানোর সাথে সম্পৃক্তকরণ ও সমন্বয়করণ

#### ইউনিট ৩.২: দুটি গুরুত্বপূর্ণ শিখন মতবাদ

##### ৩.২.১: আচরণবাদ

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) থর্নডাইক, প্যাভলভ ও স্কিনারের শিখন তত্ত্বগুলোর মূলনীতি বর্ণনা করতে পারবেন
- ২) আচরণবাদী শিখন তত্ত্বের উপাদানগুলো বাস্তব শিখন পরিস্থিতির সঙ্গে বিশ্লেষণ করতে পারবেন
- ৩) মাধ্যমিক স্তরের পাঠদান কার্যক্রমে আচরণবাদী কৌশলগুলো প্রয়োগ করতে পারবেন

##### বিষয়বস্তু

- সংযোজনবাদ (থর্নডাইক)
- সাপেক্ষ প্রতিবর্তবাদ (প্যাভলভ)
- করণ শিখন (স্কিনার)

- মাধ্যমিক স্তরের শিখন- শেখানো প্রক্রিয়ায় শিখনের আচরণবাদী তত্ত্বসমূহের ভূমিকা।

### ৩.২.২: জ্ঞান বিকাশ মতবাদ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পিয়াঁজে, ব্রনার, অসবেল, ভাইগোটস্কি, অসবর্ন-উইট্রকের তত্ত্বসমূহ ব্যাখ্যা করতে পারবেন
- ২) জ্ঞান বিকাশ তত্ত্ব অনুসারে শিক্ষার্থীর চিন্তনস্তর চিহ্নিত করতে পারবেন
- ৩) সামাজিক গঠনবাদ ও জ্ঞান বিকাশ তত্ত্বের আলোকে শ্রেণিকক্ষ কার্যক্রম পরিকল্পনা ও প্রয়োগ করতে পারবেন

#### বিষয়বস্তু

- জ্যাঁ পিয়াঁজে এর শিখন তত্ত্ব
- ব্রনার এর শিখন তত্ত্ব
- অসবেল এর শিখন তত্ত্ব
- সামাজিক গঠনবাদ (ভাইগোটস্কি)
- অসবর্ন ও উইট্রক এর মতবাদ
- মাধ্যমিক স্তরের শিখন- শেখানো কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সামাজিক গঠনবাদ ও জ্ঞান বিকাশ মতবাদের ভূমিকা

### ইউনিট ৩.৩: বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যে গঠনবাদী ধারণার প্রয়োগ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অংশগ্রহণমূলক ও সতীর্থ শিখন কৌশলগুলো ব্যাখ্যা করতে পারবে এবং শ্রেণিকক্ষে প্রয়োগ করতে পারবেন
- ২) দলগত কাজ ও সম্মিলিত শিখনের (Johnson & Johnson) ধাপগুলো বিশ্লেষণ করতে পারবেন
- ৩) মাইন্ডম্যাপ ও কনসেপ্ট ম্যাপ ব্যবহার করে বিমূর্ত চিন্তন দক্ষতা উন্নত করতে পারবেন এবং শিক্ষার্থীদের মাধ্যমে প্রদর্শন করতে পারবেন

#### বিষয়বস্তু

- অংশগ্রহণমূলক ও সতীর্থ শিখন
- দলগত কাজ- সম্মিলিত শিখন (জনসন এন্ড জনসন)
- বিমূর্ত জ্ঞানমূলক দক্ষতা
- অংশগ্রহণমূলক পদ্ধতিতে শিক্ষার্থীদের মধ্যে দলীয় চেতনা, সতীর্থদের চিন্তনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন
- বিমূর্ত চিন্তনমূলক দক্ষতা অর্জনে মাইন্ডম্যাপ ও কনসেপ্ট ম্যাপের যথোপযুক্ত ব্যবহার

## ইউনিট ৩.৪: পরিমাপ, মূল্যায়ন ও মূল্যযাচাই

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পরিমাপ, শিখনযাচাই ও মূল্যায়নের পার্থক্য স্পষ্টভাবে ব্যাখ্যা করতে পারবেন
- ২) গাঠনিক ও সামষ্টিক শিখনযাচাই প্রক্রিয়া চিহ্নিত করতে ও প্রয়োগ করতে পারবেন
- ৩) স্বচ্ছতা, যথার্থতা, নির্ভরযোগ্যতা ইত্যাদি নীতির আলোকে একটি উত্তম মূল্যায়ন পদ্ধতি বিশ্লেষণ করতে পারবেন

### বিষয়বস্তু

- পরিমাপ, শিখনযাচাই ও মূল্যায়নের ধারণা
- গাঠনিক (ধারাবাহিক) ও সামষ্টিক (প্রান্তিক) শিখনযাচাই
- শিক্ষা প্রতিষ্ঠান বা পরীক্ষা ব্যবস্থাপনা তদারকি/তত্ত্বাবধানের জন্য শিখনযাচাই
- 4) Integrate technology with communicative language teaching.

### **Contents**

- Using ICT resources in language classrooms
- ICT tools for language classrooms
- Digital content: preparation and use
- Exploring online resources

## **Unit 3.12: Continuous Professional Development of language teachers**

### **Learning Outcomes**

After completing this unit, the trainees will be able to:

- 1) Identify strategies for continuous professional development.
- 2) Practice self-study and reflective teaching techniques.
- 3) Conduct small-scale action research to improve teaching practices.
- 4) Develop a personal plan for ongoing professional growth.

### **Contents**

- Means of self-development
- Ways to develop professionally
- Self-study skills
- Reflection
- Action research

## **4. Teaching-Learning Strategies and Methods**

- |                                   |  |
|-----------------------------------|--|
| ❖ Interactive speaking activities | ❖ Dictation                                      |
| ❖ Presentation                    | ❖ Use of Flash Card/Vip card                     |
| ❖ Project                         | ❖ Summarisation of listening and reading content |
| ❖ Chain Drill                     | ❖ Use of authentic materials                     |
| ❖ Tongue Twister                  |  |

- ❖ Gallery walk
- ❖ Story Telling
- ❖ C.L.I.L
- ❖ Picture describing
- ❖ Picture reading
- ❖ Information passing
- ❖ Daily writing prompts
- ❖ Reflective work
- ❖ Hotseat
- ❖ Rewrite a short story
- ❖ Reading aloud
- ❖ Transforming a text into a dialogue

## 6. Mark Distribution

Internal Assessment – 40 marks	Final Examination – 60 marks
In-course tests (15 × 2): 30 marks	Semester Final
Assignment : 5 marks	Short-answer questions: 20 marks
Attendance : 5 marks	Long-answer questions: 40 marks

## 7. Reference Books, Reports and Journals

- Cook, V. (2001), *Second language learning and testing*. UPL: New York.
- Brown, D. H. (1994), *Principles of language learning and teaching*. New Jersey: Prentice Hall.
- Grellet, F. (1995), *Developing Reading Skills*, Great Britain: Cambridge University Press
- Littlewood, W. (1988), *Communicative language teaching: an introduction*, Cambridge: Cambridge University Press.
- Munby, J. (1997), *Communicative syllabus design*, UK: Cambridge University Press.
- McDonough, J & Shaw, C. (1993), *Materials and Methods in ELT: A Teacher's Guide*, Blackwell Publishing, India
- Ministry of Education (2008), *Teaching English: Secondary Teacher Training (module 1)*, Dhaka: Commercial Art Press
- Ministry of Education. (2008), *Teaching English: Secondary Teacher Training (module 3)*, Dhaka: Commercial Art Press.
- Nagaraj, G. (2003), *English Language Teaching: Approaches Methods Techniques*, Orient Longman Private Limited, Kolkata
- Rixon, S. (2000). *Developing Listening Skill*, Macmillan, London

কোর্স কোড	৮২২২২৫	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিক্ষণ		

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিখন

### ১। কোর্সের বিবরণ

দেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতি সম্পর্কে জানা, লালন ও চর্চা করা এবং দেশাত্মবোধে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে ইতিহাস শিখন-শেখানোর গুরুত্ব অপরিসীম। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় প্রাথমিক স্তর থেকে শুরু করে উচ্চ শিক্ষা স্তর পর্যন্ত ইতিহাস শিখন-শেখানোর ধারাবাহিকতা রয়েছে। যে কোনো স্তরে যে কোনো বিষয় কার্যকরভাবে শিখন-শেখানোর অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হলো প্রশিখনপ্রাপ্ত উপযুক্ত শিক্ষক। দেশের প্রাথমিক প্রশিক্ষণ ইনস্টিটিউটগুলো (পিটিআই) বর্তমানে ডিপ্লোমা-ইন-প্রাইমারি এডুকেশন (ডিপ-ইন-এড) কার্যক্রমের মাধ্যমে প্রাথমিক স্তরের বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়সহ অন্যান্য বিষয় শিখন-শেখানোর জন্য প্রশিক্ষিত শিক্ষক তৈরির প্রচেষ্টা অব্যাহত রেখেছে। তেমনি মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণের জন্য দেশের সরকারি ও বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজসমূহে (টিটিসি) ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রাম পরিচালিত হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ও বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজসমূহের এক বছর মেয়াদি ব্যাচেলর অব এডুকেশন (বিএড) কার্যক্রমে শুরু থেকেই ইতিহাস বিষয় এবং এর শিক্ষাক্রম অন্তর্ভুক্ত রয়েছে। চব্বিশের জুলাই বিপ্লবোত্তরকালে অন্যান্য বিষয়ের মতো ইতিহাস বিষয়ের শিক্ষাক্রমও পরিমার্জিত হয়েছে। এর অন্যতম প্রধান উদ্দেশ্য হলো মাধ্যমিক স্তরের বিএড শিক্ষাক্রমে সঠিকভাবে ইতিহাস বিষয় উপস্থাপন করা এবং শিখন-শেখানোর জন্য উপযুক্ত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধসম্পন্ন যোগ্য ইতিহাস শিক্ষক তৈরি করা। ইতিহাস কোর্সটি বিএড কার্যক্রমের একটি নৈর্বাচনিক বিষয়। এই কোর্সের মাধ্যমে ভবিষ্যৎ ইতিহাস শিক্ষকগণ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস শিক্ষাক্রমের সঙ্গে সম্যকভাবে পরিচিত হবেন। একই সঙ্গে শিক্ষক প্রশিক্ষার্থীগণ ইতিহাস শিক্ষাদানের বিভিন্ন পদ্ধতি ও কৌশল, শিখন-শেখানো সামগ্রীর যথাযথ ব্যবহার এবং পাঠ পরিকল্পনা তৈরি করে আনন্দদায়ক ও অংশগ্রহণমূলক শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করতে পারবেন। এছাড়াও প্রশিক্ষার্থীগণ একীভূত শেখানো, জেডার, ইতিহাস শিক্ষাদানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার, সহশিক্ষাক্রমিক কার্যাবলি সংগঠন, সকলের জন্য শিক্ষার সমান সুযোগ সৃষ্টি ইত্যাদি সম্পর্কে জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সক্ষম হবেন।

### ২। কোর্সের উদ্দেশ্য

- ইতিহাস শিখন-শেখানোর মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বিকশিত করা।
- ইতিহাস শিক্ষার মাধ্যমে ধর্মীয়, সাংস্কৃতিক, নৈতিক ও সামাজিক মূল্যবোধ, দেশাত্মবোধ এবং অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করা।

- ইতিহাস পঠন-পাঠনের মাধ্যমে শিক্ষার্থীদের উপার্জনমুখী, স্বকর্মসংস্থান ও ব্যবহারিক জীবনে ইতিহাসের জ্ঞান ও কৌশল প্রয়োগে সক্ষম করা।
- ইতিহাস পঠন-পাঠনের মাধ্যমে দেশের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক সমস্যা জানার ও বোঝার আগ্রহ সৃষ্টি করা এবং দেশীয় প্রেক্ষাপটে এসব সমস্যার সমাধানে সক্ষম করা।
- ইতিহাস পঠন-পাঠনের মাধ্যমে দেশাত্মবোধ জাগ্রত করার মাধ্যমে জাতীয় উন্নয়ন ও পুনর্গঠনে শিক্ষার্থীদের অংশগ্রহণের আগ্রহ সৃষ্টি করা।
- জাতীয় ইতিহাস ও ঐতিহ্যের প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল করে তোলা।
- ইতিহাস শিক্ষার মাধ্যমে বাস্তব জীবনে সততা ও ন্যায্যচর্চায় উদ্বুদ্ধ করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক বিদ্যালয়ে ইতিহাস

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস শিক্ষাক্রমের স্বরূপ ও বৈশিষ্ট্য উদ্ঘাটন করতে পারবেন।
- ২) মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস শিক্ষাক্রমের শিখনফল ও বিষয়বস্তু শনাক্ত করতে পারবেন।
- ৩) মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক যথার্থভাবে নির্বাচন করতে পারবেন।
- ৪) মাধ্যমিক পর্যায়ের ইতিহাস শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা, বিষয়জ্ঞান, পেশাগত দক্ষতা ও নৈতিক মূল্যবোধ চিহ্নিত ও মূল্যায়ন করতে পারবেন

##### বিষয়বস্তু

- মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস শিক্ষাক্রমের স্বরূপ ও বৈশিষ্ট্য
- মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস শিক্ষাক্রমের শিখনফল ও বিষয়বস্তু
- মাধ্যমিক শিক্ষাক্রমে ইতিহাস পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক
- ইতিহাস শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা, বিষয় দক্ষতা, পেশাগত যোগ্যতা ও নৈতিক মূল্যবোধ

#### ইউনিট ৩.২: প্রাচীন বাংলার ইতিহাস (খ্রি. পূর্ব ৩২৬ - ১২০৪. খ্রি)

##### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) ইতিহাসের সংজ্ঞা বলতে পারবেন।
- ২) ইতিহাসের বিষয়বস্তু ও পরিধি ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) প্রাচীন বাংলার জনপদসমূহের গুরুত্ব বর্ণনা করতে পারবেন।

- ৫) প্রাচীন বাংলার রাজনৈতিক ইতিহাস অধ্যয়নের মাধ্যমে গুরুত্বপূর্ণ রাজবংশসমূহের অবদান ব্যাখ্যা করতে পারবেন।
- ৬) প্রাচীন বাংলার আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবন কেমন ছিল তা উল্লেখ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- ইতিহাসের পরিচিতি ও সংজ্ঞা
- ইতিহাসের উৎস, বিষয়বস্তু ও পরিধি
- ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা ও গুরুত্ব
- প্রাচীন বাংলার জনপদসমূহ (বঙ্গ, পুন্ড্র, গৌড়, বারেন্দ্র, সমতট ও হরিকেল)
- প্রাচীন বাংলার রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক জীবন ও সংস্কৃতি

#### ইউনিট ৩.৩: মধ্যযুগের বাংলার ইতিহাস (১২০৪ খ্রি. – ১৭৫৭ খ্রি.)

##### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) মধ্যযুগে বাংলার শাসকদের রাজনৈতিক কর্মকাণ্ড ও পটপরিবর্তনে তাঁদের ভূমিকা বর্ণনা করতে পারবেন।
- ২) মধ্যযুগে বাংলার সমাজ ও সংস্কৃতিতে মুসলিম শাসকদের প্রভাব উল্লেখ করতে পারবেন।
- ৩) মধ্যযুগে বাংলার অর্থনৈতিক কর্মকাণ্ডের চিত্র উপস্থাপন করতে পারবেন।

##### বিষয়বস্তু

- মধ্যযুগের বাংলার রাজনৈতিক ইতিহাস
- মধ্যযুগের বাংলার সামাজিক ইতিহাস
- মধ্যযুগের বাংলার অর্থনৈতিক ইতিহাস
- মধ্যযুগের বাংলার সাংস্কৃতিক ইতিহাস

#### ইউনিট ৩.৪: ইংরেজ শাসনে বাংলায় প্রতিরোধ, নবজাগরণ ও সংস্কার আন্দোলন

##### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) ভারতবর্ষে ইংরেজ শাসনের ফলে সৃষ্ট রাজনৈতিক পরিবর্তনসমূহ বিশ্লেষণ করতে পারবেন।
- ২) ইংরেজ শাসনামলে বাংলায় সংঘটিত প্রতিরোধ, নবজাগরণ ও সংস্কার আন্দোলন সম্পর্কে জ্ঞান অর্জনের মাধ্যমে শিক্ষার্থীদের দেশপ্রেমে উদ্বুদ্ধ ও মুক্তচিন্তায় অনুপ্রাণিত করতে পারবেন।

##### বিষয়বস্তু

- বাংলায় ইংরেজ শাসনের সূচনাপর্ব
- ইংরেজ শাসনামলে বাংলায় প্রতিরোধ আন্দোলন (তিতুমীর, ফকির-সন্ন্যাসী বিদ্রোহ, কৃষক বিদ্রোহ, চাকমা ও সাঁওতাল বিদ্রোহ)
- ইংরেজ শাসনামলে বাংলায় নবজাগরণ (ইয়ং বেঙ্গল আন্দোলন)

- ইংরেজ শাসনামলে বাংলায় সংস্কার আন্দোলন (রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, হাজী শরীয়ত উল্লাহ ও সৈয়দ আহমদ খান)

### ইউনিট ৩.৫: ইংরেজ শাসনামলে বাংলার স্বাধিকার আন্দোলন

#### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) ইংরেজ শাসনামলে বাংলার স্বাধিকার আন্দোলন ও এর প্রভাব সম্পর্কে বর্ণনা করতে পারবেন।
- ২) ১৯০৫ সালের বঙ্গভঙ্গের কারণ ও ফলাফল বিশ্লেষণ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- ইংরেজ শাসনামলে বাংলার স্বাধিকার আন্দোলনঃ ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ থেকে খিলাফত ও অসহযোগ আন্দোলন
- ইংরেজ শাসনামলে বাংলার স্বাধিকার আন্দোলনঃ স্বরাজ আন্দোলন থেকে ভারত স্বাধীনতা আইন
- ইংরেজ শাসনামলে বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলন
- বঙ্গভঙ্গ ১৯০৫ ও এর প্রতিক্রিয়া

### ইউনিট ৩.৬: বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিসংগ্রাম থেকে ২০২৪ গণঅভ্যুত্থান

#### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) ভাষা আন্দোলনের তাৎপর্য বর্ণনা করতে পারবেন।
- ২) পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্যমূলক নীতিসমূহ উল্লেখ করতে পারবেন।
- ৩) ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের পটভূমি ও ফলাফল ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ করতে পারবেন।
- ৫) ১৯৭১ সালের অসহযোগ আন্দোলন সম্পর্কে বর্ণনা করতে পারবেন।
- ৬) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পটভূমি ব্যাখ্যা করতে পারবেন।
- ৭) ১৯৯০ সালের গণআন্দোলনের কারণসমূহ উল্লেখ করতে পারবেন।
- ৮) ২০২৪ সালের জুলাই গণআন্দোলনের প্রেক্ষাপট তুলে ধরতে পারবেন।
- ৯) ২০২৪ সালের জুলাই আন্দোলনের ধারাবাহিক ঘটনাপ্রবাহ বর্ণনা করতে পারবেন।
- ১০) ২০২৪ সালের জুলাই গণআন্দোলনের কারণ ও রাজনৈতিক ইতিহাসের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ১১) জুলাই গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশ রাষ্ট্রের বিভিন্ন সংস্কারের গুরুত্ব উল্লেখ করতে পারবেন।
- ১২) জুলাই আন্দোলন কীভাবে একটি অরাজনৈতিক ও স্বতঃস্ফূর্ত আন্দোলন হিসেবে গণ্য হয় তা ব্যাখ্যা করতে পারবেন।

## বিষয়বস্তু

- ভাষা আন্দোলন
- পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য ও স্বাধিকার আন্দোলন
- ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান ও ১৯৭০ সালের নির্বাচন
- অসহযোগ আন্দোলন ও স্বাধীনতার ঘোষণা
- ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ
- গণহত্যা, প্রতিরোধ ও মুক্তিবাহিনীর ভূমিকা
- স্বাধীনতা-পরবর্তী চ্যালেঞ্জ
- জাতি গঠন
- রাজনৈতিক অস্থিরতা
- গণঅভ্যুত্থান ও গণতান্ত্রিক আন্দোলন
- ১৯৮০-এর দশকের স্বৈরাচারবিরোধী আন্দোলন
- ১৯৯০-এর দশকের গণতন্ত্রের আন্দোলন
- ২০২৪ সালের জুলাই বিপ্লব: প্রেক্ষাপট, কারণ, ধারাবাহিক ঘটনাপ্রবাহ ও গুরুত্ব
- রাজনৈতিক ও সামাজিক সংস্কার
- জুলাই বিপ্লব: একটি অরাজনৈতিক ও স্বতঃস্ফূর্ত আন্দোলন

## ইউনিট ৩.৭: বিশ্বসভ্যতা

### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) প্রাচীন মিশরীয়দের ধর্মীয় ও সামাজিক জীবন কেমন ছিল তা উল্লেখ করতে পারবেন।
- ২) মিশরীয় লিখন পদ্ধতির পরিচয় তুলে ধরতে পারবেন।
- ৩) সিন্ধু সভ্যতার সময়কাল নির্ণয় করতে পারবেন।
- ৪) সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনার বিবরণ দিতে পারবেন।
- ৫) প্রশাসনিক ক্ষেত্রে পারসিকদের অবদান বর্ণনা করতে পারবেন।
- ৬) কনফুসিয়াসের দর্শনতত্ত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৭) বিশ্বসভ্যতায় গ্রীকদের অবদান বর্ণনা করতে পারবেন।
- ৮) আইন ও প্রশাসনিক ক্ষেত্রে রোমানদের অবদান উল্লেখ করতে পারবেন।

## বিষয়বস্তু

বিশ্বসভ্যতা (মিশর, সিন্ধু, পারস্য, চীন, গ্রীক ও রোম)

- মিশরীয়দের ধর্মীয় ও সামাজিক জীবন
- মিশরীয়দের স্থাপত্য ও ভাস্কর্যকলায় অবদান

- মিশরীয় লিখন পদ্ধতি
- সিন্ধু সভ্যতার সময়কাল
- সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনা
- প্রশাসনিক ক্ষেত্রে পারসিকদের অবদান
- কনফুসিয়াসের দর্শনতত্ত্ব
- বিশ্বসভ্যতায় গ্রীকদের অবদান
- আইন ও প্রশাসনিক ক্ষেত্রে রোমানদের অবদান

### ইউনিট ৩.৮: ইতিহাস শিখন-শেখানো পদ্ধতি- কৌশল ও উপকরণের ব্যবহার

#### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) ইতিহাস শিক্ষণে কার্যকর শিখন-শেখানো পদ্ধতি, কৌশল ও উপকরণ নির্বাচন ও প্রয়োগ করতে পারবেন।
- ২) ইতিহাস শিক্ষণে কার্যকর উপকরণ নির্বাচন ও ব্যবহার করতে পারবেন।
- ৩) স্বল্পমূল্য ও বিনামূল্যের উপকরণ সংগ্রহ ও সংরক্ষণ করতে পারবেন।
- ৪) উপকরণ ব্যবহারে 3R (Reduce, Reuse, Recycle) পদ্ধতি প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল
  - ✓ সংক্ষিপ্ত বক্তৃতা ও প্রশ্নোত্তর
  - ✓ আলোচনা ও প্রদর্শন (ছবি, ভিডিও)
  - ✓ ভূমিকা পালন / নাট্যায়ন
  - ✓ মাঠ পরিদর্শন ও প্রতিবেদন জমাদান
  - ✓ ঐতিহাসিক সিমুলেশন
  - ✓ মানচিত্র অঙ্কন, সমস্যা সমাধান
  - ✓ কনসেপ্ট ম্যাপিং ও মাইন্ড ম্যাপিং
  - ✓ একক, জোড়ায় ও দলগত কাজ
  - ✓ থিংক- পেয়ার- শেয়ার
  - ✓ তালিকা প্রণয়ন
  - ✓ জিগস, ডেটা সেট বিশ্লেষণ
  - ✓ প্রকল্প পদ্ধতি
  - ✓ TPACK
- ইতিহাস শিক্ষণে বিভিন্ন উপকরণের ব্যবহার
- শিখন উপকরণ উন্নয়ন: বিবেচ্য বিষয়সমূহ

- শিখন উপকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার

## ইউনিট ৩.৯: ইতিহাস বিষয়ে পাঠ পরিকল্পনা

### শিখনফল

এই ইউনিট শেষে শিক্ষার্থীগণ-

- ১) হারবার্টের ত্রি- সোপান, TPACK মডেল ও SAMR মডেল অনুসরণ করে শ্রেণি-উপযোগী ইতিহাস পাঠ পরিকল্পনা প্রণয়ন করতে পারবেন।
- ২) ইতিহাস শিখন- শেখানোয় পাঠ পরিকল্পনা প্রণয়ন ও ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবেন।

### বিষয়বস্তু

- শিখনফলের ধারণা ও প্রণয়ন কৌশল
- পাঠ পরিকল্পনার ধারণা ও প্রণয়ন কৌশল
- পাঠ পরিকল্পনায় পাঠ্যপুস্তক ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার
- হারবার্টের ত্রি- সোপান
- TPACK মডেল
- SAMR মডেল

## ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ সংক্ষিপ্ত বক্তৃতা ও প্রশ্নোত্তর
- ❖ প্রশ্নোত্তর পদ্ধতি
- ❖ আলোচনা ও প্রদর্শন (ভিডিও, ছবি)
- ❖ ভূমিকা পালন / নাট্যায়ন
- ❖ মানচিত্র অঙ্কন
- ❖ সমস্যা সমাধান
- ❖ কনসেপ্ট ম্যাপিং ও মাইন্ড ম্যাপিং
- ❖ একক, জোড়ায় ও দলগত কাজ
- ❖ থিংক- পেয়ার- শেয়ার
- ❖ তালিকা প্রণয়ন
- ❖ জিগস ও মার্কেট প্লেস কার্যক্রম
- ❖ প্রজেক্ট ওয়ার্ক

## ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

- নাওয়াজ, এ কে এম শাহ (১৯৯৭), *বিশ্ব সভ্যতা (মধ্যযুগ)*, ঢাকা
- এনসিটিবি (২০১৬), *বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা*, ৯ম-১০ম শ্রেণি
- চট্টোপাধ্যায়, শচীন্দ্রনাথ (১৯৫৯). *প্রাচীন মিশর (কলকাতা)*
- চট্টোপাধ্যায়, সুনীল (১৯৮৮). *প্রাচীন যুগের গ্রীসের ইতিহাস*, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্যদ, কলকাতা
- জাতীয় শিক্ষানীতি (২০১০), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- নাওয়াজ, এ কে এম শাহ (১৯৯৬), *বিশ্ব সভ্যতা (প্রাচীন যুগ)*, ঢাকা
- পাঠ্য বইয়ের বানান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- পাঠ্য বইয়ের বানান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- আলম, রফিকুল (২০০১), *বিশ্ব সভ্যতা ও শিল্পকলা*, বাংলা একাডেমী, ঢাকা
- রহমান ও অন্যান্য (২০১০), *বাংলাদেশের ইতিহাস*, ঢাকা
- সরকার, মোনায়েম (১৯৯৬), *বাংলাদেশের মুক্তি সংগ্রাম*, ঢাকা
- রহমান, মো: মাহবুবুর (২০১২), *বাংলাদেশের ইতিহাস ১৯৪৭-৭১*, সময় প্রকাশ, ঢাকা
- হাসান, সৈয়দ মাহমুদুল (২০০১). *মানব সভ্যতায় ইতিহাস*, শিখা প্রকাশনী, ঢাকা
- Rashid, H. O. (2015). *The foreshadowing of Bangladesh: Bengal Muslim League and Muslim politics*. Dhaka University press limited.
- Umar, B. (2022). *The Emergency of Bangladesh: A History of East Pakistan*. Dhaka; Bangla Gobeshona.

## পৌরনীতি ও নাগরিকতা শিখন

কোর্স কোড	৮১২২২৭	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

পৌরনীতি ও নাগরিকতা মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য একটি জীবনঘনিষ্ঠ বিষয়। পৌরনীতি ও নাগরিকতা বিষয়ক বিজ্ঞান। নাগরিকতা ব্যক্তির পরিচয় ও মর্যাদা অর্থে ব্যবহৃত হয়। নাগরিকদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ জীবনের আলোচ্য বিষয় হলো—যা দক্ষ, যোগ্য ও সুনাগরিক তৈরির পূর্বশর্ত। দিন দিন দেশের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যা বাড়ছে। বাড়ছে বেকার ও ভূমিহীন লোকের সংখ্যা। সমস্যায় দেখা দিচ্ছে নতুনত্ব। আমাদের দেশের তরুণ শিক্ষার্থীরা পৌরনীতি বিষয়ে জ্ঞান লাভ করে আমাদের সমস্যা সমাধানে সচেষ্ট হবে এবং তারা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বকর্মসংস্থানে প্রবৃত্ত হয়ে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নে সহায়ক শক্তি হিসেবে কাজ করবে—এ আমাদের লক্ষ্য। শুধু তাই নয়, এই বিষয়টি প্রশিক্ষণার্থীদের এমন একটি শিক্ষণ কাঠামো এবং শিখন পরিবেশ প্রদান করে, যার মাধ্যমে তারা বিভিন্ন শিক্ষণ কলা-কৌশল চর্চা করতে পারে এবং তাদের শিক্ষা-সম্পর্কিত দক্ষতার উন্নয়ন ঘটাতে পারে। তাছাড়া শুধু স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক দিক নয়; আর্থ-সামাজিক ও রাজনৈতিক অঙ্গনে ভূমিকা রাখার পাশাপাশি নাগরিকতা-সম্পর্কিত দক্ষতা, ধারণা ও মূল্যবোধ যাচাই সম্পর্কেও তাদের নিজস্ব জ্ঞান ও বোধগম্যতার উন্নয়নের সুযোগ তৈরি করে। সে কারণেই বিষয়টির এই নামকরণ এবং সংশ্লিষ্ট বিষয় সংযোজনের প্রয়োজন বর্তমান সময়ে অপরিহার্য বলে গণ্য হয়।

### ২। কোর্সের উদ্দেশ্য

- পৌরনীতি ও নাগরিকতা সম্পর্কিত জ্ঞান, দক্ষতা, নৈতিকতা এবং মূল্যবোধ শিক্ষার্থীদের মধ্যে সঞ্চারিত করা।
- উচ্চ শিক্ষার জন্য পৌরনীতি ও নাগরিকতা অধ্যয়নের ভিত্তি রচনা করা।
- মাধ্যমিক পর্যায়ের পৌরনীতি পাঠ্যক্রমকে যুগোপযোগী করে আধুনিক ও আন্তর্জাতিক তুল্যমানে উন্নত করা।
- শিক্ষার্থীদের উপার্জনমুখী, স্ব-কর্মসংস্থান ও ব্যবহারিক জীবনে পৌরনীতির জ্ঞান ও কলা-কৌশল প্রয়োগে সক্ষম করা।
- নিজেদের মধ্যে বিশ্বভ্রাতৃত্ববোধ জাগ্রত করা এবং দেশীয় ও আন্তর্জাতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থার সম্পর্কে ধারণা দেওয়া।
- দেশীয় প্রেক্ষিতে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের বিভিন্ন সমস্যার সমাধান খুঁজে বের করা।

- জাতীয় উন্নয়ন ও পুনর্গঠনে পৌরনীতি ও নাগরিকতার জ্ঞান কাজে লাগানো।
- শিক্ষার্থীদের নৈতিক ও সামাজিক মূল্যবোধে উদ্বুদ্ধ করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমে পৌরনীতি ও নাগরিকতা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পৌরনীতি ও নাগরিকতা সম্পর্কিত বিষয়াবলি বর্ণনা, ব্যাখ্যা, আলোচনা ও পর্যালোচনা করতে পারবেন।
- ২) মানুষ ও সমাজ সম্পর্কে এবং প্রাতিষ্ঠানিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্কের বিভিন্ন রূপ ব্যাখ্যা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- পৌরনীতি ও নাগরিকতার ধারণা
- ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত আবশ্যিক শিক্ষাক্রমে পৌরনীতি ও নাগরিকতার ভূমিকা
- নাগরিকতা, সমাজ ও সংস্কৃতি, সম্প্রদায় সভ্যতা, শিক্ষা ও মূল্যবোধ, সামাজিকীকরণ
- উন্নয়নশীল দেশের নাগরিক চাহিদা, শ্রেণিভেদ, গ্রামীণ জনগোষ্ঠী ও নগরায়ণ

#### ইউনিট ৩.২: ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত পৌরনীতি ও নাগরিকতা শিক্ষাক্রম

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) রাষ্ট্রের উৎপত্তি ও প্রকৃতি, রাষ্ট্র ব্যবস্থা ও সরকারের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) পৌরনীতি ও নাগরিকতার সকল শাখার প্রাথমিক আলোচ্যসূচি বর্ণনা করতে পারবেন।
- ৩) মাধ্যমিক স্তরের পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের শিক্ষাক্রমটি ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের আইন, স্বাধীনতা, সাম্য, সংবিধান, রাজনৈতিক দল, নির্বাচন, জনমত ও গণতন্ত্রের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের বিষয়বস্তু
- ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত পৌরনীতি ও নাগরিকতা শিক্ষাক্রমের বিষয়বস্তু বিশ্লেষণ
  - ✓ শিক্ষাক্রম বিবৃতি
  - ✓ পাঠ্যসূচি
  - ✓ পাঠ্যপুস্তক
  - ✓ লক্ষ্য

- ✓ উদ্দেশ্য
- ✓ শিখনফল
- ✓ পাঠ পরিসর
- শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য

### ইউনিট ৩.৩: পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের উপযোগী শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল উদ্ভাবন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অংশগ্রহণমূলক শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল শ্রেণিকক্ষে উপস্থাপন ও প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- জোড়ায় কাজ
- দলগত আলোচনা
- দলগত উপস্থাপন
- সতীর্থ শেখন
- অনুসন্ধান ও সমস্যা সমাধান
- ডিজিটাল বিষয়বস্তু উপস্থাপন
- প্রশ্নোত্তর পদ্ধতি

### ইউনিট ৩.৪: পাঠ পরিকল্পনা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) উপযুক্ত শিখন সামগ্রী চিহ্নিত ও প্রস্তুত করতে পারবেন।
- ২) পাঠ পরিকল্পনার ধারণা, গুরুত্ব ও প্রণয়ন ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারবেন।
- ৩) পেশাগত দক্ষতা উন্নয়নে অনুশীলন ও ক্ষুদ্রশিক্ষণের ধারণা অর্জন ও প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- একক পাঠ পরিকল্পনা
- শিখনফল নির্ধারণ
- শিখন কার্যক্রম পরিকল্পনা
- শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল
- পাঠ্যপুস্তকের ব্যবহার
- দুর্লভ ও স্বল্প সরবরাহকৃত উপকরণের ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- শিখন উপকরণের ব্যবহার
- সহায়ক সামগ্রী ও শিখন উপকরণ শনাক্তকরণ ও উন্নয়ন
- অনুশীলন ও ক্ষুদ্রশিক্ষণের মাধ্যমে প্রতিফলন

### ইউনিট ৩.৫: শিখন-শেখানো সামগ্রী ও শিখন উপকরণ সংগ্রহ ও উন্নয়ন

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) উপযুক্ত শিখন-শেখানো সামগ্রী ও শিখন উপকরণ নির্বাচন ও ব্যবহার করতে পারবেন।
- ২) স্বল্পমূল্যে ও বিনামূল্যে প্রাপ্ত শিখন-শেখানো সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ ও উন্নয়ন করতে পারবেন।

## বিষয়বস্তু

- পৌরনীতি ও নাগরিকতা শিখন-শেখানো উপকরণ
- স্বল্পমূল্যের ও বিনামূল্যে প্রাপ্ত শিখন-শেখানো উপকরণ
- অন্যান্য পুস্তক, শিখন-শেখানো সামগ্রী এবং ভিডিও, টেলিভিশন ও ইন্টারনেটভিত্তিক উপকরণ

## ইউনিট ৩.৬: পৌরনীতি ও নাগরিকতা শিখন-শেখানো কার্যক্রমে মূল্যায়নের ভূমিকা

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গঠনকালীন ও প্রান্তিক মূল্যায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন।
- ২) পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের শিখনফল অর্জন যাচাইয়ের জন্য উপযুক্ত মূল্যায়ন কৌশল ও প্রশ্নপদ্ধতি প্রয়োগ করতে পারবেন।

## বিষয়বস্তু

- মূল্যায়নের ভূমিকা
- ধারাবাহিক মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন
- সৃজনশীল প্রশ্ন পদ্ধতি ও ব্লুমের শিখন ক্ষেত্রসমূহ
- সৃজনশীল প্রশ্নপত্রের গুরুত্ব
- শ্রেণি অভীক্ষা ও অগ্রগতি যাচাই অভীক্ষা প্রণয়ন ও নম্বর প্রদানের নির্দেশিকা
- বিদ্যালয়ের সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, নম্বর প্রদানের নির্দেশিকা, নিরীক্ষণ ও পরিবীক্ষণ

## ইউনিট ৩.৭: পৌরনীতি ও নাগরিকতা বিষয়ে পেশাগত উন্নয়ন

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বাংলাদেশ ও আন্তর্জাতিক বিশ্ব-সম্পর্কে প্রাপ্ত ধারণা বর্ণনা করতে পারবেন।
- ২) ধারাবাহিক পেশাগত উন্নয়নের বিভিন্ন কৌশল চিহ্নিত ও প্রয়োগ করতে পারবেন।

## বিষয়বস্তু

- ধারাবাহিক / অব্যাহত পেশাগত উন্নয়ন
- পেশাগত উন্নয়ন কৌশলসমূহ
- প্রতিফলনমূলক অনুশীলন
- কর্মসহায়ক গবেষণা

- শিক্ষাপ্রমণ / ফিল্ড ট্রিপ

#### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ মার্কেট প্লেস
- ❖ রোল প্লে
- ❖ শেয়ার-পেয়ার-রিপিট
- ❖ ব্রেইন স্ট্রিমিং
- ❖ মাইন্ড ম্যাপিং
- ❖ প্লাস-মাইনাস-ইন্টারেস্টিং
- ❖ পাঠের উপর লেখা
- ❖ এক্সিট স্লিপস
- ❖ গিভ ওয়ান, গেট ওয়ান
- ❖ গ্রাফ থেকে গল্প, গল্প থেকে গ্রাফ
- ❖ আগে -এখন-পরে

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

- এনসিটিবি (২০১৬), *বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা পাঠ্যবই*, ৯ম-১০ম শ্রেণি
- জাতীয় শিক্ষানীতি (২০১০), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- জাতীয় শিক্ষাক্রম (২০১২), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, এনসিটিবি, ঢাকা
- ব্যাপারী, নুরুল আমিন ও অন্যান্য (২০১০), *পৌরনীতি ও সুশাসন*, বাংলাদেশ বই ঘর, ঢাকা
- ভুঁইয়া, মো: আবদুল ওদুদ (২০১২), *বাংলাদেশের রাজনৈতিক উন্নয়ন*, আজিজিয়া বুক ডিপো, ঢাকা
- Eulau, H., & Easton, D. (1954). *The Political System: An Inquiry into the State of Political Science*. *The Yale Law Journal*, 63(7), 1050. <https://doi.org/10.2307/793409>
- Goodin, R. E., & Klingemann, H. (1996). *A new handbook of political science*.

## অর্থনীতি শিক্ষণ

কোর্স কোড	৮১২২২৯	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	অর্থনীতি শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

এই কোর্সটি মাধ্যমিক স্তরের বিদ্যালয়ের অর্থনীতি শিক্ষাক্রমের সঠিক বাস্তবায়নে শ্রেণি শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রণীত হয়েছে। এতে অর্থনীতির শিক্ষকদের প্রয়োজনীয় শিখন যোগ্যতা ও দক্ষতা অর্জনের কৌশল সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে আমাদের দেশের অর্থনৈতিক কাঠামো, অর্থনৈতিক লেনদেন, উন্নয়নের নীতি ও কার্যক্রম পরিবর্তিত হচ্ছে। এর সঙ্গে সংগতি রেখে জীবনমানের পরিবর্তন ও উন্নয়ন এবং জীবিকার বহুমাত্রিক বিকাশ ঘটছে। ফলে মানুষের সঙ্গে মানুষের সামাজিক ও আর্থিক সম্পর্কেও পরিবর্তন এসেছে। পরিবর্তনের এই দিকগুলো অর্থনীতি বিষয়টিতে বর্ণিত হয়েছে। বৈশ্বিক অর্থনীতির গতি-প্রকৃতি, অর্থনীতির বিভিন্ন সমস্যা, অর্থব্যবস্থা, বাজার ব্যবস্থা এবং বাংলাদেশের জাতীয় আয় সম্পর্কে শিক্ষকদের জ্ঞান ও বোধগম্যতার উন্নয়নের পাশাপাশি অর্থনীতি বিষয়ে দক্ষ, আত্মবিশ্বাসী শিক্ষক তৈরি করা প্রয়োজন। অর্থনীতি বিষয়ে শিক্ষাক্রমে বর্ণিত উদ্দেশ্য, কাঙ্ক্ষিত দক্ষতা ও যোগ্যতা শিক্ষার্থীদের মাঝে বিকশিত করার উপযোগী শিখন-শেখানো পদ্ধতির অনুসরণ ও প্রয়োগে সক্ষম শিক্ষক গড়ে তোলাই এই কোর্সের মূল লক্ষ্য।

### ২। কোর্সের উদ্দেশ্য

- মাধ্যমিক বিদ্যালয়ে অর্থনীতি বিষয়ের শিক্ষক হিসেবে পেশাগত দায়িত্ব পালনে সক্ষম করে গড়ে তোলা।
- অর্থনীতি বিষয়ের শিক্ষাক্রমের নির্দেশনা অনুসরণ করে শিখন-শেখানোর কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের দক্ষতা অর্জন করা।
- অর্থনীতির মৌলিক ও গুরুত্বপূর্ণ তত্ত্ব, ধারণা, নিয়ম ও বিধি সম্পর্কে সুসংহত জ্ঞান অর্জন করা।
- বাংলাদেশের অর্থনীতি, এর উন্নয়ন সমস্যা এবং উত্তরণের উপায় সম্পর্কে ধারণা লাভ করা।
- অর্থনৈতিক সমস্যা অনুসন্ধানে প্রয়োগমূলক গবেষণা কার্যক্রম পরিচালনার দক্ষতা বৃদ্ধি করা।
- মাধ্যমিক স্তরে অর্থনীতির বিষয়বস্তু শিখন ও শেখানোর ক্ষেত্রে আইসিটি ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষার সমন্বয় ঘটিয়ে শিক্ষাদানে শিক্ষকদের পারদর্শিতা অর্জন করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু:

#### ইউনিট ৩.১: মাধ্যমিক অর্থনীতি শিক্ষাক্রম (নবম ও দশম শ্রেণি)

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক স্তরের অর্থনীতি বিষয়ের শিক্ষাক্রমের লক্ষ্য, উদ্দেশ্য ও বিষয়বস্তু উল্লেখ করতে পারবেন।
- ২) বিষয়বস্তু যৌক্তিক ক্রমধারায় বিন্যাস করতে পারবেন।

- ৩) মাধ্যমিক আতরের অর্থনীতি বিষয়ের শিক্ষার্থীদের বয়স, বুদ্ধিবৃত্তীয়, আবেগীয়, মনোপেশীজ সক্ষমতা ও প্রবনতা অনুযায়ী শিখন দক্ষতার আয়ত্ত্ব করে তা শ্রেণি কার্যক্রমে প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষাক্রমে উদ্দেশ্য, শিখনফল ও বিষয়বস্তুর যৌক্তিক ক্রমবিন্যাস
- তিনটি শিখনক্ষেত্রে শিখনফলের বিভাজন
- পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর বিকাশমান ও যৌক্তিক ক্রমবিন্যাস

#### ইউনিট ৩.২: অর্থনীতির বিষয়বস্তু শিখন ও শেখানোর পদ্ধতি ও কৌশল

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠদানের পদ্ধতি ও কৌশল বর্ণনা করতে পারবেন।
- ২) শিক্ষার্থীদের চাহিদা ও শিখনে বৈচিত্র্য অনুযায়ী উপযুক্ত শিখন- শেখানোর পদ্ধতি ও কৌশল নির্ধারণ করতে পারবেন।

##### বিষয়বস্তু

- প্রদর্শন
- পর্যবেক্ষণ
- প্রশ্নোত্তর
- গঠনবাদ
- অনুসন্ধান
- আলোচনা

#### ইউনিট ৩.৩: অর্থনীতির মৌলিক ধারণা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অর্থনীতির ধারণা বিশ্লেষণ করতে পারবেন।
- ২) মৌলিক অর্থনৈতিক সমস্যা ও উত্তরণের উপায় বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) বিভিন্ন ধরণের অর্থ ব্যবস্থায় অর্থনৈতিক সমস্যা সমাধানের উপায় ব্যাখ্যা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- অর্থনীতি পরিচয়
- মৌলিক অর্থনৈতিক সমস্যা
- অর্থনৈতিক সমস্যা সমাধানে বিকল্প অর্থনৈতিক ব্যবস্থাসমূহ

- অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কার্যাবলি

### ইউনিট ৩.৪: বাজার ব্যবস্থা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বাজারের ধরণ ও বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।
- ২) প্রতিযোগিতার ভিত্তিতে বাজারের শ্রেণিবিভাগ করতে পারবেন।
- ৩) মুক্তবাজার অর্থনীতি ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বাজারের ধরণ ও বৈশিষ্ট্য
- বাংলাদেশের বাজার (প্রতিযোগিতার ভিত্তিতে)
- মুক্ত বাজার অর্থনীতি

### ইউনিট ৩.৫: অর্থনীতি শিখনে পাঠপরিকল্পনা প্রণয়ন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনা বিশ্লেষণ করতে পারবেন।
- ২) পাঠ পরিকল্পনার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) পাঠ অপরিিকল্পনা প্রণয়নে বিবেচ্য দিকসমূহ উল্লেখ করতে পারবেন।
- ৪) অর্থনীতি শিখনে পাঠ পরিকল্পনা 5E Model (Engage, Explore, Explain, Elaborate, Evaluation) প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- পাঠ পরিকল্পনার ধারণা
- পাঠ পরিকল্পনার গুরুত্ব
- পাঠ পরিকল্পনা প্রণয়নে বিবেচ্য দিকসমূহ
- অর্থনীতি শিক্ষণে পাঠ পরিকল্পনা- 5E Model (Engage, Explore, Explain, Elaborate, Evaluation).

### ইউনিট ৩.৬: শিক্ষা উপকরণ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শ্রেণিতে শিখন ও শেখানোর কার্যাবলিতে আনন্দদায়ক, অংশগ্রহণমূলক এবং সহজবোধ্য করে তোলার সহায়ক শিক্ষাপকরণ তৈরি/ সংগ্রহ ও ব্যবহার করতে পারবেন।
- ২) উপকরণ হিসাবে ডিজিটাল কনটেন্ট তৈরি ও ব্যবহার করতে পারবেন।

৩) বাণিজ্য ও শিল্প মেলার পরিকল্পনা, আয়োজন ও পরিচালনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- অর্থনীতি বিষয়ের শিক্ষা উপকরণ তৈরি, ব্যবহার ও সংরক্ষণ
- উপকরণ হিসাবে ডিজিটাল কনটেন্ট তৈরি ও ব্যবহার
- বাণিজ্য ও শিল্প মেলার পরিকল্পনা, আয়োজন ও পরিচালনা

#### ইউনিট ৩.৭: শিক্ষকের পেশাগত উন্নয়ন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অর্থনীতি বিষয়ের শিক্ষক হিসেবে নিজের কৃতিত্ব মূল্যায়ন, নৈতিক মূল্যবোধ প্রদর্শন করতে পারবেন।
- ২) অর্থনৈতিক সমস্যা, নিয়ম, বিধি কিংবা পদ্ধতি উপস্থাপন ও বিশ্লেষণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করতে শিক্ষক নিজের সক্ষমতা বৃদ্ধি করতে পারবেন।
- ৩) বিষয় শিক্ষক হিসেবে শিক্ষার্থীর সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়ন
- একটি পাঠপরিকল্পনা কাঠামো পুনঃচিন্তন, দলীয় আলোচনা ও ফলাবর্তন প্রয়োগে ব্যবহারিক ও ফলপ্রসূ কাঠামোর উন্নয়ন
- বিষয় শিক্ষক হিসেবে শিক্ষার্থীর সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান
- বিষয় শিক্ষক হিসাবে শ্রেণি ব্যবস্থাপনায় একীভূত শিখনের প্রয়োগ

#### ইউনিট ৩.৮: প্রশ্নপত্র প্রণয়ন ও মূল্যায়ন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মূল্যায়নের প্রাথমিক ধারণা বর্ণনা করতে পারবেন।
- ২) মূল্য যাচাইয়ের ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে পারবেন।
- ৩) শিখন অগ্রগতি যাচাইয়ে ধারাবাহিক ও প্রান্তিক মূল্যায়নের কৌশল নির্ধারণ ও বাস্তবে প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- মূল্যায়নের প্রাথমিক ধারণা
- ধারাবাহিক, মূল্য যাচাই, ক্ষেত্রসমূহ ও নম্বর বণ্টন এর প্রয়োগ অনুশীলন
- বিষয়বস্তু অনুযায়ী সৃজনশীল ও বহু নির্বাচনী প্রশ্ন তৈরিকরণ

#### ৪। শিখন শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ থিঙ্ক পেয়ার- শেয়ার
- ❖ ভূমিকাভিনয়
- ❖ বিতর্ক
- ❖ ধারণা মানচিত্র
- ❖ পেয়ার শেয়ার রিপোর্ট
- ❖ এনভয়
- ❖ এক্সপার্ট জিগস
- ❖ প্রশ্নোত্তর পদ্ধতি
- ❖ ফিল্ড ট্রিপ
- ❖ দলগত কাজ
- ❖ জোড়ায় কাজ
- ❖ পোস্ট বক্স
- ❖ একক কাজ
- ❖ প্রজেক্ট

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

জাতীয় শিক্ষানীতি (২০১০), শিক্ষা মন্ত্রণালয়

জাতীয় শিক্ষাক্রম (২০১২), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, এনসিটিবি, ঢাকা জাতীয় শিক্ষাক্রম

(২০১২) বিস্তরণ সম্পর্কিত প্রশিক্ষণ ম্যানুয়েল, এনসিটিবি

এনসিটিবি (২০১৬), অর্থনীতি, ৬ষ্ঠ-১০ম শ্রেণি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, এনসিটিবি, ঢাকা

## বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ

বিষয় কোড	৮১২২৩১	ক্রেডিট- ৪	ক্রেডিট ঘণ্টা- ৫৬
পত্র শিরোনাম	বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

বাংলাদেশের ৬ষ্ঠ-১০ম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের মূল লক্ষ্য হচ্ছে- ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও মূল্যবোধসম্পন্ন দেশাত্মবোধে জাগ্রত নাগরিক তৈরি ও বৈশ্বিক বিষয়াবলির সাথে প্রশিক্ষণার্থীদের পরিচিত করিয়ে তার জানার জগতকে সমৃদ্ধ করা। পাশাপাশি সমাজের বিভিন্ন সমস্যা মোকাবিলায় প্রয়োজনীয় জীবনদক্ষতায় প্রশিক্ষণার্থীকে সক্ষম করে গড়ে তুলতে সহায়তা করা। চব্বিশের বিপ্লবোত্তর পরিমার্জিত 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' শিক্ষাক্রমটি প্রশিক্ষণার্থীদের জন্য এমন বিষয়বস্তুগত জ্ঞান ও অনুশীলন কৌশল উপস্থাপন করে, যার চর্চার মাধ্যমে তারা প্রয়োজনীয় শিখন দক্ষতা ও শ্রেণি- যোগাযোগ দক্ষতাসমূহ অর্জন করতে সক্ষম হবে। এর মাধ্যমে বাংলাদেশ ও বিশ্বপরিচয়ের মতো সমন্বিত বিষয়ের বৈচিত্র্যপূর্ণ বিষয়বস্তু কার্যকরভাবে শিক্ষার্থীদের শেখানোর সামর্থ্যের উন্নয়ন ঘটবে। পেশাগত উন্নয়ন কৌশলসমূহের ধারণা অর্জন এবং সেগুলোর অনুশীলন প্রশিক্ষণার্থীদের বিদ্যালয় ও শ্রেণিকক্ষে বিদ্যমান বহু সমস্যার সমাধানের সুযোগ ও সক্ষমতা বৃদ্ধি করতে সহায়তা করবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের ধারণা, পরিসর ও বৈশিষ্ট্যাবলি সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণার উন্নয়ন সাধন করা।
- মাধ্যমিক স্তরের (ষষ্ঠ-দশম শ্রেণি) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের উপাদানসমূহ সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণার বিকাশ সাধন করা।
- প্রশিক্ষণার্থীদের মাধ্যমিক স্তরের (ষষ্ঠ-দশম শ্রেণি) 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ের বৈচিত্র্যপূর্ণ বিষয়বস্তু কার্যকরভাবে শিখন-শেখানোর জন্য পাঠ পরিকল্পনা প্রণয়ন, পদ্ধতি ও কলা- কৌশল, শিখন উপকরণ এবং মূল্যায়ন কৌশল নির্বাচন ও ব্যবহারের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা।
- দুর্যোগ ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের সচেতনতা সৃষ্টি, করণীয় নির্ধারণ এবং মোকাবিলার দিকনির্দেশনা প্রদানে প্রশিক্ষণার্থীদের সক্ষমতা বৃদ্ধি করা।
- প্রশিক্ষণার্থীদের পেশাগত উন্নয়ন কৌশল সম্পর্কে ধারণা, উপলব্ধি ও চর্চার উন্নয়ন ঘটিয়ে বিদ্যালয় ও শ্রেণিকক্ষে বিদ্যমান বিভিন্ন সমস্যা সমাধানে সক্ষমতা বৃদ্ধি করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

ইউনিট ৩.১: মাধ্যমিক স্তরের (৬ষ্ঠ-১০ম শ্রেণি পর্যন্ত) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের ধারণা, পরিসর ও শিক্ষাক্রম

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) 'সোশ্যাল স্টাডিজ'-এর ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বিষয়বস্তুগত পরিসর বর্ণনা করতে পারবেন।
- ৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বৈশিষ্ট্যাবলি বর্ণনা করতে পারবেন।
- ৫) সমন্বিত বিষয় হিসেবে বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন-শেখানোর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৬) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের শিক্ষাক্রমের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ৭) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের উপাদানসমূহ উল্লেখ করতে পারবেন।
- ৮) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের (ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত) লক্ষ্য ও উদ্দেশ্যাবলি বর্ণনা করতে পারবেন।
- ৯) বেঞ্জামিন রুমের শিখনক্ষেত্রের শ্রেণিবিন্যাসের আলোকে ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের শিখনফলের স্বরূপ চিহ্নিত করতে পারবেন।

## বিষয়বস্তু

- 'সোশ্যাল স্টাডিজ'-এর ধারণা
- 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ের ধারণা, বিষয়বস্তুগত পরিসর ও বৈশিষ্ট্যাবলি
- বাংলাদেশ ও বিশ্বপরিচয় পঠন-পাঠনের গুরুত্ব
- 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ের শিক্ষাক্রমের (ষষ্ঠ-দশম শ্রেণি) ধারণা, উপাদান, লক্ষ্য ও উদ্দেশ্যাবলি
- ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমের শিখনফলের স্বরূপ

ইউনিট ৩.২: বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের ফলপ্রসূ শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বিষয়বস্তু ফলপ্রসূভাবে শিখন-শেখানোর জন্য অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল অনুশীলনের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের শিক্ষণে ব্যবহৃত কয়েকটি অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশলের ব্যবহার সম্পর্কে আলোচনা করতে পারবেন।
- ৩) অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বিভিন্ন বিষয়বস্তু শিখন-শেখানোর অনুশীলন করতে পারবেন।
- ৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের শিখন-শেখানো কার্যক্রমে বিভিন্ন শিখন কার্যক্রম পরিচালনা করতে পারবেন।
- ৫) শিখনবান্ধব পরিবেশ সৃষ্টি ও একীভূত শিখন কৌশল প্রয়োগ করতে পারবেন।

## বিষয়বস্তু

- ফলপ্রসূভাবে শিখন-শেখানোতে অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল অনুশীলনের তাৎপর্য
- ফলপ্রসূ শিখন-শেখানোর অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল
- পদ্ধতি
  - ✓ সংক্ষিপ্ত বক্তৃতা ও প্রশ্নোত্তর
  - ✓ আলোচনা পদ্ধতি
  - ✓ প্রশ্ন-উত্তর কৌশল
  - ✓ অভিজ্ঞতাভিত্তিক শিখন
  - ✓ বিতর্ক পদ্ধতি
  - ✓ ভূমিকাভিনয়/ নাট্যায়ন
  - ✓ মাঠ পরিদর্শন
  - ✓ প্রকল্প
  - ✓ আবিষ্কার
- অংশগ্রহণমূলক শিখন কৌশল
  - ✓ ব্রেইনস্ট্রিমিং
  - ✓ থিংক- পেয়ার- শেয়ার
  - ✓ ওয়ান মিনিট পেপার
  - ✓ ওয়ান সেনটেন্স সামারি
  - ✓ কেস স্টাডি
  - ✓ এক্সপার্ট জিগস
  - ✓ ধারণা মানচিত্র
  - ✓ কুইজ প্রতিযোগিতা
- পরিকল্পিত কাজ
  - ✓ একক কাজ
  - ✓ জোড়ায় কাজ
  - ✓ ছোট দলে কাজ
  - ✓ বড় দলে কাজ

(অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল ব্যবহার করে বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বিভিন্ন বিষয়বস্তুর শিখন- শেখানো অনুশীলন, যেমন—

- ✓ বাংলাদেশের সমস্যা
- ✓ বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা
- ✓ বাংলাদেশের দুর্যোগ
- ✓ রাষ্ট্র, নাগরিকতা ও আইন

- ✓ বাংলাদেশের জলবায়ু
- ✓ জাতীয় সম্পদ ও অর্থনৈতিক ব্যবস্থা
- ✓ সৌরজগৎ ইত্যাদি
- শিখনবান্ধব পরিবেশ ও একীভূত শিখন
- একীভূত শিখনের ধারণা, প্রয়োজনীয়তা, কৌশল ও করণীয়

### ইউনিট ৩.৩: বাংলাদেশের প্রেক্ষাপটে জীবন দক্ষতা উন্নয়ন অনুশীলন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) জীবন দক্ষতার ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত ১০টি জীবন দক্ষতা আলোচনা করতে পারবেন।
- ৩) জীবন দক্ষতা অর্জনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবেন।
- ৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন-শিখন প্রক্রিয়ায় জীবন দক্ষতা অর্জনের কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- ৫) শ্রেণিকক্ষে বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন-শেখানোয় শিক্ষার্থীদের জীবন দক্ষতা উন্নয়নের কৌশল অনুশীলন করতে পারবেন।
- ৬) দুর্যোগ ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের সচেতনতা সৃষ্টি, করণীয় নির্ধারণ ও মোকাবিলার কৌশল উন্নয়নে সক্ষম হবেন।

#### বিষয়বস্তু

- জীবন দক্ষতার ধারণা
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত ১০টি জীবন দক্ষতা
- জীবন দক্ষতা অর্জনের গুরুত্ব
- শিখন-শিখন প্রক্রিয়ায় জীবন দক্ষতা অর্জনের কৌশল
- শ্রেণিকক্ষে জীবন দক্ষতা অর্জনের কৌশল অনুশীলন
- দুর্যোগের ধারণা, দুর্যোগের ধরন ও কারণ
- দুর্যোগ ব্যবস্থাপনায় করণীয় ও কৌশল

### ইউনিট ৩.৪: বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন- শেখানোয় ধারাবাহিক পাঠ পরিকল্পনা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) পাঠ পরিকল্পনা ও ইউনিট পরিকল্পনার পার্থক্য নির্ধারণ করতে পারবেন।

- ২) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় শিখন-শেখানোয় পাঠ পরিকল্পনা ব্যবহারের উপযোগিতা বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) কার্যকর পাঠ পরিকল্পনার কাঠামো বর্ণনা করতে পারবেন।
- ৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের বিষয়বস্তুভিত্তিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করতে পারবেন।
- ৫) শ্রেণিকক্ষে পাঠ পরিকল্পনা প্রণয়নের কৌশল অনুশীলন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- পাঠ পরিকল্পনা ও ইউনিট পরিকল্পনা
- বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় শিখন- শেখানোয় পাঠ পরিকল্পনা ব্যবহারের উপযোগিতা
- পাঠ পরিকল্পনার কাঠামো
- বিষয়বস্তুভিত্তিক পাঠ পরিকল্পনা প্রণয়ন
- বিষয়বস্তুভিত্তিক পাঠ পরিকল্পনা প্রণয়নের অনুশীলন

#### ইউনিট ৩.৫: শিখন উপকরণ ও ব্যবহার

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) শিখন উপকরণের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন- শেখানোয় ব্যবহৃত বিভিন্ন ধরনের উপকরণ শনাক্ত করতে পারবেন।
- ৩) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন- শেখানোয় শিখন উপকরণ ব্যবহারের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) বিষয়বস্তু সংশ্লিষ্ট শিখন উপকরণ তৈরি, সংগ্রহ ও সংরক্ষণের কৌশল বর্ণনা করতে পারবেন।
- ৫) স্বল্পমূল্য ও ব্যয়-সশরী শিখন উপকরণ তৈরিতে বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষকের ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।
- ৬) শ্রেণিকক্ষে শিখন উপকরণ ব্যবহারে বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষকের ভূমিকা বিশ্লেষণ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিখন উপকরণের ধারণা ও প্রকারভেদ
- বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখন- শেখানোয় শিখন উপকরণ ব্যবহারের গুরুত্ব
- বিষয়বস্তু সংশ্লিষ্ট শিখন উপকরণ তৈরি, সংগ্রহ ও সংরক্ষণ কৌশল
- স্বল্পমূল্য ও ব্যয়-সশরী শিখন উপকরণ তৈরিতে শিক্ষকের ভূমিকা
- শ্রেণিকক্ষে শিখন উপকরণ ব্যবহারে শিক্ষকের ভূমিকা
- প্রযুক্তিনির্ভর উপকরণ ব্যবহার করে ডিজিটাল কনটেন্ট তৈরি ও শ্রেণিকক্ষে প্রয়োগের কৌশল
- সামাজিক মেলা আয়োজন ও তার গুরুত্ব

#### ইউনিট ৩.৬: প্রদর্শন প্রণয়ন ও শিক্ষার্থীদের শিখন পারদর্শিতা মূল্যায়ন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) পরিমাপ ও মূল্যায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) মূল্যায়নের শ্রেণিবিভাগ বর্ণনা করতে পারবেন।
- ৩) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমে (ষষ্ঠ-দশম শ্রেণি) নির্ধারিত মূল্যায়ন কৌশল ও নম্বর বণ্টন ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) শ্রেণিকক্ষে ধারাবাহিক মূল্যায়ন কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- ৫) শিক্ষার্থীদের শিখন পারদর্শিতা মূল্যায়নের জন্য সামষ্টিক মূল্যায়নের পদ্ধতি বর্ণনা করতে পারবেন।
- ৬) রুমের শ্রেণিবিন্যাস অনুসারে বিষয়বস্তুভিত্তিক সৃজনশীল, বহুনির্বাচনী ও রচনামূলক প্রশ্ন প্রণয়ন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- পরিমাপ ও মূল্যায়নের ধারণা ও প্রকারভেদ
- মূল্যায়নের শ্রেণিবিভাগ
- বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমে নির্ধারিত মূল্যায়ন কৌশল ও নম্বর বণ্টন
- ধারাবাহিক মূল্যায়নের কৌশল
- সামষ্টিক মূল্যায়নের পদ্ধতি
- বিষয়বস্তুভিত্তিক সৃজনশীল, বহুনির্বাচনী ও রচনামূলক প্রশ্ন প্রণয়নের কৌশল
- শ্রেণিকক্ষে প্রশ্ন প্রণয়নের অনুশীলন

#### ইউনিট ৩.৭: বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় শিক্ষকের পেশাগত উন্নয়ন ও ফলপ্রসূ শিখন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) শিক্ষকদের পেশাগত উন্নয়নের উপায়সমূহ উল্লেখ করতে পারবেন।
- ২) মাইক্রো-টিচিং ও সিমুলেশনের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) মাইক্রো-টিচিং-এর ধাপসমূহ বর্ণনা করতে পারবেন।
- ৪) মাইক্রো-টিচিং অনুশীলনের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের শিখন অগ্রগতি মূল্যায়ন করতে পারবেন।
- ৫) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষকের পেশাগত উন্নয়নে বি.এড. কর্মসূচির গুরুত্ব বিশ্লেষণ করতে পারবেন।
- ৬) বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষকের পেশাগত উন্নয়নে সিপিডি, ইন-হাউস প্রশিক্ষণ ও কমিউনিটি অব প্র্যাকটিসের ভূমিকা মূল্যায়ন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষকের পেশাগত উন্নয়নের ধারণা ও উপায়
- মাইক্রো-টিচিং ও সিমুলেশনের ধারণা
- মাইক্রো-টিচিং-এর ধাপসমূহ
- বি.এড. কর্মসূচিতে পেশাগত উন্নয়নের গুরুত্ব

- সিপিডি ও ইন-হাউস প্রশিক্ষণের তাৎপর্য
- কমিউনিটি অব প্রাকটিস: ধারণা, গঠন ও উপযোগিতা
- প্রশিক্ষনলব্ধ জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা শিখন-শেখানোয় প্রয়োগের চ্যালেঞ্জ
- পেশাগত উন্নয়নের অংশ হিসেবে শ্রেণিকক্ষ সমস্যা শনাক্তকরণ ও সমাধানের কৌশল
- দুর্যোগ ব্যবস্থাপনায় সচেতনতা সৃষ্টি ও মোকাবিলা কৌশল

## ৪। শিখন শেখানো পদ্ধতি ও কৌশল

### পদ্ধতি

- ❖ সংক্ষিপ্ত বক্তৃতা ও প্রশ্নোত্তর
- ❖ আলোচনা
- ❖ প্রশ্ন-উত্তর
- ❖ সমস্যা সমাধান
- ❖ বিতর্ক
- ❖ ভূমিকাভিনয় / নাট্যায়ন
- ❖ ছায়া শিক্ষা (Shadow Teaching)
- ❖ মাঠ পরিদর্শন ও প্রতিবেদন জমাদান
- ❖ অ্যাসাইনমেন্ট
- ❖ একক / দলগত কাজ ও উপস্থাপন

### কৌশল

- ❖ ব্রেইনস্ট্রিমিং
- ❖ থিংক-পেয়ার-শেয়ার / পেয়ার-শেয়ার-রিপোর্ট
- ❖ ধারণা মানচিত্র (Concept Mapping)
- ❖ ওয়ান মিনিট পেপার
- ❖ ওয়ান সেন্টেন্স সামারি
- ❖ প্রশ্ন-উত্তর কৌশল
- ❖ ইনকোয়ারি (Inquiry-based learning)
- ❖ এক্সপার্ট জিগস
- ❖ পোস্টার উপস্থাপন
- ❖ বোর্ডে লেখা
- ❖ কুইজ প্রতিযোগিতা

### পরিকল্পিত কাজ

- ❖ একক কাজ
- ❖ জোড়ায় কাজ

- ❖ দলগত কাজ
- ❖ প্রদর্শন

## ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

মালেক, আবদুল ও রহমান. লুৎফর (২০০০)। *সামাজিক বিজ্ঞান শিক্ষা*। ঢাকা: মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

এনসিটিবি (২০১৬), বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ৬ষ্ঠ-১০ম শ্রেণি  
জাতীয় শিক্ষাক্রম (২০১২) বাস্তবায়ন সম্পর্কিত প্রশিখন ম্যানুয়াল। এনসিটিবি।

জীবন দক্ষতাভিত্তিক শিক্ষার শিখন সামগ্রী, (n.d)ইউনিসেফ

দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ ম্যানুয়াল, (n.d)মাউশি

শিক্ষা মন্ত্রণালয়. (২০১০)। *জাতীয় শিক্ষানীতি-২০১০*। ঢাকা: শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

Soares, L. B., & Wood, K. (2010). A critical literacy perspective for teaching and learning social studies. *The Reading Teacher*, 63(6), 486–494.

Bolinger, K., & Warren, W. J. (2007). Methods practiced in social studies instruction: A review of public school teachers' strategies. *International Journal of Social Education*, 22(1), 68–84.

Boon, R. T., Fore III, C., Blankenship, T., & Chalk, J. (2007). Technology-based practices in social studies instruction for students with high-incidence disabilities: A review of the literature. *Journal of Special Education Technology*, 22(4), 41–56.

Brookhart, S. M., & Durkin, D. T. (2003). Classroom assessment, student motivation, and achievement in high school social studies classes. *Applied Measurement in Education*, 16(1), 27–54.

Brooks, R., Aris, M., & Perry, I. (2014). *Effective teaching of history*. Routledge.

Heafner, T. (2004). Using technology to motivate students to learn social studies. *Contemporary Issues in Technology and Teacher Education*, 4(1), 42–53.

Iksan, Z. H., Nor, S. N. A. M., Mahmud, S. N., & Zakaria, E. (2014). Applying the principle of lesson study in teaching science. *Asian Social Science*, 10(4), 108–113.

Iryasman, I., & Khairani, K. (2020). Improving teachers' competence in developing lesson plans oriented to higher order thinking through mentoring on social science

- subjects in SMP Negeri 7 Padang. *International Journal of Educational Dynamics*, 2(2), 48–56.
- Islam, M. K. (2020). Voice and participation of ‘student cabinet’ in school activities through the development of teamwork: A case study of a government secondary school in Bangladesh. *Social Science Review*, 37(2), 183–199.
- Islam, M. K., & Tithi, M. U. (2015). Dealing with students’ misbehavior to develop good classroom discipline. *Bangladesh Journal of Educational Research*, 1(1), 19–27.
- Stevens, M., Borup, J., & Barbour, M. K. (2018). Preparing social studies teachers and librarians for blended teaching. *Contemporary Issues in Technology and Teacher Education*, 18(4), 648–669.

PROVISIONAL

কোর্স কোড	৮২২২৩৩	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	ভূগোল ও পরিবেশ শিক্ষণ		

## ভূগোল ও পরিবেশ শিক্ষণ

### ১। কোর্সের বিবরণ

ভূগোল ও পরিবেশ শিখন কোর্সটি বাংলাদেশের নবম-দশম শ্রেণির ভূগোল ও পরিবেশ শিক্ষাক্রমের বিষয়বস্তু ফলপ্রসূভাবে শিখন-শেখানোর জন্য প্রয়োজনীয় শিক্ষক যোগ্যতাগুলির উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে। কোর্সটি Bachelor of Education ( বি.এড) প্রশিক্ষার্থীদের এমন একটি শিখন কাঠামো ও শিখন পরিবেশ প্রদান করতে সক্ষম হবে যাতে তারা বিভিন্ন শিখন-শেখানো কলাকৌশল ও পদ্ধতি পরখ করতে পারেন এবং ভূগোল ও পরিবেশ শিখন পদ্ধতি সম্পর্কিত দক্ষতার উন্নয়ন ঘটাতে পারেন। যেহেতু এ কোর্সটির মাধ্যমে ভূগোল ও পরিবেশ শিক্ষা শিক্ষাক্রমের সাথে এবং এর অন্তর্ভুক্ত দক্ষতা, ধারণা ও মূল্যবাহ্যি সম্পর্কে তাদের নিজস্ব জ্ঞান, দক্ষতা ও মূল্যবাহ্যি সম্পর্কে তাদের জ্ঞান, দক্ষতা ও বোধগম্যতার উন্নয়নের সুযোগ রয়েছে, সেহেতু এ কোর্সটি শিখন-শেখানোর প্রধান গুরুত্ব ও লক্ষ্য হলো, ভূগোল ও পরিবেশ শিক্ষা বিষয়ে আত্মবিশ্বাসী ও কার্যকরভাবে পাঠদানে সক্ষম মাধ্যমিক শিক্ষক তৈরি করা। ভূগোল ও পরিবেশ শিখন পদ্ধতি বিষয়ের শিখন-শেখানো পদ্ধতির কেন্দ্রে অবস্থিত প্রশিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ। যথাসম্ভব ব্যবহৃত পদ্ধতিগুলো হবে বাস্তব এবং পরিচিত প্রেক্ষিত নির্ভর যা মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণিতে ব্যবহার উপযোগী কলা-কৌশলের আদর্শ হতে পারে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- ভূগোল ও পরিবেশ শিক্ষা সম্পর্কিত ধারণা, পরিধি ও বিদ্যালয়ের বিষয় হিসেবে ভূগোল ও পরিবেশ পাঠের গুরুত্ব ব্যাখ্যা করা
- মাধ্যমিক ভূগোল ও পরিবেশ বিষয়ের শিক্ষাক্রমের স্পষ্ট ধারণা লাভ এবং শিক্ষাক্রম উপাদানভিত্তিক বিশ্লেষণ করতে পারা
- মাধ্যমিক পর্যায়ের ভূগোল ও পরিবেশ শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত বিষয়বস্তুর উপর গভীর জ্ঞান অর্জন করা ও শিখন-শেখানোর দক্ষতা অর্জন করা
- মাধ্যমিক স্তরের ভূগোল ও পরিবেশ বিষয়ক বিষয়বস্তু শিখন-শেখানোর পদ্ধতি ও কলা কৌশল আয়ত্ত, প্রয়োগ ও পরখ করতে পারা
- মাধ্যমিক পর্যায়ের ভূগোল ও পরিবেশ শিক্ষা বিষয়ক শিক্ষাক্রমের উপর ভিত্তি করে পাঠ পরিকল্পনা এবং এর সহযোগী অন্যান্য শিখন কাজের পরিকল্পনা প্রণয়ন করতে পারা
- শিখন-শেখানো সামগ্রী এবং শিক্ষা উপকরণ তৈরি, সংগ্রহ, সংরক্ষণ ও এর উন্নয়ন করতে পারা
- ভূগোল ও পরিবেশ শিক্ষায় আইসিটির যথাযথ ব্যবহার নিশ্চিত করা

- বিদ্যালয়ে ভূগোল ও পরিবেশ বিষয়ের শিখন-শেখানো পরিবেশ সৃষ্টিকরণ ও শিক্ষকদের পেশাগত উন্নয়ন সম্পর্কিত ধারণাসমূহ ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারা
- মাধ্যমিক বিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিষয়ক শিক্ষাক্রমের প্রত্যাশিত শিখনফলের ধারাবাহিক ও প্রান্তিক মূল্যায়নের উপাদান ও বিভিন্ন প্রকার প্রশ্ন প্রণয়ন, সংশোধন ও যথাযথ নীতিমালা অনুসরণ করে উত্তরপত্র মূল্যায়নের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জন করা
- ব্যবহারিক ভূগোলের এর বিভিন্ন বিষয়বস্তুর জ্ঞান অর্জন করা ও তা শ্রেণিকক্ষে প্রয়োগ করার দক্ষতা অর্জন করা

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: ভূগোল ও পরিবেশ শিক্ষা সম্পর্কিত ধারণাসমূহ

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) ভূগোল ও পরিবেশ শিক্ষা বিষয়ক ধারণা ব্যক্ত করতে পারবেন
- ২) মাধ্যমিক শিক্ষাক্রমে ভূগোল ও পরিবেশ শিক্ষার অবস্থান ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন

##### বিষয়বস্তু

- ভূগোল, পরিবেশ, ভূগোল ও পরিবেশ শিক্ষা, ভূগোল ও পরিবেশ শিক্ষা শিখন
- ভূগোল ও পরিবেশ বিষয়ের পরিধি
- মাধ্যমিক শিক্ষাক্রমে ভূগোল ও পরিবেশ বিষয়ের অবস্থান ও ভূমিকা

#### ইউনিট ৩.২: মাধ্যমিক স্তরে ভূগোল ও পরিবেশ বিষয়ের শিক্ষাক্রম

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ—

- ১) মাধ্যমিক স্তরের ভূগোল ও পরিবেশ বিষয়ের শিক্ষাক্রমের উপাদানসমূহ বিশ্লেষণ করতে পারবেন
- ২) ভূগোল ও পরিবেশ উত্তম পাঠ্যপুস্তকের মানদণ্ড নির্ধারণ ও পাঠ্যপুস্তক পর্যালোচনা করতে পারবেন

##### বিষয়বস্তু

- ❖ এক্সটি গ্লিপ
- ❖ থিঙ্ক পেয়ার- শেয়ার ইত্যাদি

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

জাতীয় শিক্ষাক্রম (২০১২), রসায়ন শিক্ষাক্রম, ৯ম-১০ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

জাতীয় শিক্ষাক্রম (২০১২), বিজ্ঞান শিক্ষাক্রম, ৬ষ্ঠ-৮ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

রসায়ন, একাদশ- দ্বাদশ শ্রেণি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত, ঢাকা

Abell, S. K. (2013). *Handbook of Research on Science Education*.

<https://doi.org/10.4324/9780203824696>

American Chemical Society (2012). *ACS Guidelines and Recommendations for the Teaching of High School Chemistry*, Washington: American Chemical Society

Hassard, J., & Dias, M. (2009). *The art of teaching science: Inquiry and Innovation in Middle School and High School*. Routledge Newyork

Dawson, V. M., Venville, G. J., & Donovan, J. (2020). *The art of teaching science: A Comprehensive Guide to the Teaching of Secondary School Science*. Routledge

Fraser, B. J., McRobbie, C. J., & Tobin, K. (2011). *Second International Handbook of Science Education*. <https://doi.org/10.1007/978-1-4020-9041-7>

Garritz, A. (2013). *Teaching Chemistry -A studybook: a practical guide and textbook for student teachers, teacher trainees and teachers*. *Educación Química*, 24(4), 423–425. [https://doi.org/10.1016/s0187-893x\(13\)72496-0](https://doi.org/10.1016/s0187-893x(13)72496-0)

Lederman, N. G., Zeidler, D. L., & Lederman, J. S. (2023). *Handbook of Research on Science Education*. <https://doi.org/10.4324/9780367855758>

Loughran, J., Mulhall, P., & Berry, A. (2012). Understanding and developing science teachers' pedagogical content knowledge. In *SensePublishers eBooks*. <https://doi.org/10.1007/978-94-6091-821-6>

- Loughran, J. (2010). *What expert teachers do: Enhancing professional knowledge for classroom practice*. Routledge. New York
- Peters, J. M., & Stout, D. (2005). *Science in Elementary Education: Methods, Concepts and Inquiries*. Upper saddle river: Pearson, Merrill, and Prentice Hall.
- UNESCO (1989), *Resources for Chemistry Learning and Teaching*, Bangkok: UNESCO  
Principal Regional Office for Asia and the Pacific.

PROVISIONAL

## জীববিজ্ঞান শিক্ষণ

কোর্স কোড	৮১২২৪৩	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	জীববিজ্ঞান শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

মাধ্যমিক স্তরের (নবম থেকে দ্বাদশ শ্রেণি) জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী জীববিজ্ঞান বিষয়টির ফলপ্রসূ শিখন-শেখানোর জন্য বি এড জীববিজ্ঞান শিক্ষণ শিক্ষাক্রমটি পরিমার্জিতরূপে প্রণয়ন করা হয়েছে। এই শিক্ষাক্রমে বি এড প্রশিক্ষণার্থীগণকে জীববিজ্ঞান শিক্ষণের আধুনিক পদ্ধতি ও প্রাসঙ্গিক শিক্ষা উপকরণ ব্যবহার করতে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে। জীববিজ্ঞানের তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষণে আইসিটি ব্যবহারের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয়েছে। তাছাড়া শিখনযাচাইয়ের জন্য বিভিন্ন কলাকৌশল সম্পর্কে দিক নির্দেশনা দেওয়া হয়েছে। নবম থেকে দ্বাদশ শ্রেণির জীববিজ্ঞান পাঠ্যবইয়ে কিছু অধ্যয় উদ্ভিদবিদ্যা সম্পর্কিত, কিছু অধ্যয় প্রাণিবিদ্যা সম্পর্কিত, আবার কিছু অধ্যয় উদ্ভিদ ও প্রাণী উভয়ের সমন্বয়ে সন্নিবেশিত রয়েছে। এই দিকটি বিশেষভাবে নজরে রেখে বি এড জীববিজ্ঞান শিক্ষাক্রমের মিড সেমিস্টারে উদ্ভিদবিদ্যা অংশে কিছু সমন্বিত অধ্যয় এবং সেমিস্টার ফাইনালে প্রাণিবিদ্যা অংশে কিছু সমন্বিত অধ্যয় রেখে শিক্ষাক্রমটির কাঠামো সাজানো হয়েছে। ফলে বি এড প্রশিক্ষণার্থীগণের নিকট এই কোর্সটি অধিকতর আকর্ষণীয় হয়ে উঠবে। আশা করা যায়, এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষিত শিক্ষকগণ জীববিজ্ঞান শিক্ষণে পারদর্শিতা প্রদর্শনের পাশাপাশি উদ্ভিদ ও প্রাণীর প্রতি সংবেদনশীল হয়ে উঠবেন, পরিবেশ সংরক্ষণে সচেতন হবেন এবং বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপর এর ইতিবাচক প্রভাব পড়বে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- বিশ্ববিদ্যালয় ডিগ্রিধারী যাঁরা ভবিষ্যতে জীববিজ্ঞানের বিষয় শিক্ষক হিসেবে মাধ্যমিক বিদ্যালয়ে কর্মজীবন শুরু করতে চান তাঁদেরকে সাধারণ শিক্ষা ধারায় প্রশিক্ষণ দান।
- মাধ্যমিক স্তরের পরিমার্জিত জীববিজ্ঞান শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য সঠিকভাবে বাস্তবায়নের জন্য শ্রেণি শিক্ষকগণকে সক্ষম করে তোলা।
- প্রশিক্ষণের মাধ্যমে জীববিজ্ঞানের দক্ষ শ্রেণিশিক্ষক ও শিক্ষা ব্যবস্থাপকের চাহিদা পূরণ সাপেক্ষে শিক্ষার মানোন্নয়ন।
- জীববিজ্ঞানের নতুন ও প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের পেশাগত ও ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে সহায়তা প্রদান করা।
- জীববিজ্ঞান শিখন-শেখানো পদ্ধতিতে আইসিটির সমন্বয় ঘটিয়ে শিক্ষার গুণগতমান ও শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধি করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১ : মাধ্যমিক স্তরে জীববিজ্ঞান শিক্ষা ও জীববিজ্ঞান শিক্ষাক্রম

##### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিখন উদ্দেশ্য পূরণে জীববিজ্ঞান শিক্ষাক্রমের কার্যকরী ব্যবহার করতে পারবেন।
- ২) শিক্ষাক্রমের মানোন্নয়নে শিক্ষকের ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- মাধ্যমিক স্তরে জীববিজ্ঞান শিক্ষা ও শিক্ষার উদ্দেশ্য, শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য
- লক্ষ্য থেকে ক্রমশ উদ্দেশ্য, বিষয়ভিত্তিক উদ্দেশ্য, শিখনফল, ও বিষয়বস্তু তৈরির কৌশল
- পাঠ্যবইয়ে বিষয়বস্তুর ক্রমাঙ্কিত ও ধারাবাহিকতা বিশ্লেষণ, শিখন উদ্দেশ্য অর্জনে পাঠ্যবইয়ের মূল্যায়ন
- শিক্ষাক্রম ও পাঠ্যবইয়ের মানোন্নয়নে শ্রেণিশিক্ষকগণের ভূমিকা

#### ইউনিট ৩.২ : জীববিজ্ঞান শিখনে পাঠ পরিকল্পনা

##### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জীববিজ্ঞান শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীকেন্দ্রিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করতে পারবেন।
- ২) জীববিজ্ঞান শিখন শেখানো কার্যক্রমে বিভিন্ন ধরনের শিক্ষা উপকরণ তৈরি করতে পারবেন।

##### বিষয়বস্তু

- পাঠ পরিকল্পনা ও জীববিজ্ঞান শিক্ষণে পাঠ পরিকল্পনার উদ্দেশ্য
- জীববিজ্ঞান শিক্ষণে পাঠ পরিকল্পনা প্রণয়নের বিবেচ্য বিষয়সমূহ, পাঠপরিকল্পনা প্রণয়নের ধাপসমূহ
- জীববিজ্ঞান শিখনে দক্ষতা অর্জনের উপায়
- জীববিজ্ঞান শিখনে শিক্ষা উপকরণ ব্যবহার ও প্রস্তুতি

#### ইউনিট ৩.৩ : জীববিজ্ঞান শিখনে শিক্ষার্থীর আগ্রহ ও অনুসন্ধিৎসা বৃদ্ধির উপায়

##### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জীববিজ্ঞানের কার্যকরী শিখনে সঠিক পদ্ধতি নির্বাচন করতে পারবেন।
- ২) জীববিজ্ঞান শিখনে বিভিন্ন কৌশল প্রয়োগ করতে পারবেন।
- ৩) জীববিজ্ঞান শিখনে বাস্তব অভিজ্ঞতার আলোকে অনুসন্ধিৎসা বৃদ্ধি করতে পারবেন।

##### বিষয়বস্তু

- বিভিন্ন পদ্ধতি ও কৌশলের মাধ্যমে জীববিজ্ঞান শিখন
- প্রদর্শন, পরীক্ষণ, পর্যবেক্ষণ, প্রজেক্ট ও বিভিন্ন অনুসন্ধানমূলক পদ্ধতি

- হাতে কলমে শিখন, পরীক্ষণের ও পর্যবেক্ষণের মাধ্যমে শিখন, প্রাত্যাহিক অভিজ্ঞতা সম্পৃক্তকরণের মাধ্যমে শিখন জীববিজ্ঞান বিষয়ে বিতর্ক, পত্রিকা, জার্নাল, ফিল্ড ট্রিপ
- বিজ্ঞান যাদুঘর পরিদর্শন, তথ্যপ্রযুক্তির মেলা, বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড ও বিজ্ঞান ক্লাব

### ইউনিট ৩.৪: জীবকোষ, কোষের গঠন, কোষ বিভাজন

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষার্থীগণ-

- ১) জীবকোষের গঠন ব্যাখ্যা করতে পারবেন।
- ২) উদ্ভিদের কোষ বিভাজন প্রক্রিয়া বিশ্লেষণ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- জীবকোষ, কোষ অঙ্গানু, নিউক্লিয়াস ও ক্রোমোজোম
- মাইটোসিস ও মিয়োসিস কোষ বিভাজন: প্রক্রিয়া ও গুরুত্ব

### ইউনিট ৩.৫: উদ্ভিদ শারীরতত্ত্ব

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষার্থীগণ-

- ১) উদ্ভিদের শরীরতত্ত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ২) সালোকসংশ্লেষণ ও শ্বসন প্রক্রিয়ার পরীক্ষা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- সালোক সংশ্লেষণ প্রক্রিয়া ও প্রভাবকের (ক্লোরোফল, আলো ইত্যাদি) ভূমিকা
- সালোক সংশ্লেষণ প্রক্রিয়া: ক্যালভিন চক্র, হ্যাচ ও স্ল্যাক চক্র,
- সবাত ও অবাত শ্বসন প্রক্রিয়া

### ইউনিট ৩.৬: জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষার্থীগণ-

- ১) জীববৈচিত্র্য সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারবেন।
- ২) বাস্তুতন্ত্রের উপাদানসমূহের মধ্যে আন্তঃসম্পর্ক ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) জীবের অভিযোজন শনাক্ত করতে পারবেন।

## বিষয়বস্তু

- বাস্তুতন্ত্র ও বাস্তুতন্ত্রের উপাদানসমূহের আন্তঃসম্পর্ক, জীববৈচিত্র্য ও এর প্রকারভেদ
- অনুসন্ধানমূলক কাজ: একটি নির্বাচিত পরিবেশে বাস্তুতন্ত্রের উপাদানসমূহের মধ্যে আন্তঃসম্পর্ক অনুসন্ধান
- বাস্তুতন্ত্রের স্থিতিশীলতা রক্ষায় জীববৈচিত্র্যের প্রভাব, স্থলজ, জলজ ও মরুজ পরিবেশে জীবের অভিযোজন

## ইউনিট ৩.৭: জীববিজ্ঞান শিক্ষায় শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা

### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জীববিজ্ঞান শিখনে সঠিক শ্রেণি ব্যবস্থাপনা করতে পারবেন।
- ২) জীববিজ্ঞানের ব্যবহারিক কাজের সমন্বিতভাবে প্রয়োগ দক্ষতা অর্জন করতে পারবেন।
- ৩) জীববিজ্ঞান শিখনে সহায়ক সামগ্রী ও যন্ত্রপাতি তৈরি, সংগ্রহ, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করতে পারবেন।

### বিষয়বস্তু

- জীববিজ্ঞান শ্রেণিকক্ষের বৈশিষ্ট্য, শিখন-শেখানো কাজ পরিচালনায় শ্রেণি ব্যবস্থাপনা (অধিক সংখ্যক, স্বল্প সংখ্যক শিক্ষার্থীর ক্ষেত্রে: তাত্ত্বিক ও ব্যবহারিক উভয়ক্ষেত্রে)
- জীববিজ্ঞান শিক্ষায় ব্যবহারিক কাজ ও কাজের উদ্দেশ্য, জীববিজ্ঞান ব্যবহারিক কাজের ধাপ ও পরিকল্পনা. জীববিজ্ঞান ব্যবহারিক কাজে নৈতিক মূল্যবোধ, নিরাপত্তা ঝুঁকি ও সতর্কতা
- জীববিজ্ঞান শিখন সহায়ক সামগ্রী ও যন্ত্রপাতি তৈরি, সংগ্রহ, ব্যবহার, রক্ষণাবেক্ষণ

## ইউনিট ৩.৮: জীববিজ্ঞান শিক্ষার্থীদের শিখনের মূল্যায়ন

### শিখনফল

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

- ১) জীববিজ্ঞান শিক্ষার্থীদের শিখন উন্নয়নে বৈচিত্র্যময় শিখন মূল্যায়ন করতে পারবেন।
- ২) মূল্যায়নের বিভিন্ন টুলস প্রণয়ন করতে পারবেন।
- ৩) মূল্যায়ন টুলস তৈরিতে আইসিটির ব্যবহার করতে পারবেন।

### বিষয়বস্তু

- মূল্যায়ন ও জীববিজ্ঞান শিক্ষার্থীদের মূল্যায়নের ক্ষেত্রসমূহ
- জীববিজ্ঞান শিক্ষায় ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন
- জীববিজ্ঞান শিক্ষায় ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্র, উদ্দেশ্য ও কৌশল
- জীববিজ্ঞান বিষয়ের বহুনির্বাচনী প্রণয়ন ও নির্দেশক ছকে উপস্থাপন
- জীববিজ্ঞান বিষয়ের সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন

- জীববিজ্ঞান বিষয়ের মূল্যায়ন টুলস তৈরিতে আইসিটির ব্যবহার

### ইউনিট ৩.৯: জীববিজ্ঞানে স্ব-শিখন

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) আত্মউন্নয়নে স্ব শিখনের কৌশল প্রয়োগে দক্ষতা অর্জন করতে পারবেন।
- ২) জীববিজ্ঞান শিখনের নবতর ধারণা অর্জনের মাধ্যমে পেশাগত উন্নয়ন করতে পারবেন।
- ৩) জীববিজ্ঞান শিখনে কর্ম সহায়ক গবেষণার মাধ্যমে শ্রেণিকক্ষের তাৎক্ষণিক সমস্যা সমাধান করতে পারবেন।

#### বিষয়বস্তু

- জীববিজ্ঞান অনুশীলন দক্ষতা, শিখনে ভাল পাঠ ও শিখন অভ্যাস গঠন, নিজস্ব বিজ্ঞান চিন্তার উন্নয়ন কৌশল
- ক্রমান্বিত পেশাগত উন্নয়ন, জীববিজ্ঞান শিখনের নবতর ধারণা সম্পর্কে নিজেকে হালনগাদ রাখা, জীববিজ্ঞান শিখনে প্রতিফলন প্রক্রিয়া/কর্ম সহায়ক গবেষণা

### ইউনিট ৩.১০: রক্ত ও রক্ত সংবহনবস্তু

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) রক্ত কণিকাসমূহ শনাক্ত করতে পারবেন।
- ২) রক্ত সংবহনতন্ত্র বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) হৃদরোগ সম্পর্কে সচেতন হবেন।

#### বিষয়বস্তু

- রক্ত, রক্তের উপাদান ও কাজ, রক্ত গ্রুপের বৈশিষ্ট্য ও রক্ত নির্বাচন
- ব্যবহারিক কাজ: রক্ত কণিকাসমূহের স্থায়ী স্লাইড
- রক্ত সঞ্চালন (হৃদপিণ্ডের গঠন ও কাজ, শিরা ও ধমনীর কাজ, রক্ত চাপের ভূমিকা)
- মানবদেহে রক্ত সংবহন: সিস্টেমিক সংবহন ও পালমোনারী সংবহন, হৃদপিণ্ড সম্পর্কিত রোগ ও করণীয়

### ইউনিট ৩.১১: খাদ্য পুষ্টি, পরিপাক ও শোষণ

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিএমআর ও বিএমআই নির্ণয় করতে পারবেন।
- ২) পরিপাক প্রক্রিয়া বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) আন্ত্রিক সমস্যা সম্পর্কে সচেতনতা অর্জন করতে পারবেন।

### বিষয়বস্তু

- বিএমআর ও বিএমআই
- মুখগহবরে, পাকস্থলীর বিভিন্ন অংশে ও ক্ষুদ্রান্ত্রে খাদ্য পরিপাক
- পরিপাকে স্নায়ুতন্ত্র ও হরমোনের ভূমিকা, বিভিন্ন ধরনের আন্ত্রিক সমস্যা

### ইউনিট ৩.১২: জীনতত্ত্ব ও জৈব প্রযুক্তি

#### শিখনফল

এই পাঠ শেষে প্রশিক্ষণার্থীগণ ...

- ১) বংশগতির ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বিবর্তনের ধারণা বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) জীনগত রোগের কারণ শনাক্ত করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বংশগতির ধারণা ও মেডেলিয়ান ইনহেরিট্যান্স (মেডেলের প্রথম ও দ্বিতীয় সূত্র), লিঙ্গ নির্ধারণ নীতি
- বিবর্তনের ধারণা ও প্রমাণাদি
- সেক্সলিঙ্কড ডিসওয়র্ডার (বর্ণান্বিতা, হিমোফিলিয়া, মাসক্যুলার ডিসট্রফি)

### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ বক্তৃতা
- ❖ আলোচনা
- ❖ বিতর্ক
- ❖ দলগত কাজ
- ❖ প্রকল্প
- ❖ ভূমিকাভিনয়
- ❖ KWL চার্ট
- ❖ ধারণা মানচিত্র
- ❖ মনোবল
- ❖ Think Pair Share
- ❖ 1 minute paper
- ❖ Exit slip
- ❖ Expert Jigsaw
- ❖ Postbox
- ❖ Field Trip
- ❖ পরীক্ষণ
- ❖ প্রদর্শন

- ❖ POE
- ❖ Simulation

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

জাতীয় শিক্ষাক্রম (২০১২), এনসিটিবি, ঢাকা

এনসিটিবি (২০১৬), জীববিজ্ঞান পাঠ্যপুস্তক, ৯ম-১০ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

এনসিটিবি (২০১৬), বিজ্ঞান পাঠ্যপুস্তক, ৬ষ্ঠ-৮ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

Abell, S. K. (2013). *Handbook of Research on Science Education*.

<https://doi.org/10.4324/9780203824696>

Hassard, J., & Dias, M. (2009). *The art of teaching science: Inquiry and Innovation in Middle School and High School*. Routledge Newyork

Dawson, V. M., Venville, G. J., & Donovan, J. (2020). *The art of teaching science: A Comprehensive Guide to the Teaching of Secondary School Science*. Routledge

Fraser, B. J., McRobbie, C. J., & Tobin, K. (2011). *Second International Handbook of Science Education*. <https://doi.org/10.1007/978-1-4020-9041-7>

Lederman, N. G., Zeidler, D. L., & Lederman, J. S. (2023). *Handbook of Research on Science Education*. <https://doi.org/10.4324/9780367855758>

Loughran, J., Mulhall, P., & Berry, A. (2012). Understanding and developing science teachers' pedagogical content knowledge. In *Sense Publishers eBooks*.

<https://doi.org/10.1007/978-94-6091-821-6>

Loughran, J. (2010). *What expert teachers do: Enhancing professional knowledge for classroom practice*. Routledge. New York

Peters, J. M., & Stout, D. (2005). *Science in Elementary Education: Methods, Concepts and Inquiries*. Upper saddle river: Pearson, Merill, and Prentice Hall.

## ব্যবসায় উদ্যোগ শিক্ষণ

কোর্স কোড	৮২২২৪৫	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	ব্যবসায় উদ্যোগ শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

ব্যবসায় উদ্যোগ শিক্ষা শুধু তরুণদের বিদ্যমান মানসিক অবস্থাকেই পরিবর্তন করে না, সাথে সাথে উদ্যোগ গ্রহণের সংস্কৃতি চর্চা ও লালনের প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা প্রদান করে থাকে। এ ক্ষেত্রে শিক্ষক উদ্ভাবনী ও উদ্যোক্তামূলক শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগ করবেন। একজন উদ্যোক্তা শিক্ষক হিসেবে তিনি তাঁর শিক্ষাদান কৌশলে এমন আচরণ প্রদর্শন করবেন যা শিক্ষার্থীদের সামনে তাঁকে সফল উদ্যোক্তার সামগ্রিক বৈশিষ্ট্যসমৃদ্ধ অনুসরণীয় ও অনুকরণীয় উদ্যোক্তা হিসেবে দাঁড় করাবে। এই কোর্সটি বাংলাদেশের মাধ্যমিক পর্যায়ের নবম ও দশম শ্রেণির ব্যবসায় শিক্ষা শাখায় শিক্ষাদানকারী শিক্ষকদের প্রয়োজনীয় শিক্ষক যোগ্যতা অর্জনের উদ্দেশ্যে প্রণয়ন করা হয়েছে। যার মাধ্যমে একজন শিক্ষক শিক্ষাদানের প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনের পাশাপাশি শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগের একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টি করতে পারবেন। এই কোর্সটি প্রশিক্ষণার্থী শিক্ষকদের ব্যবসায় আইন, ব্যবস্থাপনা ও পরিবেশ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির সাথে সাথে ব্যবসায় উদ্যোগসহ যে কোনো উদ্যোগ গ্রহণে প্রয়োজনীয় সৃজনশীল বিশ্লেষণধর্মী ও আন্তঃব্যক্তিক দক্ষতা উন্নয়নে সহায়ক হবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- প্রশিক্ষণার্থী শিক্ষকদের প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সৃষ্টিতে সহায়তা করা, যা ব্যবসায় উদ্যোক্তা হতে প্রস্তুত করবে।
- ভবিষ্যতে ব্যবসায় উদ্যোগ বিষয় শিক্ষক হিসেবে মাধ্যমিক বিদ্যালয়ে কর্মজীবন শুরু করতে চান— তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।
- ব্যবসায় উদ্যোগ শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যের কার্যকর বাস্তবায়নে প্রশিক্ষণার্থী শিক্ষকদের সক্ষম করে তোলা।
- বিভিন্ন ব্যবসায় সংগঠন ও ব্যবসায় পরিবেশ সম্পর্কে ধারণা দেওয়া, যেখানে উদ্যোগ-এর জ্ঞান প্রয়োগের সুযোগ থাকে।
- পেশাগত ও ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে যোগ্যতা অর্জনে সমর্থ করা।
- ব্যবসায় উদ্যোগ বিষয়ক শিখন-শেখানো পদ্ধতিতে আইসিটি সমন্বিত করে এর গুণগত মান ও শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষা স্তরে ব্যবসায় উদ্যোগ শিক্ষাক্রম

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক স্তরের ব্যবসায় উদ্যোগ শিক্ষাক্রম সম্পর্কিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি প্রদর্শন করতে পারবেন।
- ২) ব্যবসায় উদ্যোগে অন্তর্ভুক্ত মূল্যবোধ ও নৈতিকতা চিহ্নিত করতে পারবেন।

##### বিষয়বস্তু

- মাধ্যমিক স্তরে ব্যবসায় উদ্যোগ শিক্ষাক্রম
- মাধ্যমিক ব্যবসায় উদ্যোগের লক্ষ্য ও উদ্দেশ্য
- ব্যবসায় উদ্যোগে অন্তর্ভুক্ত মূল্যবোধ ও নৈতিকতা
- ব্যবসায় উদ্যোগ পাঠ্যপুস্তক মূল্যায়ন

#### ইউনিট ৩.২: ব্যবসায় উদ্যোগ বিষয়ের উপযোগী শিখন-শিখনো পদ্ধতি ও কৌশল উদ্ভাবন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিদ্যালয়ে ব্যবসায় উদ্যোগ বিষয় শিখন-শেখানোর উপযোগী পরিবেশ সৃষ্টির কৌশল সৃষ্টি করতে পারবেন।
- ২) অংশগ্রহণমূলক শিখন-শেখানো কার্যক্রমের বিভিন্ন কৌশল চিহ্নিত করতে পারবেন।

##### বিষয়বস্তু

- বিদ্যালয়ে ব্যবসায় উদ্যোগ বিষয় শিখন-শেখানোর উপযোগী পরিবেশ সৃষ্টি
- অংশগ্রহণমূলক শিখন-শেখানো কার্যক্রমের কৌশল, পদ্ধতি ও দক্ষতা
- জোড়ায় কাজ
- দলগত কাজ
- মাইন্ড ম্যাপিং
- সতীর্থ শিখন
- অনুসন্ধান ও সমস্যা সমাধান
- ডিজিটাল বিষয়বস্তু উপস্থাপন
- প্রশ্নোত্তর
- কেস স্টাডি

## ইউনিট ৩.৩: ব্যবসায় উদ্যোগ এর শিক্ষণ উপকরণ সংগ্রহ ও উন্নয়ন

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ব্যবসায় উদ্যোগ বিষয়ের শিখন-শেখানো সামগ্রী ও উপকরণ তৈরির কৌশল সৃষ্টি করতে পারবেন।
- ২) দুর্ভাগ ও স্বল্প সরবরাহকৃত উপকরণের ব্যবস্থাপনা ও সংরক্ষণ কৌশল চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- ব্যবসায় উদ্যোগ বিষয়ের শিক্ষণ উপকরণ
- দুর্ভাগ ও স্বল্প সরবরাহকৃত উপকরণের ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- মূল্যবিহীন ও স্বল্পমূল্যের শিক্ষণ উপকরণ
- অন্যান্য সামগ্রী, যেমন পাঠ্যপুস্তক, আইসিটি সামগ্রী-ভিডিও, টিভি, ইন্টারনেট ইত্যাদি।

## ইউনিট ৩.৪: ব্যবসায় উদ্যোগের পাঠ পরিকল্পনা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনার ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) শিখনফল লেখার উপযুক্ত ক্রিয়াগুলো চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- পাঠ পরিকল্পনার ধারণা
- শিখনফল
- শিখন কার্যক্রম
- শিখন- শেখানো পদ্ধতি কৌশল
- পাঠ্যপুস্তকের ব্যবহার
- দুর্ভাগ ও স্বল্প সরবরাহকৃত উপকরণের ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- শিক্ষা উপকরণের ব্যবহার
- সহায়ক সামগ্রী ও শিক্ষা উপকরণ শনাক্তকরণ ও উন্নয়ন

## ইউনিট ৩.৫: ব্যবসায় পরিচিতি

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশ ধারা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশের অনুকূল উপাদানগুলো চিহ্নিত করতে পারবেন।

## বিষয়বস্তু

- ব্যবসায়ের ধারণা
- ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশ
- ব্যবসায়ের আওতা ও প্রকারভেদ
- ব্যবসায়ের গুরুত্ব
- ব্যবসায় পরিবেশ
- বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশ

## ইউনিট ৩.৬: ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের উপায় চিহ্নিত করতে পারবেন।
- ৩) ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির সম্পর্ক ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের উপায় সুপারিশ করতে পারবেন।

## বিষয়বস্তু

- উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে সম্পর্ক
- ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য
- ব্যবসায় উদ্যোক্তার গুণাবলি
- আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের গুরুত্ব
- ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির সম্পর্ক
- বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা
- বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের উপায়
- উদ্যোগ ও আত্মকর্মসংস্থান
- আত্মকর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা

## ইউনিট ৩.৭: ব্যবসায়ের আইনগত দিক

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ব্যবসায় আইনগত দিকের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) নেতৃত্বের ধারণা ও প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) নেতৃত্বের গুণাবলি চিহ্নিত করতে পারবেন।

৪) ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতাগুলো চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- ব্যবসায় আইনগতদিকের ধারণা
- ব্যবসায় পরিকল্পনার ধারণা
- ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব
- ব্যবসায় সংগঠনের ব্যবস্থাপনা
- ব্যবস্থাপনার কার্যাবলি
- নেতৃত্বের ধারণা ও প্রকারভেদ
- নেতৃত্বের গুণাবলি
- ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

ইউনিট ৩.৮: ব্যবসায় উদ্যোগ শিখন-শেখানো কার্যক্রমে মূল্যায়নের ভূমিকা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ধারাবাহিক মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) সৃজনশীল প্রশ্ন পদ্ধতি ও ব্লুমস এর শিখন ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে পারবেন।
- ৩) বিদ্যালয়ের সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, নম্বর প্রদান নির্দেশিকা, নিরীক্ষণ ও পরিশোধন উপায়গুলো চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- মূল্যায়নের ভূমিকা
- ধারাবাহিক মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন
- সৃজনশীল প্রশ্ন পদ্ধতি ও ব্লুমস এর শিখন ক্ষেত্রসমূহ।
- সৃজনশীল প্রশ্নপত্রের গুরুত্ব
- শ্রেণি অভীক্ষা ও অগ্রগতি যাচাই অভীক্ষা প্রণয়ন ও নম্বর প্রদান নির্দেশিকা
- বিদ্যালয়ের সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, নম্বর প্রদান নির্দেশিকা, নিরীক্ষণ ও পরিশোধন।

ইউনিট ৩.৯: ব্যবসায় উদ্যোগ বিষয়ে পেশাগত উন্নয়ন

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অব্যাহত পেশাগত উন্নয়ন ধারণা ব্যাখ্যা করতে পারবেন।

- ২) প্রতিফলনমূলক অনুশীলনের গুরুত্ব চিহ্নিত করতে পারবেন।  
 ৩) কর্ম সহায়ক গবেষণার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।

### বিষয়বস্তু

- ধারাবাহিক/অব্যাহত পেশাগত উন্নয়ন
- পেশাগত উন্নয়ন কৌশল
- প্রতিফলনমূলক অনুশীলন
- কর্ম সহায়ক গবেষণা
- শিক্ষা সফর

### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ কার্যক্রমভিত্তিক শিখন
- ❖ প্রজেক্টভিত্তিক শিখন
- ❖ কেস স্টাডি পদ্ধতি
- ❖ সমস্যাভিত্তিক শিখন
- ❖ দলগত কাজ ও সহযোগী শিখন
- ❖ রোল প্লে ও সিমুলেশন
- ❖ মাইন্ড ম্যাপিং ও বিজনেস মডেল ক্যানভাস
- ❖ অনুসন্ধানমূলক শিখন
- ❖ ডিজিটাল ও আইসিটি-সমৃদ্ধ শিখন
- ❖ থিংক- পেয়ার- শেয়ার
- ❖ অতিথি বক্তার অভিজ্ঞতা শেয়ার
- ❖ ফিল্ড ভিজিট ও বাজার পরিদর্শন
- ❖ প্রশ্ন-উত্তর ও প্রতিফলনমূলক আলোচনা
- ❖ আত্মমূল্যায়ন ও রিফ্লেকশন জার্নাল

### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

এনসিটিবি (২০১৪), ব্যবসায় উদ্যোগ, ৯ম-১০ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

চৌধুরী, রিয়াদ ও গোমেজ (২০১২), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা প্রথম পত্র (ব্যবসায় সংগঠন)

চৌধুরী, রিয়াদ ও গোমেজ (২০১২), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র (ব্যবস্থাপনা)

মিয়া ওহাব, এম এ (২০০৪), শিক্ষাক্রম ও মূল্যায়ন, বাংলা একাডেমি, ঢাকা

মালেক, মরিয়ম, ইসলাম ও রিয়াদ (২০১৫), শিক্ষাবিজ্ঞান ও বাংলাদেশে শিক্ষা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয়  
মঞ্জুরী কমিশন, ঢাকা

PROVISIONAL

## হিসাববিজ্ঞান শিক্ষণ

কোর্স কোড	৮২২২৪৭	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	হিসাববিজ্ঞান শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

এই কোর্সটি মাধ্যমিক বিদ্যালয়ে ৯ম ও ১০ম শ্রেণিতে হিসাববিজ্ঞান বিষয়ের শিক্ষকের প্রয়োজনীয় যোগ্যতাসমূহের উপর আলোকপাত করে। এটি প্রশিক্ষার্থীদের যাতে শিখন পদ্ধতি ও কৌশল এবং শিক্ষাবিজ্ঞান দক্ষতার উন্নয়ন ঘটাতে পারে সেরূপ শিখন কাঠামো ও শিখন পরিবেশ নিশ্চিত করে। যেহেতু এ ক্ষেত্রে প্রশিক্ষার্থীদের নিজস্ব পেশাগত দক্ষতা, ধারণা ও মূল্যবোধ বৃদ্ধি এবং শিক্ষাক্রম সংশ্লিষ্ট বিষয়/শিরোনামসমূহের উপর ভালো ধারণা জন্মে, সেহেতু এ বিষয়ের প্রধান লক্ষ্য তথা গুরুত্ব হবে মাধ্যমিক পর্যায়ের ফলপ্রসূ হিসাববিজ্ঞান বিষয়ের শিক্ষক তৈরি ও তাদের আত্মবিশ্বাস বৃদ্ধি। শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ শিখন বিষয়াবলির হিসাববিজ্ঞান শিখন-শেখানোর প্রাণ। যতদূর সম্ভব ব্যবহৃত পদ্ধতিগুলো হবে বাস্তবভিত্তিক এবং বাংলাদেশের ব্যবসা ক্ষেত্রে প্রয়োগযোগ্য, যা বাংলাদেশের মাধ্যমিক বিদ্যালয়ের উপযোগী পদ্ধতি ও কৌশল রূপায়ণের মাধ্যমে বাস্তবায়িত হবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- হিসাববিজ্ঞান শিক্ষার প্রাথমিক ধারণা লাভ করা।
- মাধ্যমিক পর্যায়ের হিসাববিজ্ঞান পাঠক্রমকে যুগোপযোগী করে আঞ্চলিক ও আন্তর্জাতিক তুল্যমান উন্নীত করা।
- শিক্ষার্থীদের উপার্জনমুখী, স্ব-কর্মসংস্থান ও ব্যবহারিক জীবনে হিসাববিজ্ঞানের জ্ঞান ও কলা- কৌশল প্রয়োগে সক্ষম করা।
- দেশীয় প্রেক্ষিতে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক জীবনের বিভিন্ন সমস্যার সমাধান খুঁজে বের করা।
- জীবনযাত্রার মান উন্নয়নের জন্য আধুনিক হিসাববিজ্ঞানের উপায় ও প্রক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া।
- দেশে-বিদেশে হিসাববিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্র সম্পর্কে ধারণা দেওয়া।
- জাতীয় উন্নয়ন ও পুনর্গঠনে হিসাববিজ্ঞানের জ্ঞান কাজে লাগানো।
- শিক্ষার্থীদের নৈতিক ও সামাজিক এবং আত্মজাগরণ ঘটানো।

### ৩। কোর্সের বিষয়বস্তু

ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষাক্রমে হিসাববিজ্ঞান

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) হিসাববিজ্ঞান শিক্ষা কী তা বলতে পারবেন।
- ২) হিসাববিজ্ঞানের সকল শাখার প্রাথমিক আলোচ্যসূচি বর্ণনা করতে পারবেন।
- ৩) হিসাববিজ্ঞানের লক্ষ্য ও উদ্দেশ্য ও প্রায়োগিক ক্ষেত্রগুলো চিহ্নিত করতে পারবেন।
- ৪) মাধ্যমিক স্তরের হিসাববিজ্ঞানের শিক্ষাক্রমটি বর্ণনা করতে পারবেন।

## বিষয়বস্তু

- হিসাববিজ্ঞানের ধারণা
- হিসাববিজ্ঞানের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা
- হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ
- মূল্যবোধ সৃষ্টিতে ও জবাবদিহি প্রক্রিয়ায় হিসাববিজ্ঞানের ভূমিকা
- মাধ্যমিক স্তরে হিসাববিজ্ঞান শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

## ইউনিট ৩.২: মাধ্যমিক পর্যায়ে ৯ম ১০ম শ্রেণির হিসাববিজ্ঞান

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) উত্তম পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য চিহ্নিত বলতে পারবেন।
- ২) হিসাববিজ্ঞানের পাঠ্যপুস্তক মূল্যায়ন কৌশল বর্ণনা করতে পারবেন।
- ৩) শিক্ষক নির্দেশিকার ধারণা ও উপযোগিতা ব্যাখ্যা করতে পারবেন।

## বিষয়বস্তু

- পাঠ্যপুস্তকের ধারণা
- উত্তম পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য
- পাঠ্যপুস্তক প্রণয়নে বিবেচ্য বিষয়
- পাঠ্যপুস্তক মূল্যায়ন
- হিসাববিজ্ঞান পাঠ্যপুস্তক মূল্যায়ন
- শিক্ষক নির্দেশিকার ধারণা ও উপযোগিতা
- শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য

## ইউনিট ৩.৩: হিসাববিজ্ঞান শিখন- শেখানো পরিকল্পনা

## শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনার ধারণা ব্যাখ্যা পারবেন।

- ২) শিখনফলের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।
- ৩) হিসাববিজ্ঞানের পাঠ পরিকল্পনা প্রণয়ন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিখনফলের ধারণা
- শিখনফলের বৈশিষ্ট্য
- হিসাববিজ্ঞানের শিখনফল
- বাৎসরিক পাঠ পরিকল্পনা ও একক পাঠ পরিকল্পনার ধারণা
- পাঠ পরিকল্পনা ধারণা ও বৈশিষ্ট্য
- পাঠ পরিকল্পনার গুরুত্ব
- পাঠ পরিকল্পনা প্রণয়নের ধাপ
- হিসাববিজ্ঞানের পাঠ পরিকল্পনা প্রণয়ন

#### ইউনিট ৩.৪: হিসাববিজ্ঞান শিখন-শেখানো পদ্ধতি

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষক কেন্দ্রিক পদ্ধতি ও শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতির ধারণা ব্যাখ্যা পারবেন।
- ২) হিসাববিজ্ঞান শিক্ষায় অংশগ্রহণমূলক শিখন-শেখানোর প্রয়োজনীয় কলাকৌশল ও দক্ষতাসমূহ প্রয়োগ করতে পারবেন।
- ৩) অনুশিক্ষণ ও ছদ্মশিক্ষণের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষণ পদ্ধতির ধারণা
- শিক্ষক কেন্দ্রিক পদ্ধতি ও শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতি
- বৃত্ততা পদ্ধতি, আলোচনা পদ্ধতি, সমস্যা সমাধান পদ্ধতি, প্রকল্প পদ্ধতি (কারখানা পরিদর্শন)
- অংশগ্রহণমূলক পদ্ধতি
- হিসাববিজ্ঞান শিক্ষায় অংশগ্রহণমূলক শিখন-শেখানো প্রয়োজনীয় কলাকৌশল ও দক্ষতাসমূহ
  - ✓ একক কাজ
  - ✓ জোড়ার কাজ
  - ✓ দলগত কাজ
  - ✓ মাথা খাটানো
  - ✓ মাইন্ড ম্যাপিং
- অনুশিক্ষণের ধারণা
- অনুশিক্ষণ কৌশল বা দক্ষতাসমূহ

- ছদ্ম শিক্ষণের ধারণা
- ছদ্ম শিক্ষণের সুবিধা ও অসুবিধাসমূহ
- ফলাবর্তনের ধারণা
- ফলাবর্তন কার্যকর করার কৌশল

### ইউনিট ৩.৫: হিসাববিজ্ঞান শিক্ষা শিখন উপকরণ সংগ্রহ ও এর উন্নয়ন শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষণ উপকরণের ধারণা ও শ্রেণিবিভাগ বর্ণনা করতে পারবেন।
- ২) হিসাববিজ্ঞানের শিক্ষণ উপকরণের তালিকা প্রস্তুত করতে পারবেন।
- ৩) হিসাববিজ্ঞানের শিক্ষণ উপকরণ তৈরি করতে পারবেন।

### বিষয়বস্তু

- শিখন উপকরণের ধারণা
- শিক্ষা উপকরণের শ্রেণিবিভাগ
- শিক্ষা উপকরণের গুরুত্ব
- হিসাববিজ্ঞান শিক্ষার শিক্ষণ উপকরণের তালিকা
- দুষ্প্রাপ্য সামগ্রী ও অপ্রতুল সামগ্রী ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- বিনামূল্যের ও স্বল্পমূল্যের শিক্ষা উপকরণ
- অন্যান্য পাঠ্যপুস্তক, ICT উপকরণ-ভিডিও, টেলিভিশন, ইন্টারনেট
- ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও স্মার্ট টিভির ব্যবহার
- শিক্ষা উপকরণ ব্যবহারের নীতিমালা

### ইউনিট ৩.৬: ৯ম-১০ম শ্রেণির হিসাববিজ্ঞান বিষয়ের আলোচ্য বিষয় শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।
- ২) মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্য করতে পারবেন।
- ৩) পারিবারিক বাজেট ও হিসাব তৈরি করতে পারবেন।

### বিষয়বস্তু

- দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্য
- দু'তরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ
- ডেবিট ক্রেডিট গির্গয়ের নিয়মাবলি
- হিসাব চক্র

- মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্য
- আর্থিক বিবরণী
- এক মালিকানা ব্যবসায়ের আর্থিক বিবরণী
- আর্থিক বিবরণী প্রস্তুতকরণে হিসাববিজ্ঞানের নীতিমালার প্রয়োগ
- আর্থিক বিবরণী প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ
- পণ্যের ক্রয়মূল্য, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য
- পারিবারিক বাজেট ও হিসাব

### ইউনিট ৩.৭: হিসাববিজ্ঞান শিখন-শেখানো কার্যক্রমে সমন্বিত শিখনযাচাই শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) হিসাববিজ্ঞান শিখনযাচাই কৌশলগুলো বর্ণনা করতে পারবেন।
- ২) সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন।
- ৩) আদর্শ মূল্যায়ন ও নম্বর প্রদানের মানদণ্ড চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- হিসাববিজ্ঞান শিখন-শেখানো শিখনযাচাই কৌশল
- ধারাবাহিক বা গঠনকালীন ও প্রান্তিক বা চূড়ান্ত শিখনযাচাই
- শিখনযাচাইয়ের গুরুত্ব বা প্রয়োজনীয়তা
- শ্রেণি অগ্রগতি অভীক্ষা প্রণয়ন
- সৃজনশীল প্রশ্ন প্রণয়ন
- নম্বর প্রদানের মানদণ্ড

### ইউনিট ৩.৮: হিসাববিজ্ঞান শিখন-শেখানো পরিবেশ উন্নয়ন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক পর্যায়ে হিসাববিজ্ঞান পাঠের উপযোগী শিখন-শেখানো পরিবেশ তৈরি করতে পারবেন।
- ২) হিসাববিজ্ঞান শিক্ষকের যোগ্যতা ও গুণাবলি চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- মাধ্যমিক পর্যায়ে হিসাববিজ্ঞান পাঠের উপযোগী শিখন-শেখানো পরিবেশ তৈরি
- হিসাববিজ্ঞান শিক্ষকের যোগ্যতা ও গুণাবলী
- হিসাববিজ্ঞান শিক্ষকের পেশাগত উন্নয়ন

### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ কার্যক্রমভিত্তিক শিখন

- ❖ প্রজেক্টভিত্তিক শিখন
- ❖ কেস স্টাডি পদ্ধতি
- ❖ সমস্যাভিত্তিক শিখন
- ❖ দলগত কাজ ও সহযোগী শিখন
- ❖ রোল প্লে ও সিমুলেশন
- ❖ মাইন্ড ম্যাপিং ও বিজনেস মডেল ক্যানভাস
- ❖ অনুসন্ধানমূলক শিখন
- ❖ ডিজিটাল ও আইসিটি-সমৃদ্ধ শিখন
- ❖ থিংক- পেয়ার- শেয়ার
- ❖ অতিথি বক্তার অভিজ্ঞতা শেয়ার
- ❖ ফিল্ড ভিজিট ও বাজার পরিদর্শন
- ❖ প্রশ্ন-উত্তর ও প্রতিফলনমূলক আলোচনা
- ❖ আত্মমূল্যায়ন ও রিফ্লেকশন জার্নাল

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

জাতীয় শিক্ষাক্রম (২০১২), হিসাববিজ্ঞান, এনসিটিবি, ঢাকা

জাতীয় শিক্ষাক্রম (২০২৫), হিসাববিজ্ঞান পাঠ্যপুস্তক, ৯ম-১০ম শ্রেণি, এনসিটিবি, ঢাকা

ব্যবসায় শিক্ষা শিক্ষণ, মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প

ব্যবসায় শিক্ষা শিক্ষণ, টিকিউআই- সেপ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

### ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ

## ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ

কোর্স কোড	৮২২২৪৯	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

জ্ঞান ও বিজ্ঞানের আধুনিকায়নের সাথে সাথে তাত্ত্বিক ও ব্যবহারিক দিক বিবেচনায় আধুনিক বাণিজ্য ও ব্যবসায় প্রশাসনে 'ফিন্যান্স ও ব্যাংকিং' এর বিশেষ ভূমিকা লক্ষ্য করা যায়। বিশ্বায়নের সাথে সাথে ব্যবসায় বাণিজ্য ও অর্থনীতির গতি প্রকৃতি ব্যাপকভাবে পরিবর্তিত হচ্ছে। এ পরিবর্তিত অবস্থায় প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে টিকে থাকতে হলে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ধারণা অত্যন্ত জরুরি। ক্রমবর্ধমান প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিবেচনা করে এ বিষয়টিকে নবম ও দশম শ্রেণির শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ অন্তর্ভুক্তির মাধ্যমে শিক্ষার্থীর ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষার প্রাথমিক ভিত তৈরি হবে। শিক্ষার্থীরা উচ্চতর শ্রেণিতে ফিন্যান্স ও ব্যাংকিং অধ্যয়নে আগ্রহী হয়ে উঠবে। ফলে শিক্ষার্থীরা আত্মউদ্যোগী কর্মপরিকল্পনা গ্রহণে এবং বাস্তব কর্মক্ষেত্রে অবদান রাখতে সক্ষম হবে। এই আধুনিক ও যুগোপযোগী শিক্ষার মাধ্যমে শিক্ষার্থী ও এই বিষয়ের ভবিষ্যত পেশাজীবীরা দেশ-বিদেশের আর্থিক ও ব্যাংকিং জগতে কর্মদক্ষতার মাধ্যমে দেশের আর্থিক ব্যবস্থাপনার উন্নয়নের সাথে সাথে ব্যক্তিগত, পারিবারিক এবং সামাজিক জীবনে সফল আর্থিক ব্যবস্থাপনার সাক্ষর রাখতে পারবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- প্রশিক্ষণার্থীদের বিষয়জ্ঞান ও বিষয়দক্ষতায় আধুনিক করবে।
- 'ফিন্যান্স ও ব্যাংকিং' বিষয়ের আধুনিক শিখন-শেখানো দক্ষতার সাথে পরিচিত হয়ে কর্মজীবনে আধুনিক হবে।
- 'ফিন্যান্স ও ব্যাংকিং' বিষয়ের আধুনিক শিক্ষাক্রম ও পাঠ্যসূচির সাথে শ্রেণি কার্যক্রম সম্পৃক্ত করবে।
- পেশাগত ও ধারাবাহিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ঘটাবে।
- আধুনিক বাণিজ্য ও ব্যবসা প্রশাসনে 'ফিন্যান্স ও ব্যাংকিং'-এর বিশেষ ভূমিকা রাখবে।
- ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ধারণা প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে টিকে থাকতে সহায়তা করবে।
- শিক্ষার্থীর ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষার প্রাথমিক ভিত্তি তৈরি হবে।
- শিক্ষার্থীরা আত্মউদ্যোগী কর্মপরিকল্পনা গ্রহণে এবং বাস্তব কর্মক্ষেত্রে অবদান রাখতে সক্ষম হবে।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: ব্যবসায় শিক্ষা এবং ফিন্যান্স ও ব্যাংকিং

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ফিন্যান্স ও ব্যাংকিং এর শিক্ষা লাভের উদ্দেশ্যে ব্যাখ্যা করতে পারবেন।
- ২) মাধ্যমিক স্তরের ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণের উপাদানসমূহ চিহ্নিত করতে পারবেন।

##### বিষয়বস্তু

- ফিন্যান্স ও ব্যাংকিং এর ধারণা
- ব্যবসায় নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে ফিন্যান্স ও ব্যাংকিং এর গুরুত্ব
- মাধ্যমিক স্তরের ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণের উপাদানসমূহ
- প্রশ্নপত্র
- মূল্যায়ন কার্যক্রম

#### ইউনিট ৩.২: ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) ফিন্যান্স ও ব্যাংকিং এর শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও শিখনফল বিশ্লেষণ করতে পারবেন।
- ২) মাধ্যমিক স্তরের ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণের উপাদানসমূহ চিহ্নিত করতে পারবেন।

##### বিষয়বস্তু

- শিক্ষাক্রমের ধারণা, উৎপত্তি, প্রকৃতি ও পরিসর
- শিক্ষাক্রম ও পাঠ্যসূচির মধ্যে সম্পর্ক
- মাধ্যমিক স্তরের ফিন্যান্স ও ব্যাংকিং পাঠ্যপুস্তক-এর বৈশিষ্ট্য
- পাঠ্যপুস্তকের ধারণা
- শিক্ষাক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক পর্যালোচনা
- শিখনফলের ধারণা
- শিখনফল লেখার নিয়ম

#### ইউনিট ৩.৩: পাঠ পরিকল্পনা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্তগুলো চিহ্নিত করতে পারবেন।

২) পাঠ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবে ব্যবহার করতে পারবেন।

### বিষয়বস্তু

- পাঠ পরিকল্পনার ধারণা
- পাঠ পরিকল্পনার প্রয়োজনীয়তা ও গুরুত্ব
- পঞ্চ সোপান ও ত্রি- সোপান পাঠ পরিকল্পনার উৎস
- পাঠ পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্তগুলো
- শিখনফলের ধারণা
- শিখনফল লেখার নিয়ম
- ফিন্যান্স ও ব্যাংকিং পাঠ পরিকল্পনার সোপানসমূহ
- পাঠ পরিকল্পনার সক্রিয় অংশগ্রহণ ও শিক্ষণফল প্রতিফলনের মাধ্যমে শিখন-শেখানো সফলতা অর্জন
- মূল্যায়ন

### ইউনিট ৩.৪: শিক্ষণ উপকরণ তৈরি, সংগ্রহ, উন্নয়ন ও ব্যবহার

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষণ-সহায়ক উপকরণ তৈরি, সংগ্রহ, উন্নয়ন ও ব্যবহার করতে পারবেন।
- ২) ফাইন্যান্স ও ব্যাংকিং বিষয়ের জন্য বর্তমান উপযোগী শিক্ষণ উপকরণসমূহের তালিকা প্রস্তুত করতে পারবেন।

### বিষয়বস্তু

- শিখন উপকরণের ধারণা
- শিখন উপকরণ এর প্রয়োজনীয়তা
- শিখন উপকরণের শ্রেণি বিভাগ ও উৎসসমূহ (স্বল্পমূল্যে, বিনামূল্যে, সহজলভ্য, অপ্রতুল ও দুষ্টাপ্য)
- শিখন উপকরণ ব্যবহারের নিয়মাবলি
- শিখন উপকরণ ব্যবহার, ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- শিখন উপকরণ ব্যবহারের ক্ষেত্রে সমস্যা ও সমাধান
- আইসিটি উপকরণ
- হিসাব বিজ্ঞান, ফাইন্যান্স ও ব্যাংকিং এবং ব্যবসায় উদ্যোগ বিষয়ের জন্য বর্তমান উপযোগী শিখন উপকরণসমূহের তালিকা প্রস্তুতকরণ

### ইউনিট ৩.৫: অর্থ ও ব্যাংকিং

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) শেয়ার, বন্ড ও ডিবেঞ্চর ধারণা ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- অর্থের সময়মূল্য
- শেয়ার, বন্ড ও ডিবেঞ্চর
- মুদ্রা, ব্যাংক ও ব্যাংকিং

#### ইউনিট ৩.৬: ঝুঁকি ও অনিশ্চয়তা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) অর্থায়নের ঝুঁকিসমূহ সনাক্ত করতে পারবেন।
- ২) অর্থায়নের ঝুঁকি হ্রাস করার উপায় সনাক্ত করতে পারবেন।

#### বিষয়বস্তু

- ঝুঁকি ও অনিশ্চয়তা
- বাণিজ্যিক ব্যাংক ও তার পরিচিতি
- কেন্দ্রীয় ব্যাংক

#### ইউনিট ৩.৭: শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিখন-শেখানো কার্যক্রমে অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল ব্যবহারের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করতে পারবেন।
- ২) শিখন-শেখানো কার্যক্রমে অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল ব্যবহার করতে পারবেন।

#### বিষয়বস্তু

- পদ্ধতি ও কৌশলের ধারণা
- পদ্ধতি ও কৌশলের শ্রেণিবিভাগ
- অংশগ্রহণমূলক পদ্ধতি ব্যবহার/প্রয়োগ
  - ✓ অনুশিক্ষণ
  - ✓ প্রদর্শন
  - ✓ আলোচনা
  - ✓ সমস্যা সমাধান

- ✓ প্রকল্প পদ্ধতি
- ✓ অনুসন্ধান পদ্ধতি
- ✓ ডিজিটাল পদ্ধতি
- ✓ ছদ্মশিক্ষণ
- ✓ প্রশ্নোত্তর
- ✓ একক কাজ, দলীয় কাজ ও জোড়ায় কাজ
- ✓ সর্ভাঙ্গ শিক্ষণ
- ✓ ধারণা মানচিত্র
- ✓ ভূমিকাভিনয়

### ইউনিট ৩.৮: প্রশ্নকরণ ও মূল্যায়ন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) উত্তম প্রশ্নের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবেন।
- ২) সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- প্রশ্নকরণের ধারণা
- শিখন-শেখানো কার্যক্রমে প্রশ্নকরণের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা
- উত্তমপ্রশ্নের বৈশিষ্ট্য
- প্রশ্নের শ্রেণিবিভাগ
- ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের প্রশ্ন করার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ
- ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের সৃজনশীল প্রশ্ন তৈরি
- মূল্যায়ন এই ধারণা
- ফলাফলের ধারণা
- মানদণ্ডভিত্তিক নম্বরপ্রদান এর ধারণা
- নম্বর প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ
- আদর্শ প্রশ্ন প্রণেতা, মডারেটর ও মূল্যায়নকারীর গুণাবলি

### ৪। শিখন- শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ কার্যক্রমভিত্তিক শিখন
- ❖ প্রজেক্টভিত্তিক শিখন
- ❖ কেস স্টাডি পদ্ধতি
- ❖ সমস্যাভিত্তিক শিখন

- ❖ দলগত কাজ ও সহযোগী শিখন
- ❖ রোল প্লে ও সিমুলেশন
- ❖ মাইন্ড ম্যাপিং ও বিজনেস মডেল ক্যানভাস
- ❖ অনুসন্ধানমূলক শিখন
- ❖ ডিজিটাল ও আইসিটি-সমৃদ্ধ শিখন
- ❖ থিংক- পেয়ার- শেয়ার
- ❖ অতিথি বক্তার অভিজ্ঞতা শেয়ার
- ❖ ফিল্ড ভিজিট ও বাজার পরিদর্শন
- ❖ প্রশ্ন-উত্তর ও প্রতিফলনমূলক আলোচনা
- ❖ আত্মমূল্যায়ন ও রিফ্লেকশন জার্নাল

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

জাতীয় শিক্ষাক্রম ২০১২, ফিন্যান্স ও ব্যাংকিং, এনসিটিবি

এনসিটিবি (২০২৫), ফিন্যান্স ও ব্যাংকিং পাঠ্যপুস্তক, ৯ম-১০ম শ্রেণি

Banerjee, B. (2010). *Fundamentals of Financial Management*. PHI Learning Pvt. Ltd.

Senthilkumar, C., & Packiaraji, C. D. S. (2024). *Fundamentals of Financial Management*.

<https://doi.org/10.59646/ffm/152>

Shah, P. (2009). *Financial Management, 2ND Ed (With CD)*.

Van Horne, J. C., & C, V. J. (2012). *Financial Management and policy*. Pearson Education India.

Pandey, I. M. (2015). *Financial Management*.

Gitman, L. J., & Zutter, C. J. (2014). *Principles of Managerial Finance, Global Edition*.

অধ্যায় চার - ঐচ্ছিক বিষয়াবলি  
(Optional Subjects)

## প্রাথমিক শিক্ষা

কোর্স কোড	৮২২২৭১	ক্রেডিট- ৩	ক্রেডিট ঘণ্টা-৫৬
কোর্স শিরোনাম	প্রাথমিক শিক্ষা		

### ১। কোর্সের বিবরণ

প্রাথমিক শিক্ষাই হচ্ছে শিক্ষার মূল ভিত্তি। শিক্ষা জীবনব্যাপী চলমান প্রক্রিয়া। জাতীয় জীবনে প্রাথমিক শিক্ষার গুরুত্ব অপরিসীম। দেশের জনসংখ্যাকে দক্ষ করে তোলার অন্যতম ধাপ হচ্ছে প্রাথমিক শিক্ষা। প্রাথমিক শিক্ষা বলতে একটি নির্দিষ্ট বয়সস্তর বা বয়স কাঠামোর শিশুদের জন্য আয়োজিত আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমকে বোঝানো হয়। বাংলাদেশে অনেকেই প্রাথমিক শিক্ষা সমাপ্তির পর কর্মজীবন আরম্ভ করে। সুতরাং প্রাথমিক শিক্ষা ভিত্তিমূলক জ্ঞান ও দক্ষতা অর্জনের মধ্যেই সীমাবদ্ধ নয়। শিক্ষার এই স্তর পরবর্তী সকল স্তরের ভিত্তি সৃষ্টি করে এবং একই সঙ্গে সুস্থভাবে জীবন যাপনের জন্য সর্বনিম্ন যোগ্যতা অর্জনের ব্যবস্থা করে। সে লক্ষ্যে প্রাথমিক স্তরের সকল শিশুর জন্য প্রয়োজনীয় মানসম্মত প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। বাংলাদেশ জাতীয় শিক্ষানীতি ২০১০-এ প্রাথমিক শিক্ষা সম্পর্কে বলা হয়েছে যে, শিশুদের জন্য আনুষ্ঠানিক শিক্ষা শুরু করার আগে শিশুর অন্তর্নিহিত অপরিসীম বিস্ময়বোধ, অসীম কৌতূহল, আনন্দবোধ ও অফুরন্ত উদ্যোগের মতো সর্বজনীন মানবিক বৃত্তির সুস্থ বিকাশ এবং প্রয়োজনীয় মানসিক ও দৈহিক প্রস্তুতি গ্রহণের পরিবেশ তৈরি করা প্রয়োজন। তাই তাদের জন্য বিদ্যালয় প্রস্তুতিমূলক প্রাক-প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা জরুরি। শিক্ষানীতিতে প্রাথমিক শিক্ষার মেয়াদ পর্যায়ক্রমে অষ্টম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণ করার বিষয়টিও পুনর্বিবেচনা করা হয়েছে। এ সকল দিক বিবেচনায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষক শিক্ষাক্রমে প্রাথমিক শিক্ষা বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। আশা করা যায় যে, এতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষকের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে বাংলাদেশের প্রাথমিক শিক্ষা সম্পর্কে ধারণা প্রদান করে দক্ষ শিক্ষক হিসেবে গড়ে তোলা।
- জাতীয় উন্নয়নে প্রাথমিক শিক্ষার অবদান সম্পর্কে অবহিত করা।
- প্রাথমিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে জানার আগ্রহ সৃষ্টি করা।
- প্রাথমিক শিক্ষা লাভে শিক্ষার্থীর আচরণিক পরিবর্তন সম্পর্কে বোঝার আগ্রহ সৃষ্টি করা।
- জীবনযাত্রার মান উন্নয়নের উপায় ও প্রক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া।
- প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে নৈতিক ও সামাজিক মূল্যবোধে উদ্বুদ্ধ করা।

## ৩। কোর্সের বিষয়বস্তু

### ইউনিট ৩.১: প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য বলতে পারবেন
- ২) বাংলাদেশের সংবিধানের প্রাথমিক শিক্ষা সম্পর্কে উল্লেখিত অনুচ্ছেদগুলো ব্যাখ্যা করতে পারবেন

#### বিষয়বস্তু

- প্রাথমিক শিক্ষার লক্ষ্য
- প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য
- প্রাথমিক শিক্ষার সাংবিধানিক বাধ্যবাধকতা

### ইউনিট ৩.২: প্রাথমিক শিক্ষার ক্রমবিবর্তন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক শিক্ষার ক্রমবিবর্তন বর্ণনা করতে পারবেন।
- ২) প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার যৌক্তিকতা ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) জাতীয় শিক্ষানীতি-২০১০ এর আলোকে প্রাথমিক শিক্ষার মৌলিক গঠন ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বৃটিশ আমলের প্রাথমিক শিক্ষা
- পাকিস্তান আমলের প্রাথমিক শিক্ষা
- স্বাধীনতার প্রাথমিক শিক্ষা
  - ✓ সর্বজনীন অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাঃ প্রেক্ষিত বাংলাদেশ।
- জাতীয় শিক্ষানীতি-২০১০

### ইউনিট ৩.৩: প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষাক্রম

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাক-প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা বলতে পারবেন।
- ২) প্রাক-প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম বর্ণনা করতে পারবেন।

- ৩) প্রাথমিক শিক্ষার যোগ্যতাগুলো শনাক্ত করতে পারবেন।
- ৪) প্রাথমিক শিক্ষাক্রমের আলোকে শিখনফল ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- প্রাক-প্রাথমিক শিক্ষা
- প্রাক-প্রাথমিক শিক্ষা শিক্ষাক্রম
- প্রাথমিক শিক্ষাক্রম
  - ✓ প্রাস্তিক যোগ্যতা
  - ✓ বিষয়ভিত্তিক প্রাস্তিক যোগ্যতা
  - ✓ শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা
  - ✓ শিখনফল

#### ইউনিট ৩.৪: প্রাথমিক শিক্ষা প্রশাসন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট দপ্তরগুলোর নাম বলতে পারবেন।
- ২) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট দপ্তরগুলোর লক্ষ্য, উদ্দেশ্য ও কাজ বর্ণনা করতে পারবেন।
- ৩) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য ব্যাখ্যা করতে পারবেন।
- ৪) প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন ও কাজ বিশ্লেষণ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- বিভাগীয় উপপরিচালকের দপ্তর
- জেলা প্রাথমিক শিক্ষা অফিস
- প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)
- থানা/উপজেলা শিক্ষা অফিস
- ইউ আর সি
- প্রাথমিক বিদ্যালয়
- উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর
- জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
- এনসিটিবি

## ইউনিট ৩.৫: প্রাথমিক স্তরের শিক্ষক যোগ্যতা ও পেশাগত আচরণ

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য ব্যাখ্যা করতে পারবেন।
- ২) প্রাথমিক স্তরের শিক্ষক যোগ্যতা বর্ণনা করতে পারবেন।
- ৩) প্রাথমিক স্তরের শিক্ষকদের অনুসরণীয় পেশাগত আচরণ চিহ্নিত করতে পারবেন।

### বিষয়বস্তু

- মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের (DPEO, UEO, AUEO, URC Instructor) দায়িত্ব ও কর্তব্য
- প্রাথমিক শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য
- শিক্ষক যোগ্যতা
- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পেশাগত আচরণ

## ইউনিট ৩.৬: প্রাথমিক শিক্ষার বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও কাজ বর্ণনা করতে পারবেন।
- ২) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্র উল্লেখ করতে পারবেন।

### বিষয়বস্তু

- চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) (জুলাই ২০১৮-জুন ২০২৬)
- চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) (জুলাই ২০১৬-ডিসেম্বর ২০২৫)
- ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প (জানুয়ারি ২০২০-জুন ২০২৭)
- প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প (৪র্থ পর্যায়) (জুলাই ২০১৯-জুন ২০২৭)
- প্রি-প্রাইমারি এন্ড প্রাইমারি এডুকেশন ইমপ্রুভমেন্ট প্রজেক্ট ইন কক্সবাজার এন্ড বান্দরবান ডিস্ট্রিকস এন্ড ভাসানচর অব নোয়াখালী (জুলাই ২০২৪-জুন ২০২৭)
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি (জানুয়ারি ২০২৫-ডিসেম্বর ২০২৭)

## ইউনিট ৩.৭: প্রাথমিক স্তরের শিক্ষক-কর্মকর্তা শিক্ষণ

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক স্তরের শিক্ষকদের বুনয়াদী প্রশিক্ষণ সম্পর্কে বলতে পারবেন।
- ২) শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রক্রিয়া (সাবক্লাস্টার, চাহিদাভিত্তিক সাবক্লাস্টার প্রশিক্ষণ, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ) বর্ণনা করতে পারবেন।
- ৩) প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণগুলো বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- সি-ইন-এড
- ডি পি এড
- বিটিপিটি
- শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়ন
  - ✓ সাব-ক্লাস্টার প্রশিক্ষণ
  - ✓ চাহিদা ভিত্তিক সাব-ক্লাস্টার
  - ✓ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ
- NAPE – এ কর্মকর্তাগণের প্রশিক্ষণ

#### ইউনিট ৩.৮: শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের উপযোগী শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল ব্যাখ্যা করতে পারবেন;

##### বিষয়বস্তু

- বহুমুখী শিখন পদ্ধতি
- প্রদর্শন পদ্ধতি
- পরীক্ষণ পদ্ধতি
- আবিষ্কার পদ্ধতি
- পর্যবেক্ষণ পদ্ধতি
- পাঠ সমীক্ষা (Lesson study Network) পদ্ধতি
- ড্রইং ও কালারিংভিত্তিক শেখানো
- তথ্যগ্রিড (Information Grid)
- আউটডোর/পরিবেশভিত্তিক শেখানো (Nature Walk, Observation)
- ডাইস গেম (Dice Game)
- শব্দ মেঘ (Word Cloud)
- স্টারি টেলিং বা গল্পভিত্তিক শেখানো

#### ইউনিট ৩.৯: পাঠ পরিকল্পনা, শিক্ষা উপকরণ ও মূল্যায়ন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিদ্যালয় উপযোগী বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরি করতে পারবেন।
- ২) প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের উপযোগী শিক্ষা উপকরণ চিহ্নিত করতে পারবেন।
- ৩) প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মূল্যায়ন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বার্ষিক পাঠ পরিকল্পনা
- পাঠ পরিকল্পনা
- শিক্ষা উপকরণ, প্রকারভেদ, ব্যবহারবিধি
- প্রাথমিক স্তরের শিক্ষার্থী মূল্যায়ন

#### ইউনিট ৩.১০: প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- প্রধান শিক্ষক কর্তৃক একাডেমিক সুপারভিশন
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন
- উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন
- সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন
- ইউ আর সি ইন্সট্রাক্টর/ সহকারী ইন্সট্রাক্টর কর্তৃক বিদ্যালয় পরিদর্শন

#### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ বক্তৃতা
- ❖ আলোচনা
- ❖ দলগত কাজ
- ❖ বিতর্ক
- ❖ প্রকল্প
- ❖ ভূমিকাভিনয়
- ❖ থিঙ্ক-পেয়ার-শেয়ার
- ❖ প্রশ্ন গ্রিড (Question Grid) পদ্ধতি
- ❖ তথ্যগ্রিড (Information Grid)

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

আজিজ, ড. মো: আনোয়ারুল ও ইসলাম, মো: তবারক-উল (২০০২), *প্রাথমিক শিক্ষা পরিচিতি*,

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি

*আবশ্যিকীয় শিখনক্রম, প্রাথমিক শিক্ষা (১৯৮৮)*, জাতীয় শিক্ষাক্রম ও টেকসটবুক বোর্ড, ঢাকা।

আমীন, মোঃ রহুল ও অন্যান্য (১৯৯৯), *বহুমুখী শিখন পদ্ধতি প্রশিক্ষণ ম্যানুয়াল, (১ম-৫ম শ্রেণির শিক্ষক প্রশিক্ষণের জন্য)*, আইডিয়াল প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

আহমেদ, কাজী ফারুক (২০১১), *গণ সাক্ষরতা অভিযান*, জাতীয় শিক্ষানীতি- ২০১০

আলী, মো: রজব ও বিল্লা মো: মুসতাজিন (২০০২), *বাংলাদেশের প্রাথমিক শিক্ষানীতি-কৌশল ও সংগঠন*, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি।

কাওসার, সাবিনা ও অন্যান্য (২০১২), *নবনিয়োগপ্রাপ্ত শিক্ষকদের প্রারম্ভিক প্রশিক্ষণ ম্যানুয়াল*, তৃতীয় প্রাথমিক

শিক্ষা কর্মসূচি (পিইডিপি-৩) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

খাতুন, তাহমিনা ও অন্যান্য (২০১৪). *একাডেমিক সুপারভিশন ম্যানুয়াল*, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

খান, লুৎফর রহমান ও মহিউদ্দিন, এ.এইচ.এম (২০০২), *প্রাথমিক শিক্ষার গুরুত্ব এবং বিভিন্ন দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা*, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি।

চক্রবর্তী, শুভাশিস ও সালাম, সাকি (২০১৩), *প্রধান শিক্ষকদের জন্য চাহিদাভিত্তিক সাবক্লাস্টার প্রশিক্ষণ ম্যানুয়াল*, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাথমিক শিক্ষাক্রম (২০১২), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

প্রাক প্রাথমিক শিক্ষাক্রম (২০১১), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

মালেক, মরিয়ম, ইসলাম ও রিয়াদ (২০১৫), *শিক্ষাবিজ্ঞান ও বাংলাদেশে শিক্ষা*, পঞ্চম সংস্করণ, রয়ামন পাবলিসার্স, ঢাকা

মেহেরুল্লাহ ও অন্যান্য (২০১৩), *পেশাগত শিক্ষা, তথ্যপুস্তক-১ম খণ্ড*, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি।

*বিদ্যালয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ: একাডেমিক তত্ত্ববধান (২০০৩)*, ESTEEM, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

রাখী, শিরিন আল্লা ও আকতার, সৈয়দা তাহমিনা (২০০২), *শিখন শেখানো পদ্ধতি*, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি।

হক, সৈয়দ মো: ওবায়দুল ও অন্যান্য, (২০০৪) *প্রাথমিক শিক্ষা ম্যানুয়াল, ভলিউম-১*, ESTEEM, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

হাসান, জিয়াউল ও অন্যান্য (২০০৯) *সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের প্রশিক্ষণ সহায়ক পুস্তিকা*, দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

Annual Primary School Census 2015, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

Annual Sector Performance Report 2015, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

## গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষণ

বিষয় কোড	৮২২২৭৩	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম:	গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ব্যাচেলর অব এডুকেশন (বিএড) কোর্সের একটি নৈর্বাচনিক বিষয়। এ বিষয়টি প্রবর্তনের মূল উদ্দেশ্য হলো বিদ্যালয় গ্রন্থাগার পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য দক্ষ শিক্ষক গ্রন্থাগারিক/শিক্ষক তৈরি করা, পাঠাভ্যাস তৈরি করা এবং জ্ঞান অন্বেষণে নিজেকে নিয়োজিত করা। আশা করা যায়, এ কোর্স অধ্যয়নের মাধ্যমে শিক্ষক প্রশিক্ষার্থীরা বিদ্যালয় গ্রন্থাগারের দায়িত্ব গ্রহণ করে গ্রন্থাগারের সার্বিক উন্নয়ন, গ্রন্থ সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং বিতরণের কলা-কৌশল সঠিকভাবে প্রয়োগ করতে পারবেন। বিদ্যালয়ের শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারে উদ্বুদ্ধ করে তাদের মাঝে পাঠাভ্যাস সৃষ্টি করতে পারবেন, যার মাধ্যমে শিক্ষার্থীরা জ্ঞান অন্বেষণে নিজেকে নিয়োজিত করতে সক্ষম হবেন। একবিংশ শতাব্দীর বৈশ্বিক নাগরিক তৈরিতে রিডিং ক্লাব, স্টোরিটেলিং, উপস্থাপন, অ্যাসাইনমেন্ট, গ্রন্থাগার ব্যবহার, বুক রিভিউ ইত্যাদি কার্যক্রমকে প্রাধান্য দেওয়া হয়েছে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- জ্ঞান অন্বেষণে গ্রন্থাগারের কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান করা।
- বিদ্যালয় গ্রন্থাগার ব্যবস্থাপনা ও পরিচালনা সম্পর্কে দক্ষতা অর্জন করা।
- শিক্ষার্থীদের বিদ্যালয় গ্রন্থাগার ব্যবহারের মাধ্যমে মননশীল ও বৈশ্বিক নাগরিক তৈরির ধারণা প্রদান করা।
- পাঠাভ্যাস তৈরির উদ্যোগ গ্রহণ করা।
- বই পড়ার মাধ্যমে নতুন জ্ঞান সৃজনের সুযোগ করে দেওয়া।
- গ্রন্থাগারের কার্যক্রম সম্পর্কে অবহিত করা।
- শিড়ার্থীদের মান সম্পন্ন শিড়ায় শিড়িত করা।
- গ্রন্থাগারে তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে ধারণা দেয়া।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: বিদ্যালয় গ্রন্থাগারের ধারণা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষার্থীগণ-

- ১) গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বিদ্যালয় গ্রন্থাগারের কার্যক্রম চিহ্নিত করতে পারবেন।
- ৩) বিদ্যালয় গ্রন্থাগারের সমস্যা চিহ্নিত করে সেগুলোর সমাধানের উপায় বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের ধারণা

- বিদ্যালয় গ্রন্থাগারের ধারণা ও গঠন
- বিদ্যালয় গ্রন্থাগার ব্যবহারের নিয়মাবলি
- বিদ্যালয় গ্রন্থাগার প্রদত্ত সেবা ও সেবা প্রদানের প্রক্রিয়া
- গ্রন্থাগারের দায়িত্বপ্রাপ্ত সহকারী শিক্ষক এর দায়িত্ব ও কর্তব্য

### ইউনিট ৩.২: জাতীয় শিক্ষানীতি ও পলিসিতে বিদ্যালয় গ্রন্থাগার

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) জাতীয় শিক্ষানীতির আলোকে গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরতে পারবেন।
- ২) জাতীয় শিক্ষানীতি আলোকে বিদ্যালয় গ্রন্থাগারের কার্যকর ব্যবহার করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষানীতির আলোকে গ্রন্থাগারের গুরুত্ব
- শিক্ষানীতির আলোকে গ্রন্থাগার শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ
- শিক্ষার্থীর দক্ষতা উন্নয়নে শিক্ষানীতির আলোকে পাঠ্যাভ্যাস সৃষ্টির উপায়
- শিক্ষানীতির আলোকে বিদ্যালয় গ্রন্থাগার স্থাপন ও পরিচালনা কৌশল

### ইউনিট-৩.৩: গ্রন্থাগার সামগ্রী নির্বাচন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গ্রন্থাগার সামগ্রী নির্বাচনের কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- ২) গ্রন্থাগার সামগ্রী রক্ষণাবেক্ষণের কলাকৌশল বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিক্ষক হিসাবে শিক্ষার্থীদের পাঠের চাহিদা শনাক্তকরণ
- মাধ্যমিক শিক্ষাক্রম ও সিলেবাসের আলোকে বিদ্যালয় গ্রন্থাগারের জন্য পাঠ্যসামগ্রী নির্বাচন
- শিক্ষার্থীদের মেধা ও মনন বিকাশের জন্য প্রয়োজনীয় পাঠ্যসামগ্রী নির্বাচনের কৌশল
- শিক্ষার্থীদের উপযোগী পাঠ্যসামগ্রী নির্বাচনে বিবেচ্য বিষয় ও সতর্কতা
- বিদ্যালয় গ্রন্থাগারের উপযোগী পাঠ্যসামগ্রী নির্বাচনের সহায়িকা
- গ্রন্থাগার সংগ্রহ উন্নয়নের স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্তকরণ

### ইউনিট ৩.৪: বিদ্যালয় গ্রন্থাগার ব্যবস্থাপনা ও পরিচালনা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গ্রন্থাগার ব্যবহারের নিয়মাবলি উল্লেখ করতে পারবেন।
- ২) গ্রন্থাগার পরিচালনার কলাকৌশল বর্ণনা করতে পারবেন।

## বিষয়বস্তু

- গ্রন্থাগারের আসবাবপত্রের বিন্যাস
- গ্রন্থাগার সামগ্রীর পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের উপায়
- শিক্ষার্থীদের পাঠ উপযোগী গ্রন্থাগার পরিবেশ তৈরি
- গ্রন্থাগার সামগ্রী ক্রয় ও পরিচালনা কমিটি গঠন
- গ্রন্থাগারের বার্ষিক কর্ম-পরিকল্পনা তৈরি

## ইউনিট ৩.৫: শিক্ষার্থীদের পাঠাভ্যাস সৃষ্টি

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষার্থীদের পাঠাভ্যাস তৈরির কৌশল নির্ধারণ করতে পারবেন।
- ২) জ্ঞান অন্বেষণ ও সৃজনে বই পড়া প্রতিযোগিতার আয়োজন করতে পারবেন।

## বিষয়বস্তু

- অভিজ্ঞতাভিত্তিক শিখনের আলোকে শিক্ষার্থীদের গ্রন্থাগারে নির্দেশিত শিখন কার্যক্রম পরিচালনা
- জাতীয় দিবস উপলক্ষে বই পড়া প্রতিযোগিতায় গ্রন্থাগারের ব্যবহার
- গ্রন্থাগারের উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে বইমেলা আয়োজনের উপায়
- নতুন পাঠ্য সামগ্রীর ডিসপ্লে বোর্ড স্থাপন ও ব্যবস্থাপনা

## ইউনিট ৩.৬: গ্রন্থাগারে তথ্য প্রযুক্তির ব্যবহার

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গ্রন্থাগারে প্রযুক্তির ব্যবহার কৌশল বর্ণনা করতে পারবেন।
- ২) প্রযুক্তি ব্যবহার করে পৃথিবীর বিখ্যাত গ্রন্থাগার ব্যবহার করতে পারবেন।

## বিষয়বস্তু

- গ্রন্থাগারে প্রযুক্তি সম্পর্কে ধারণা
- গ্রন্থাগার পাঠ্যসামগ্রী ব্যবস্থাপনার সফটওয়্যার পরিচিতি
- বিদ্যালয়ের উপযোগী বিনামূল্যের সফটওয়্যার নির্বাচন
- তথ্য প্রযুক্তির মাধ্যমে গ্রন্থাগার পরিচালনার সুবিধা

## ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ পরিদর্শন
- ❖ বিতর্ক
- ❖ বুক রিভিউ
- ❖ প্রজেক্ট ওয়ার্ক

- ❖ মিনি লেকচার
- ❖ দলগত কাজ
- ❖ বিদ্যালয় গ্রন্থাগারের উন্নয়ন (অ্যাসাইনমেন্ট: পাঠদান অনুশীলন চলাকালে প্রশিক্ষণার্থীগণ সংশ্লিষ্ট বিদ্যালয়ের গ্রন্থাগারের অবস্থা পর্যবেক্ষণ করবে এবং সুপারিশসহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট বিদ্যালয়ে এবং বিষয় শিক্ষকের নিকট জমা প্রদান করবেন, এক্ষেত্রে বিদ্যালয় গ্রন্থাগারের বর্তমান অবস্থা (গ্রন্থাগার কক্ষ, আসবাবপত্র, পাঠ্যসামগ্রী, গ্রন্থাগার ব্যবহার, বিদ্যালয় গ্রন্থাগার পরিচালনার সমস্যাসমূহ, বিদ্যালয় গ্রন্থাগারের SWOT অ্যানালাইসিস, বিদ্যালয় গ্রন্থাগারের উন্নয়নে কার্যকর ও উপযোগী সুপারিশ প্রস্তুতকরণ) পর্যবেক্ষণ করে সুপারিশ প্রণয়ন করবে।

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

- আলী, মোহাম্মদ সাদাত (১৯৯৪), *আধুনিক গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান*, পল্লব পাবলিশার্স
- আহমেদ, নাসির উদ্দিন (১৯৮২), *সমাজ, গ্রন্থাগার ও যোগাযোগ*,
- মহাপাত্র, পিযুষকান্তি (১৯৮৪) *গ্রন্থাগার সংগঠন*, কলিকাতা ওয়ার্ল্ড প্রেস
- রহমান, ড. আফিফা (১৯৯৭), *গ্রন্থাগারে বই নির্বাচন*, প্যারাগন পাবলিশার্স
- হক, শামসুল (১৯৮৭), *গ্রন্থাগারের ইতিহাস: মধ্যযুগ*
- Viswamthan, GG (1962). *The High School Library: its organization and administration*, Bombay, Asia Publishing House, 1962
- Anthony T. (2002). *Managing your school library and information service: a practical handbook*, FACET publication 2002
- Trelan G.L and Malhan I. V. (1980). *School Library Management*. New Delhi, Sterling Publishers Pvt. Ltd.
- Ray, C. (1981). *Hand Book for Teacher Librarian*. London, Commonwealth Secretariat
- Farco L. F (1947). *The Library in the School*. Chicago, American Library Association
- Elisworth, R. E(1965). *The School Library*. New York, The Centre for Applied Research in Education
- Dier, C. & Others. (1970). *School Libraries: Theory and Practice London*, Clive Bingley 1970
- Douglas, M. P (1949). *The Teacher-Librarians Hand Book 2nd Edn*. Chicago, American Library Association
- Sharma J., Saran (1978). *Library Organization*, New Delhi, Bikas Publishing House Pvt. Ltd.
- Datta, B. K (1972). *A Practical Guide to Library Procedure*. Bombay, Asia Publishing House.

## চারু ও কারুকলা শিক্ষণ

বিষয় কোড	৮২২২৭৫	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম:	চারু ও কারুকলা শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

মাধ্যমিক স্তরে চারু ও কারুকলা বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে পাঠ্য। এর শিক্ষণের জন্য শিক্ষকের যোগ্যতাসমূহের উপর আলোকপাত করা হয়েছে। এটি প্রশিক্ষণার্থীদের এমন একটি শিক্ষা কার্যক্রম ও শিখন পরিবেশ প্রদান করে যাতে তারা বিভিন্ন শিক্ষণ কলা-কৌশল চর্চা করতে পারেন এবং তাদের শিক্ষাবিজ্ঞানের সঙ্গে সংশ্লিষ্ট দক্ষতার উন্নয়ন ঘটাতে পারেন। যেহেতু এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের চারু ও কারুকলা শিক্ষাক্রমে নিহিত এবং এর সঙ্গে সংশ্লিষ্ট বিষয়বস্তু, দক্ষতা, ধারণা ও মূল্যবোধ সম্পর্কে তাদের নিজস্ব জ্ঞান ও বোধগম্যতার উন্নয়নের সুযোগ আছে, সেহেতু এ কোর্সটির শিখন-শেখানোর প্রধান লক্ষ্য ও গুরুত্ব হলো চারু ও কারুকলা শিক্ষায় আত্মবিশ্বাসী ও কার্যকর শিক্ষক তৈরি করা। চারু ও কারুকলা শিক্ষণের সকল শিখন-শেখানো কার্যক্রমের কেন্দ্রে অবস্থিত প্রশিক্ষণার্থীদের সক্রিয় অংশগ্রহণ। যথাসম্ভব ব্যবহৃত পদ্ধতিগুলো হবে মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণিতে ব্যবহারোপযোগী কলা-কৌশলের আদর্শ স্বরূপ।

### ২। কোর্সের উদ্দেশ্য

- মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের সংস্কৃতিবান, সুরুচিসম্পন্ন, ঐতিহ্য সচেতন ও সুশৃঙ্খল করে গড়ে তুলতে উদ্বুদ্ধ করা।
- শিক্ষার্থীদের চিন্তাশক্তির সাধনের পাশাপাশি চারু ও কারুকলা শিক্ষার মাধ্যমে তাদেরকে আত্মকর্মসংস্থানের কৌশলগুলো শেখানো।
- শিক্ষার্থীদের জীবনকে শিল্পিত করে তোলার প্রেরণা প্রদান করা।
- শিক্ষার্থীদের সামাজিক অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে সচেষ্ট করা।
- দেশ ও বিদেশের শিল্পকলা সম্পর্কে অবগত করা।
- বিদ্যালয়ের নান্দনিক পরিবেশ সৃষ্টির কৌশল রপ্ত করা।
- শিল্পকলা দেখে আনন্দপ্রাপ্তি এবং শিক্ষণীয় বিষয় গ্রহণের ক্ষমতা তৈরি করা।

### ইউনিট ৩.১: চারু ও কারুকলা পরিচিতি

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক স্তরে চারু ও কারুকলা শিক্ষার গুরুত্ব ও ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শিল্পকলা পরিচিতি

- চারু ও কারুকলার ধারণা
- চারু ও কারুকলা শিক্ষার লক্ষ্য ও গুরুত্ব
- চারু ও কারুকলা শিক্ষকের যোগ্যতা
- চারু ও কারুকলা বিষয়ের শিখনফল

### ইউনিট ৩.২: শিল্পকলার ইতিহাস ও নন্দনতত্ত্ব

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) দেশ-বিদেশের শিল্পশৈলী, শিল্পী ও শিল্পকর্ম সম্পর্কে বলতে পারবেন।
- ২) মানব সভ্যতার বিবর্তনে চারু ও কারুকলার ভূমিকা বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- নন্দনতত্ত্বের ধারণা
- মানব সভ্যতার বিকাশে শিল্পকলা
- আধুনিক শিল্পকলা
- বাংলাদেশের চারুশিল্প
- বাংলাদেশের কারুশিল্প
- বাংলাদেশের চারুকলা শিক্ষা

### ইউনিট ৩.৩: মাধ্যমিক স্তরে চারু ও কারুকলা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক স্তরের চারু ও কারুকলা শিক্ষাক্রমের বিষয়সমূহ বিশ্লেষণ ও পাঠদান করতে পারবেন।

#### বিষয়বস্তু

- জাতীয় শিক্ষাক্রমে চারু ও কারুকলা
- ষষ্ঠ শ্রেণির চারু ও কারুকলা বিষয়ের শিক্ষাক্রম
- ৭ম শ্রেণির চারু ও কারুকলা বিষয়ের শিক্ষাক্রম
- ৮ম শ্রেণির চারু ও কারুকলা বিষয়ের শিক্ষাক্রম
- ৯ম ও ১০ম শ্রেণির চারু ও কারুকলা বিষয়ের শিক্ষাক্রম

### ইউনিট ৩.৪: চারু ও কারুকলা পাঠদান

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

১) মাধ্যমিক স্তরের অন্যান্য বিষয়সমূহের সঙ্গে চারু ও কারুকলার সম্পর্ক নির্ণয় করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বাৎসরিক পাঠ পরিকল্পনা ও একক পরিকল্পনা
- পাঠ পরিকল্পনা প্রণয়ন
- একটি নমুনা পাঠ পরিকল্পনা
- অনুশিক্ষণের মাধ্যমে পরিকল্পনা ও শিখন পদ্ধতি পরখ করা
- সাদৃশ্যমূলক শিক্ষণ ও ফলাবর্তনের মাধ্যমে পরিকল্পনা এবং শিখন পদ্ধতি যাচাই

#### ইউনিট ৩.৫: চারু ও কারুকলার উপাদান ও নীতিসমূহ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

১) নকশার নীতি ও উপাদানসমূহ ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- ড্রইং, অংকন ও নকশা
- রেখা ও আলোছায়া
- রঙ
- আকার, আকৃতি ও পরিপ্রেক্ষিত
- নকশা

#### ইউনিট ৩.৬: চারু ও কারুকলার শিখনযাচাই

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

১) মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের শিল্পকর্ম মূল্যায়ন করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বিভিন্ন শিখনযাচাই
- ধারাবাহিক শিখনযাচাই
- প্রশ্ন করার মূলনীতি ও কৌশলসমূহ
- প্রশ্নের শ্রেণিবিভাগ
- চারু ও কারুকলা বিষয়ের প্রশ্নকরণ

## ইউনিট ৩.৭: চারু ও কারুকলার শ্রেণিকক্ষ ও শিক্ষা উপকরণ

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক স্তরের চারু ও কারুকলার বিষয়বস্তুসমূহের পাঠ পরিকল্পনা প্রণয়ন করতে পারবেন।

### বিষয়বস্তু

- শিখন-শেখানো পরিবেশ নির্মাণ
- চারু ও কারুকলায় শিখন স্তর
- শিক্ষা উপকরণ সংগ্রহ ও ব্যবস্থাপনা
- শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল
- বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর প্রতি করণীয়

## ইউনিট ৩.৮: চারু ও কারুকলার ব্যবহারিক কার্যক্রম

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিদ্যালয়ের সহশিক্ষা কার্যক্রমে চারু ও কারুকলা শিক্ষার প্রয়োগ ঘটাতে পারবেন।

### বিষয়বস্তু

- পেন্সিল স্কেচ
- জলরঙ অনুশীলন
- প্যাস্টেল রঙের ব্যবহার
- মাটির কাজ
- কাগজের কাজ
- মোবাইল অ্যাপ ব্যবহারে (Canva, Cap-cut) নকশা ডিজাইন

## ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ কার্যক্রমভিত্তিক শিখন (Activity-based Learning)
- ❖ হাতে-কলমে অনুশীলন পদ্ধতি (Learning by Doing)
- ❖ প্রদর্শন ও অনুকরণ পদ্ধতি (Demonstration Method)
- ❖ প্রকল্পভিত্তিক শিখন (Project-based Learning)
- ❖ স্টুডিওভিত্তিক শিখন পদ্ধতি
- ❖ পর্যবেক্ষণ ও বিশ্লেষণ পদ্ধতি
- ❖ দলগত কাজ ও সহযোগী শিখন
- ❖ একক কাজ ও ব্যক্তিগত সৃজনশীল অনুশীলন

- ❖ সমস্যা সমাধানভিত্তিক শিখন
- ❖ নকশা ও স্কেচ অনুশীলন পদ্ধতি
- ❖ শিল্পকর্ম বিশ্লেষণ ও সমালোচনামূলক আলোচনা
- ❖ শিল্পকলা প্রদর্শনী ও প্রদর্শনমূলক শিখন
- ❖ ভিজুয়াল উপকরণভিত্তিক শিখন (ছবি, ভিডিও, পোস্টার)
- ❖ ডিজিটাল টুল ব্যবহারে শিখন (Canva, CapCut ইত্যাদি)
- ❖ ফিল্ড ভিজিট ও শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন
- ❖ রোল প্লে ও সৃজনশীল উপস্থাপন
- ❖ অনুসন্ধানমূলক শিখন
- ❖ প্রতিফলনমূলক আলোচনা ও আত্মমূল্যায়ন
- ❖ ধারাবাহিক মূল্যায়নভিত্তিক শিখন
- ❖ সহশিক্ষাক্রমিক কার্যক্রমভিত্তিক শিখন (প্রদর্শনী, দেয়ালিকা, সাংস্কৃতিক অনুষ্ঠান)

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

- আজিম, ফ. (২০২১). *চারুকলার ভূমিকা*. পূর্বা প্রকাশনী
- আহমদ, ক. (২০১২). *শিল্পকলার ইতিহাস* (২য় সংস্করণ). বাংলা একাডেমি
- আহমেদ, তোফায়েল. (১৯৯৪). *লোকশিল্পের ভুবনে*. ঢাকা: বাংলা একাডেমী
- ইসলাম, সৈয়দ মঞ্জুরুল (২০১৫) *নন্দনতত্ত্ব*। কথাপ্রকাশ
- বন্দ্যোপাধ্যায়, রু. (n.d). *রঙের কথা*. পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ
- ভট্টাচার্য, অ. (১৯৯৪). *বাংলার চিত্রকলা*, পশ্চিমবঙ্গ বাংলা একাডেমি
- মিত্র, অশোক (১৯৮৩), *ছবি কাকে বলে*, আনন্দ
- মুখোপাধ্যায়, ত. (সম্পা.). (১৯৯৪). *নন্দনতত্ত্ব জিজ্ঞাসা*. দে'জ পাবলিশিং
- সেন, অমর্ত্য (২০১০). *শিশু শিক্ষার ভূমিকা*. গাঙচিল
- হাই, হাসনাত আব্দুল. (২০১৭). *সবার জন্য নন্দনতত্ত্ব*. সন্দেশ ।
- জাতীয় শিক্ষাক্রম ২০১২: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- Kleiner, F. S. (2020). *Gardner's art through the ages: A global history* (16th ed.). Cengage Learning.

Seidel, S., Tishman, S., Winner, E., Hetland, L., & Palmer, P. (2009). *The Qualities of quality: Understanding excellence in arts education*. <https://doi.org/10.59656/aya0926.001>

UNESCO (2006). *Road Map for Arts Education*. Building Creative Capacities for the 21st Century. Lisbon: UNESCO

Winner, E., T. Goldstein S. and Vincent-Lancrin (2013), *Art for Art's Sake?: The Impact of Arts Education*, Educational Research and Innovation, OECD Publishing, Paris, <https://doi.org/10.1787/9789264180789-en>.

PROVISIONAL

## শারীরিক ও মানসিক স্বাস্থ্যশিক্ষা ও খেলাধুলা শিক্ষণ

কোর্স কোড	৮২২২৭৭	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	শারীরিক ও মানসিক স্বাস্থ্যশিক্ষা ও খেলাধুলা শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

বাংলাদেশ একটি ক্রম-উন্নয়নশীল দেশ। এই উন্নয়নের ধারাকে অক্ষুণ্ণ রাখতে শিক্ষা এবং শিল্পের ভূমিকা উল্লেখযোগ্য। এ ছাড়াও সুশিক্ষা এবং সুস্বাস্থ্য মানবজীবনের একটি অপরিহার্য স্তর। আমাদের শিক্ষার্থীর একটি বিরাট অংশের প্রান্তিক শিক্ষা হলো মাধ্যমিক শিক্ষা। এ লক্ষ্যে বর্তমানে আমাদের শিক্ষাব্যবস্থায় ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত স্বাস্থ্য ও শারীরিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে। স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা বিষয়ের লক্ষ্য ও উদ্দেশ্যকে সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে একটি ফলপ্রসূ শ্রেণি কার্যক্রম পরিচালনায় মাধ্যমিক শিক্ষকদের দক্ষ শিক্ষক হিসেবে তৈরি করাই হলো এই কোর্সের মূল উদ্দেশ্য। এই ঐচ্ছিক বিষয়টি বাংলাদেশের মাধ্যমিক স্তরের ৯ম-১০ম শ্রেণিতে স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক শিক্ষা শিক্ষণের জন্য প্রয়োজনীয় শিক্ষক যোগ্যতাগুলোর উপর আলোকপাত করে। এই কোর্সটিকে ১০টি ইউনিটে সাজানো হয়েছে। এটি প্রশিক্ষণার্থীদের এমন একটি শিক্ষা কাঠামো ও শিখন পরিবেশ প্রদান করে যাতে তারা বিভিন্ন শিখন কলা-কৌশল আয়ত্ত করতে পারে এবং তাদের শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষা বিজ্ঞান সম্পর্কিত দক্ষতার উন্নয়ন ঘটাতে পারে। স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক শিক্ষা শিক্ষণের সকল শিখন-শেখানো পদ্ধতির কেন্দ্রে অবস্থিত প্রশিক্ষণার্থীদের সক্রিয় অংশগ্রহণ। এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক শিক্ষা শিক্ষাক্রমের সাথে সংশ্লিষ্ট বিষয়বস্তু, দক্ষতা, ধারণা ও মূল্যবোধ সম্পর্কে তাদের নিজস্ব জ্ঞান ও বোধগম্যতার উন্নয়নের সুযোগ রয়েছে। ফলে এই কোর্সটি শিখন-শেখানোর প্রশিক্ষণার্থীদের জন্য স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক শিক্ষা বিষয়ের আত্মবিশ্বাসী ও কার্যকর শিক্ষক হিসেবে তৈরি করবে।

### ২। কোর্সের উদ্দেশ্য

- মাধ্যমিক স্তরের শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষাক্রম সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়া
- স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক বিজ্ঞান শিক্ষার পাঠ্যপুস্তক বিশ্লেষণ এবং বিভিন্ন শিখনক্ষেত্র উপস্থাপনের যৌক্তিক উপায়ের উন্নয়ন ঘটাতে পারা
- স্বাস্থ্য, ক্রীড়া ও শারীরিক বিজ্ঞান শিক্ষা শিখনের জন্য একটি উদ্দীপিত শ্রেণি পরিবেশ সৃষ্টি করা
- দক্ষ মানবশক্তি সৃষ্টির লক্ষ্যে এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নে শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার অবদান সম্পর্কে উপলব্ধিবোধ জাগ্রত করে শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার শিখন-শেখানোকে অধিকতর বিজ্ঞানসম্মত ও যুগোপযোগী করা

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষার ব্যবহারিক দিকগুলো আমাদের প্রত্যহিক জীবনে কতটা ফলপ্রসূ হচ্ছে তা জানা এবং জাতি গঠনে সমাজ ও পরিবেশের মানবিক গুণাবলি বৃদ্ধিতে স্বাস্থ্য শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতন করা
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষায় শিখন-শেখানো কার্যক্রমকে জীবনধর্মী ও আধুনিক কলা-কৌশল সম্পর্কে দক্ষতা অর্জন করা এবং শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষায় ব্যবহার করে স্বাস্থ্য শিক্ষাকে আকর্ষণীয় ও সহজবোধ্য করে উপস্থাপনে সক্ষম করা

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষাক্রমে স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) স্বাস্থ্য, শারীরিক ও মানসিক শিক্ষা কী বলতে পারবেন।
- ২) স্বাস্থ্য, শারীরিক ও মানসিক শিক্ষার বিষয় উল্লেখ করতে পারবেন।
- ৩) শিক্ষাক্রমে স্বাস্থ্য শারীরিক ও মানসিক শিক্ষার ভূমিকা বর্ণনা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- স্বাস্থ্য, শারীরিক শিক্ষা কী, ক্রীড়া বিজ্ঞান শিক্ষার ধারণা
- স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষার বিষয়বস্তু
- ৯ম-১০ম শ্রেণির বাধ্যতামূলক শিক্ষাক্রমে স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার ভূমিকা

#### ইউনিট ৩.২: মাধ্যমিক শিক্ষাক্রমে মানসিক স্বাস্থ্য, শারীরিক সক্ষমতা, ও অবসাদ বিজ্ঞান শিক্ষা

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মানসিক ও শারীরিক শিক্ষা কী তা বলতে পারবেন।
- ২) শিক্ষায় লিঙ্গ ও বয়স ভেদে শারীরিক ও মানসিক স্বাস্থ্য রক্ষার গুরুত্ব বর্ণনা করতে পারবেন।

##### বিষয়বস্তু

- শিক্ষায় মানসিক স্বাস্থ্যের গুরুত্ব
- শিক্ষায় শারীরিক স্বাস্থ্যের গুরুত্ব
- শিক্ষায় লিঙ্গভেদে শারীরিক স্বাস্থ্যের গুরুত্ব মানসিক স্বাস্থ্য রক্ষায় শিক্ষার গুরুত্ব

#### ইউনিট ৩.৩: মাধ্যমিক শিক্ষাক্রমে স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষায় পুষ্টি ও খাদ্যাভ্যাস

##### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পুষ্টি কী তা বলতে পারবেন।

- ২) খাদ্য কত প্রকার ও কী কী তা বলতে পারবেন।
- ৩) বয়স অনুসারে পুষ্টির চাহিদা বর্ণনা করতে পারবেন।

### বিষয়বস্তু

- পুষ্টির ধারণা
- সুস্বাদু খাদ্য, প্রকারভেদ ও শারীরিক শিক্ষায় পুষ্টির অবদান
- শারীরিক গঠন ও কসরত অনুযায়ী পুষ্টির চাহিদা ও প্রকারভেদ
- ৯ম-১০ম শ্রেণীর বাধ্যতামূলক শিক্ষাক্রমে পুষ্টি বিষয়ক জ্ঞান এবং দৈনন্দিক জীবনে এর প্রয়োজনীয়তা।

### ইউনিট ৩.৪: মাধ্যমিক স্তরের ৯ম-১০ম শ্রেণির শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞানশিক্ষার শিক্ষাক্রম

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ্যসূচী ও পাঠ্যপুস্তক কী তা পার্থক্য করতে পারবেন।
- ২) মাধ্যমিক পর্যায়ের স্বাস্থ্য ক্রীড়া, শারীরিক ও মানসিক শিক্ষায় শিক্ষাক্রমে বিস্তারিত বর্ণনা করতে পারবেন (লক্ষ্য, উদ্দেশ্য, শিক্ষনফল, পাঠ পরিসর)।

### বিষয়বস্তু

- ৯ম-১০ম শ্রেণির শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষা শিক্ষাক্রমের বিষয়বস্তুশিক্ষাক্রম বিবৃতি
  - ✓ পাঠ্যসূচী
  - ✓ পাঠ্যপুস্তক
- ৯ম-১০ম শ্রেণির শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষা শিক্ষাক্রম দলিলের বিশ্লেষণ
  - ✓ লক্ষ্য
  - ✓ উদ্দেশ্য
  - ✓ শিখনফল
  - ✓ পাঠ পরিসর
- বিষয়বস্তুর বিকাশমান ও যৌক্তিক ক্রম চিহ্নিতকরণ
  - ✓ একই শ্রেণিতে
  - ✓ ৯ম-১০ম শ্রেণি ব্যাপ্তি
- বৌদ্ধিক ও দক্ষতার ঝুঁকির ভিত্তিতে বিষয়বস্তুর শ্রেণি বিভাজন
- ব্যক্তিগত পর্যালোচনার জন্য বিষয়বস্তু লিপিবদ্ধকরণ

## ইউনিট ৩.৫: শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষা শিখন পরিকল্পনায় শিক্ষাক্রমের স্থান

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) স্বাস্থ্য, ক্রীড়া, শারীরিক ও মানসিক শিক্ষায় পাঠ ও পুস্তক বর্ণনা করতে পারবেন।
- ২) স্বাস্থ্য, ক্রীড়া, শারীরিক ও মানসিক শিক্ষায় শিখন-শেখানো পরিকল্পনার দিকগুলো বর্ণনা করতে পারবেন।

### বিষয়বস্তু

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষায় শিখনফল
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষায় শিক্ষার পাঠ ও পাঠ্যপুস্তক পরীক্ষা
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষায় শিখন-শেখানো পরিকল্পনার বিবেচ্য দিকসমূহ

## ইউনিট ৩.৬: শিক্ষাক্রমের বিষয়বস্তুর জন্য শিক্ষণ-শিখন পদ্ধতি

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) এ বিষয়ে অংশগ্রহণমূলক কলা কৌশল, পাঠ ও ইউনিট পরিকল্পনা বলতে পারবেন।
- ২) অনুশিক্ষণ ও ছদ্ম শিখন কী তা বলতে পারবেন।

### বিষয়বস্তু

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষা বিষয়ে অংশগ্রহণমূলক শিখন-শেখানোর কলাকৌশল ও দক্ষতা।
- আনুক্রমিক পাঠসমূহের জন্য পাঠ পরিকল্পনা ও ইউনিট পরিকল্পনা
- শিক্ষাক্রমের নির্দিষ্ট বিষয় পাঠদানের জন্য পরিকল্পনা
- অনুশিক্ষণ, ছদ্মশিক্ষণ এবং ফলাবর্তনের মাধ্যমে শিখন কার্যক্রম ও শিখন পদ্ধতিসমূহ পরখ করে দেখা
- পরিকল্পনা, অংশগ্রহণ ও শিখনফল এর প্রতিফলনের মাধ্যমে শিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন

## ইউনিট ৩.৭: শিখন-শেখানো সামগ্রী এবং শিক্ষাপকরণ সংগ্রহ ও উন্নয়ন

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিক্ষা উপকরণ কী বলতে পারবেন।
- ২) দুর্লভ ও স্বল্প মূল্যের শিক্ষা উপকরণ আলাদা করে বর্ণনা করতে পারবেন।

### বিষয়বস্তু

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষা শিখন-শেখানো উপকরণ

- দুর্লভ সামগ্রী এবং অপ্রতুল উপকরণ এর ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ
- স্বল্পমূল্যের এবং নিঃখরচার শিক্ষণ-শিখন উপকরণ
- অন্যান্য পাঠ্যপুস্তক ও শিখন-শেখানো সামগ্রী-ভিডিও, টেলিভিশন, ইন্টারনেট

### ইউনিট ৩.৮: শিখন-শেখানো কার্যক্রমে সমন্বিত মূল্যযাচাই

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রশ্ন করা ও লেখা- যা ব্যক্তিগত ও বৌদ্ধিক দক্ষতা, মনোভাব এবং মূল্যবোধের শিখন যাচাই করতে পারবেন।
- ২) সতীর্থ পর্যবেক্ষণ, অনুশিক্ষন, ছদ্মশিখন এবং ফলাবর্তনের মাধ্যমে মূল্যযাচাই কাজ পরখ করতে পারবেন।
- ৩) মূল্যযাচাই অন্তর্ভুক্তকরণে শিক্ষাক্রমের নির্দিষ্ট বিষয় শিখন পরিকল্পনার পর্যালোচনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষা শিখন-শেখানো মূল্যযাচাই এর ভূমিকা: অনানুষ্ঠানিক ও আনুষ্ঠানিক, গাঠনিক ও প্রান্তিক
- বিভিন্ন মূল্যযাচাই কাজ এর উন্নয়ন-ব্যবহারিক ও তাত্ত্বিক
- প্রশ্ন করা ও লেখা- যা ব্যক্তিগত ও বৌদ্ধিক দক্ষতা, মনোভাব এবং মূল্যবোধের প্রতিষ্ঠা করবে
- সতীর্থ পর্যবেক্ষণ, অনুশিক্ষন, ছদ্মশিখন এবং ফলাবর্তনের মাধ্যমে মূল্যযাচাই কাজ পরখ করা
- মূল্যযাচাই অন্তর্ভুক্তকরণে শিক্ষাক্রমের নির্দিষ্ট বিষয় শিখন পরিকল্পনার পর্যালোচনা করা

### ইউনিট ৩.৯: বয়সসন্ধিকাল, প্রজনন স্বাস্থ্য, মাদকাসক্তি ও যৌন রোগের প্রভাব

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কৈশোরকালে শারীরিক ও মানসিক পরিবর্তনের বৈশিষ্ট্য শনাক্ত করে বাস্তব উদাহরণসহ ব্যাখ্যা করতে পারবেন।
- ২) বয়স ও শরীরের গঠন অনুযায়ী পুষ্টির প্রয়োজনীয়তা নির্ধারণ করে সুসম খাদ্যাভ্যাসের একটি সহজ দৈনিক পরিকল্পনা তৈরি করতে পারবেন।
- ৩) কৈশোরকালে মাদকাসক্তি ও বিভিন্ন অপরাধপ্রবণতার ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করে প্রতিরোধমূলক করণীয় (স্বাস্থ্যকর অভ্যাস, সহপাঠী/দলগত খেলাধুলা, সহায়তা নেওয়া) প্রস্তাব করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বয়ঃসন্ধিকালে শারীরিক ও মানসিক পরিবর্তন
- বয়ঃসন্ধিকালে শারীরিক ও মানসিক গঠনে পুষ্টির প্রয়োজনীয়তা
- বয়ঃসন্ধিকালে মাদকাসক্তি ও বিভিন্ন অপরাধ প্রবণতার প্রভাব ও তার প্রতিকারে শিক্ষার গুরুত্ব

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষায় দলীয় ও একক কাজের মাধ্যমে বয়ঃসন্ধিকালের দূরত্ব নিরাময়ে অবদান

## ইউনিট ৩.১০: শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষা বিষয়ে শিক্ষার্থীদের চাহিদা মেটানোর কৌশল শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বিদ্যালয়ে শারীরিক শিক্ষা ও খেলাধুলার জন্য নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও শিক্ষার্থী- কেন্দ্রিক শিখন-শেখানো পরিবেশ পরিকল্পনা ও বাস্তবায়ন করতে পারবেন।
- ২) শ্রেণিকক্ষে শারীরিক শিক্ষা ও খেলাধুলা বিষয়ে নিজস্ব জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে শিক্ষার্থীদের অংশগ্রহণ, আগ্রহ ও সক্ষমতা বৃদ্ধি করতে পারবে এবং শিক্ষার্থীদের বিদ্যমান ধারণা নির্ণয়ে গঠনমূলক মূল্যায়ন কৌশল ব্যবহার করতে পারবেন।
- ৩) দলগত কাজ, সক্রিয় শেখানো, বর্ধিত কার্যক্রম, অগ্রগতির পর্যবেক্ষণ, প্রতিক্রিয়া, ক্ষুদ্র শিক্ষণ (মাইক্রো টিচিং), সিমুলেশন ও প্রতিফলনের মাধ্যমে পাঠ পরিকল্পনা ও শিখন-শেখানো পদ্ধতির কার্যকারিতা বিশ্লেষণ ও উন্নয়ন করতে পারবেন।

### বিষয়বস্তু

- বিদ্যালয়ে শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার শিখন-শেখানো পরিবেশ তৈরি করা
- শ্রেণি কার্যক্রমে শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার উপর নিজস্ব জ্ঞান ও দক্ষতা প্রয়োগে শিক্ষার্থীদের সক্ষমতা জোরদার করা
- শিক্ষার্থীদের বিদ্যমান ধারণা চিহ্নিত ও সুস্পষ্টকরণে গঠনকালীন শিখনযাচাইয়ের ব্যবহার
- শিখন সক্ষমতার ভিন্নতার অবতারণা: দলীয় কাজ, সতীর্থ শিক্ষণ, বর্ধিত কার্যক্রম
- অগ্রগতির পরিবীক্ষণ এবং অর্জন নির্ণয়
- বালক ও বালিকা উভয়েরই আগ্রহ ধরে রেখে শিখনে সহায়তা করার জন্য পরিকল্পনা করা
- অনুশিক্ষণ, সিমুলেশন ও ফলাবর্তনের মাধ্যমে পরিকল্পনা ও শিখন পদ্ধতি যাচাই করে দেখা

### ৪। শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ প্রদর্শন ও অনুশীলন পদ্ধতি (Demonstration-Practice)
- ❖ ড্রিল/পুনরাবৃত্তি অনুশীলন (Drill Practice)
- ❖ স্টেশন/সার্কিট ট্রেনিং পদ্ধতি (Station/Circuit Method)
- ❖ খেলাভিত্তিক শিখন (Game-based Learning)
- ❖ দলগত কাজ ও সহযোগী শিখন (Teamwork/Cooperative Learning)
- ❖ পিয়ার টিচিং/সতীর্থ প্রশিক্ষণ (Peer Teaching)
- ❖ মাইক্রো-টিচিং ও স্কিল- ডেমো (Micro-teaching & Skill Demo)

- ❖ সিমুলেশন/মক-প্র্যাকটিস (Simulation)
- ❖ রোল-প্লে (স্বাস্থ্য শিক্ষা/কাউন্সেলিং পরিস্থিতি)
- ❖ কেস স্টাডি (যেমন: স্থূলতা, অ্যানিমিয়া, আসক্তি, স্ট্রেস)
- ❖ সমস্যা সমাধানভিত্তিক শিখন (Problem Solving)
- ❖ আলোচনা ও প্রশ্নোত্তর (Discussion & Q/A)
- ❖ ব্রেইনস্ট্রিমিং (স্বাস্থ্য ঝুঁকি/সমাধান তালিকা)
- ❖ ভিজুয়াল উপকরণভিত্তিক শেখানো (পোস্টার, চার্ট, ভিডিও)
- ❖ ICT-ভিত্তিক শিখন (ডিজিটাল কনটেন্ট/ফিটনেস অ্যাপ/ভিডিও ডেমো)
- ❖ ফিল্ড ভিজিট/ক্রীড়া-ইভেন্ট পর্যবেক্ষণ (Observation)
- ❖ স্বাস্থ্য জরিপ/ ডেটা সংগ্রহ কার্যক্রম (BMI, খাদ্যাভ্যাস লগ)
- ❖ প্রকল্পভিত্তিক কাজ (Health campaign/Fitness plan)
- ❖ ধারাবাহিক মূল্যায়ন (ফিটনেস টেস্ট, স্কিল টেস্ট, রুব্রিক)
- ❖ প্রতিফলন ও শেখার ডায়েরি (Reflection/Logbook)

#### ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

#### ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

আখতার, সৈয়দা তাহমিনা (১৯৯৬), সাধারণ বিজ্ঞান (প্রশিক্ষণ ম্যানুয়েল), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

আহমদ, গিয়াস উদ্দীন ও অন্যান্য (n.d), শিক্ষার গুণগত ব্যবস্থাপনা, স্কুল অব এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ইসলাম, ড. এ কে এম নূরুল ও অন্যান্য (n.d), শিক্ষাদানের মূলনীতি ও শিক্ষাদান পদ্ধতি। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ওহাব এ, এম ও অন্যান্য (১৯৯৯), শিক্ষা যোগাযোগ ও প্রযুক্তি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

কবীর, শামসুল ও অন্যান্য (n.d) শিক্ষা যোগাযোগ ও প্রযুক্তি, স্কুল অব এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

কবীর, শামসুল ও হোসেন, মনিরা (n.d). পাঠ পরিকল্পনা ও পাঠদান অনুশীলন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ঢালী, এস. কে. (২০০৫), শিক্ষা পরিমাপ ও মূল্যায়ন, ঢাকা, প্রভাতী লাইব্রেরী

মুহাম্মদ, আলী আনোয়ার (২০০৬) স্কুল ভিত্তিক মূল্যায়ন (প্রবন্ধ), ফিমেল সেকেন্ডারি স্কুল এসিসট্যান্স প্রজেক্ট

- শিক্ষাক্রম রিপোর্ট (১ম ও ২য় খন্ড), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
- হোসেন, ড. শেখ আমজাদ শিখন, (n.d). *মূল্যায়নমূলক অনুশীলন*. প্রভাতী লাইব্রেরী, ঢাকা
- Anderson, D. (1989). *The discipline and the profession: Foundations of Canadian physical education, recreation, and sports studies*. Wm. C. Brown Publishers.
- Dauer, V. P., & Pangrazi, R. P. (1971). Dynamic physical education for elementary school children. In *Medical Entomology and Zoology*. <http://ci.nii.ac.jp/ncid/BA51192605>
- Reynolds, Gretchen (2010). "Phys Ed: Can Exercise Make Kids Smarter?". *The New York Times*. Retrieved 18 April 2013.
- Verbrugge, Martha H. (2012). *Active Bodies: A History of Women's Physical Education in Twentieth-Century America*. New York: Oxford University Press

PROVISIONAL

## কৃষি শিক্ষা শিক্ষণ

কোর্স কোড	৮২২২৭৯	ক্রেডিট: ৪	ক্রেডিট ঘণ্টা: ৫৬
কোর্স শিরোনাম	কৃষি শিক্ষা শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

বাংলাদেশ একটি কৃষিভিত্তিক দেশ। বৈশ্বিক উন্নয়নে বাংলাদেশের বিস্ময়কর অগ্রসরমান ধারাকে অক্ষুণ্ন রাখতে কৃষি এবং এর উন্নয়ন উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। মাধ্যমিক শিক্ষা আমাদের জাতীয় জীবনে দক্ষ মানব সম্পদ তৈরির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখে। আমাদের শিক্ষার্থীর একটি বিরাট অংশের প্রান্তিক শিক্ষা মাধ্যমিক শিক্ষা। এ লক্ষ্যে বর্তমানে আমাদের শিক্ষা ব্যবস্থায় ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত কৃষি শিক্ষা বিষয়টি চালু করা হয়েছে। কৃষি শিক্ষা বিষয়ের লক্ষ্য ও উদ্দেশ্যকে সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে ফলপ্রসূ শ্রেণি কার্যক্রম পরিচালনায় মাধ্যমিক শিক্ষকদের সহায়তা করাই এই কোর্সের উদ্দেশ্য।

### ২। কোর্সের উদ্দেশ্য

- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের কৃষি শিক্ষা শিক্ষকদের কৃষি শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুত করা;
- জাতীয় অর্থনৈতিক উন্নয়নে কৃষির অবদান সম্পর্কে উপলব্ধিবোধ জাগ্রত করে কৃষি শিক্ষার শিখন-শেখানোকে অধিকতর বিজ্ঞানসম্মত ও যুগপোযোগী করা;
- আমাদের আর্থসামাজিক প্রেক্ষাপটের উপযোগী টেকসই কৃষি প্রযুক্তির ব্যবহার সম্পর্কে জানা এবং কৃষি শিক্ষার বর্তমান চ্যালেঞ্জ মোকাবিলায় জন্য কৃষি শিক্ষার আধুনিক দিকগুলো সম্পর্কে শিক্ষকদের পারদর্শী করা;
- কৃষি শিক্ষার ফলিত দিকগুলো আমাদের কৃষি ব্যবস্থায় কতটা প্রয়োগ হচ্ছে তা জানা এবং অধিক ফসল ফলানোর জন্য প্রযুক্তির অপব্যবহারের ফলে সমাজ ও পরিবেশের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতন করা;
- কৃষি শিক্ষা শিখন-শেখানো কার্যাবলি জীবনধর্মী ও আধুনিকায়নের দক্ষতা অর্জন করা এবং লব্ধ জ্ঞান প্রয়োগ করে কৃষি শিক্ষাকে আকর্ষণীয় ও সহজবোধ্য করে উপস্থাপনে সক্ষম করা;
- গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নের নেটওয়ার্ক তৈরিতে কৃষি শিক্ষার ভূমিকা জানা।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষাক্রমে কৃষি শিক্ষা

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কৃষি, কৃষি শিক্ষা ও কৃষি সংস্কৃতি সম্পর্কে মৌলিক ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার ভূমিকা বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার বিষয়বস্তু শনাক্ত করতে পারবেন।

## বিষয়বস্তু

- কৃষি ও কৃষি শিক্ষা
- কৃষি সংস্কৃতি
- কৃষির গুরুত্ব
- মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার ভূমিকা
- মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার বিষয়বস্তু

## ইউনিট ৩.২: ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক কৃষি শিক্ষা শিক্ষাক্রম

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাধ্যমিক কৃষি শিক্ষা শিক্ষাক্রম সম্পর্কে ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) মাধ্যমিক কৃষি শিক্ষা কার্যক্রম এর বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য কী তা বলতে পারবেন।
- ৪) শিখনকাল ও পাঠ পরিসর সম্পর্কে ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ৫) বিষয়বস্তুর কাঠামো ও যৌক্তিক বিন্যাস করতে পারবেন।

### বিষয়বস্তু

- ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক কৃষি শিক্ষা শিক্ষাক্রম
- ৬ষ্ঠ- দ্বাদশ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক কৃষি শিক্ষা কার্যক্রম এর বিষয়বস্তু
- ৬ষ্ঠ- দ্বাদশ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক কৃষি শিক্ষা কার্যক্রম
- লক্ষ্য, উদ্দেশ্য, শিখনকাল ও পাঠ পরিসর
- বিষয়বস্তুর বিশ্লেষণ, বিষয় কাঠামো, বিকাশমান ও যৌক্তিক বিন্যাস নিশ্চিতকরণ

## ইউনিট ৩.৩: কৃষি শিক্ষার বিভিন্ন বিষয়ে মৌলিক ধারণা

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) মাঠ শস্য, উদ্যান শস্য উৎপাদন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- ২) কৃষি বনায়ন কিভাবে করতে হয় তা ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) গৃহপালিত পশুপাখি উৎপাদন ও পালন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- ৪) কৃষি সমবায় ও কৃষি ঋণ সম্পর্কে ধারণা ব্যক্ত করতে পারবেন।

### বিষয়বস্তু

- মাঠ শস্য উৎপাদন
- উদ্যান শস্য উৎপাদন

- কৃষি বনায়ন
- মৎস্য চাষ
- হাঁস-মুরগি পালন
- পশু সম্পদ উৎপাদন
- কৃষি সমবায় ও কৃষি ঋণ

### ইউনিট ৩.৪: শিক্ষাক্রমে বিষয়বস্তুর শিখন-শেখানো পদ্ধতির ব্যবহার

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) পাঠ পরিকল্পনা কী তা বলতে পারবেন।
- ২) পাঠ পরিকল্পনার বৈশিষ্ট্য উল্লেখ করতে পারবেন।
- ৩) মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার বিভিন্ন শিখন-শেখানো কৌশল প্রয়োগ করতে পারবেন।
- ৪) পাঠ পরিকল্পনার বৈশিষ্ট্য উল্লেখ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বিদ্যালয়ে কৃষি শিক্ষার শিখন-শেখানো পরিবেশ তৈরি
- পেশাগত বিষয়াবলী এবং শিক্ষা বিষয়াবলি থেকে লব্ধ ধারণা ও দক্ষতার উপর নির্ভরশীলতা
- অংশগ্রহণমূলক কৃষি শিখন-শেখানোর কলা কৌশল ও দক্ষতা
- পাঠ পরিকল্পনা ও ইউনিট পরিকল্পনা
- শিক্ষাক্রমের নির্দিষ্ট বিষয় শিখন-শেখানোর পরিকল্পনা
- অণুশিক্ষণ, সাদৃশ্যমূলক শিখন এবং ফলাবর্তন এর মাধ্যমে শিখন কার্যক্রম ও শিখন-শেখানো পদ্ধতি
- পরিকল্পনা, অংশগ্রহণ ও শিখন ফলের প্রতিফলনের মাধ্যমে শিখনের কার্যকারিতা মূল্যায়ন

### ইউনিট ৩.৫: শিখন-শেখানো সামগ্রী এবং শিক্ষাপোকরণ সংগ্রহ ও উন্নয়ন

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কৃষি শিক্ষা উপকরণ কী তা বলতে পারবেন।
- ২) স্বল্প মূল্যের উপকরণের ধারণা, গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
- ৩) কৃষি খামার, বাগান, কৃষি ব্যবসা পরিদর্শন সম্পর্কে ধারণা বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- কৃষি শিক্ষা শিখন-শেখানো শিক্ষা উপকরণ
- মূল কৃষিকাজের সরঞ্জামাদিসহ দুর্লভ সামগ্রী এবং অপ্রতুল উপকরণ এর ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করা
- স্বল্প মূল্যের এবং নিঃখরচার শিখন-শেখানো উপকরণ
- কৃষি খামার, বাগান এবং কৃষি ব্যবসা পরিদর্শন

- অন্যান্য পাঠ্যপুস্তক, অন্যান্য শিখন- শেখানো সামগ্রী ভিডিও, টেলিভিশন, ইন্টারনেট।

### ইউনিট ৩.৬: শ্রেণির অগ্রগতি অভীক্ষা প্রণয়ন এবং নম্বর প্রদান ও নম্বর প্রদানের মানদণ্ড নির্ধারণ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন।
- ২) সৃজনশীল প্রশ্ন মূল্যায়ন কৌশল বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- বিদ্যালয়ের পরীক্ষায় দক্ষতাভিত্তিক বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্ন প্রণয়ন
- সৃজনশীল প্রশ্নের বিভিন্ন দক্ষতার স্তর
- বহুনির্বাচনী প্রশ্নের প্রকারভেদ
- বহুনির্বাচনী প্রশ্নের উদ্দীপক ও বিকল্প উত্তর তৈরি
- নির্দিষ্ট পাঠের আলোকে সৃজনশীল প্রশ্ন প্রস্তুতকরণ
- সৃজনশীল প্রশ্ন বিশ্লেষণ ও দক্ষতার উন্নয়ন
- সৃজনশীল প্রশ্ন মূল্যায়ন কৌশল, সৃজনশীল প্রশ্নের উত্তরপত্র লিখন, নম্বরপ্রদান, যাচাইকরণ ও সংশোধন, এস এস সি পরীক্ষায় কৃষি শিক্ষা বিষয়ের প্রশ্নপত্রের নমুনা পরীক্ষা এবং স্বতন্ত্র প্রশ্ন পর্যালোচনা, কৃষি শিক্ষা পুনঃ অধ্যয়নের উপায়

### ইউনিট ৩.৭: কৃষি খামার ব্যবস্থাপনা, রোগ প্রতিরোধ ও কৃষি পণ্য বাজারজাতকরণ

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গৃহপালিত পশু পাখির খামার তৈরি ও ব্যবস্থাপনা প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- ২) কৃত্রিম প্রজনন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- ৩) বিভিন্ন শস্যের রোগ শনাক্তকরণ, নিরাময় ও প্রতিরোধের উপায় বিশ্লেষণ করতে পারবেন।
- ৪) গবাদি পশু ও পোল্ট্রির রোগ নিরাময় ও প্রতিরোধের উপায় বিশ্লেষণ করতে পারবেন।
- ৫) কৃষিজাত পণ্য সংরক্ষণ ও বাজারজাতকরণ প্রক্রিয়া বিশ্লেষণ করতে পারবেন।

#### বিষয়বস্তু

- পারিবারিক কৃষি, মৎস, হাঁস-মুরগি, দুগ্ধ খামার তৈরি ও ব্যবস্থাপনা
- টিস্যু কালচার
- উন্নত জাত উদ্ভাবন
- শস্যের রোগ শনাক্তকরণ, নিরাময় ও প্রতিরোধ
- পশু ও হাঁস মুরগির রোগ নিরাময় ও প্রতিরোধ

- কৃষিজাত পণ্য সংরক্ষণ ও বাজারজাতকরণ

ইউনিট ৩.৮: : শিখন-শেখানো কার্যক্রমে শিখনযাচাই সমন্বিত করা

শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) শিখনযাচাই-এর ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) শিখনযাচাই কাজের পরিসর উন্নয়ন কিভাবে করতে হয় তা বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) মূল্যযাচাই-এ ব্যবহার্য কার্যসমূহ বিশ্লেষণ করতে পারবেন।
- ৪) পাঠ পরিকল্পনা পর্যালোচনা করতে পারবেন।

বিষয়বস্তু

- কৃষি শিক্ষা শিখন-শেখানো কার্যক্রমে শিখনযাচাই-এর ভূমিকা: অনানুষ্ঠানিক ও আনুষ্ঠানিক, গাঠনিক ও প্রান্তিক
- শিখনযাচাই কাজের পরিসর উন্নয়ন
- প্রশ্ন করা ও লেখা যা ব্যক্তিগত ও বৌদ্ধিক দক্ষতা, মনোভাব এবং মূল্যবোধের প্রতিষ্ঠা করবে
- মূল্যযাচাই-এ ব্যবহার্য কার্যসমূহ: সতীর্থ পর্যবেক্ষণ, অনুশীলন, সাদৃশ্যমূলক শিখন এবং ফলাবর্তন-এর মাধ্যমে যাচাই করে দেখা
- শিখনযাচাই অন্তর্ভুক্তিকরণে শিক্ষাক্রমের নির্দিষ্ট বিষয়ের উপর পাঠদানের জন্য পাঠ পরিকল্পনা পর্যালোচনা করা

ইউনিট ৩.৯: কৃষি শিক্ষায় শ্রেণির সকল শিক্ষার্থীর চাহিদা পূরণের উপায়

শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) প্রশিক্ষণার্থীদের সামর্থ জোরদারকরণ সম্পর্কে ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) শিক্ষার্থীদের গঠনকালীন মূল্য যাচাই এর প্রয়োগ বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) শিক্ষার্থীদের অগ্রগতি ও কাজিত যোগ্যতা অর্জনের পরিবীক্ষন সনাক্ত করতে পারবেন।

বিষয়বস্তু

- শ্রেণি কার্যক্রমের কৃষি বিজ্ঞানের নিজস্ব জ্ঞান প্রয়োগে প্রশিক্ষণার্থীদের সামর্থ জোরদারকরণ
- শিক্ষার্থীদের বিদ্যমান ধারণা শনাক্তকরণ ও বিশ্লেষণে গঠনকালীন মূল্য যাচাই এর প্রয়োগ
- শিখন ক্ষমতার স্বাতন্ত্র্য ব্যাখ্যাকরণ, দলগত কাজ, সতীর্থ শিখন, সম্প্রসারিত কাজ
- অগ্রগতি ও কাজিত যোগ্যতা অর্জনের পরিবীক্ষন
- বালক-বালিকা উভয়ের শিক্ষা গ্রহণে সহায়তা করা ও আগ্রহের পুরোপুরি তৃপ্তি সাধন
- অণুশিখন, ছদ্ম-শিখন ও ফলাবর্তনের মাধ্যমে শিখন পদ্ধতি ও পরিকল্পনার পরীক্ষণ

## ইউনিট ৩.১০: কৃষি শিক্ষার পাঠ দক্ষতা: সুপঠন ও শিখন অভ্যাস

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) কৃষি শিক্ষার পাঠ দক্ষতা সম্পর্কে ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ২) কৃষি শিক্ষায় পেশাগত মান উন্নয়নের উপায় বিশ্লেষণ করতে পারবেন।
- ৩) কৃষি শিক্ষায় জ্ঞান ও দক্ষতা উন্নয়নের কৌশল বর্ণনা করতে পারবেন।
- ৪) কৃষি শিক্ষায় কর্মসহায়ক গবেষণায় প্রতিফলন পদ্ধতি বিশ্লেষণ করতে পারবেন।
- ৫) কৃষি শিক্ষা শিখনে অসবেল ও উইট্রেকের শিখনতত্ত্বের প্রয়োগ বিশ্লেষণ করতে পারবেন।

### বিষয়বস্তু

- কৃষি শিক্ষার পঠন-পাঠন দক্ষতা: কৃষি শিক্ষা পুন: অধ্যয়নের উপায়
- কৃষি শিক্ষায় পেশাগত মান উন্নয়ন
- কৃষি শিক্ষায় জ্ঞান ও দক্ষতা উন্নয়ন
- কর্মসহায়ক গবেষণায় প্রতিফলন পদ্ধতি
- কৃষি শিক্ষা শিক্ষণে অসবেল ও উইট্রেকের শিখনতত্ত্বের প্রয়োগ
- কৃষি শিক্ষা শিখন- শেখানো কার্যক্রমে অংশগ্রহণমূলক শিখন-শেখানো পদ্ধতি সম্পর্কে ধারণা ও পারদর্শিতা অর্জন

## ইউনিট ৩.১১: কৃষি শিক্ষা শিখন- শেখানোয় আইসিটি (ICT)-এর ব্যবহার

### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) আইসিটি (ICT) কী তা বলতে পারবেন।
- ২) কৃষি শিক্ষায় আইসিটির ব্যবহারিক দিকগুলো সনাক্ত করতে পারবেন।
- ৩) কৃষি শিক্ষায় আইসিটি ব্যবহার করে উপকরণ তৈরি করতে পারবেন।

### বিষয়বস্তু

- আইসিটির (ICT) ধারণা
- কৃষি শিক্ষা শিখন-শেখানো কার্যক্রমে ব্যবহার উপযোগী ICT কৌশল, সফটওয়্যার ও যন্ত্রপাতি
- কৃষি শিক্ষা শিখন- শেখানোয় ICT ব্যবহারের কৌশল
- কৃষি শিক্ষায় ICT বিষয়ক উপকরণ সংগ্রহ ও তৈরি
- কৃষি শিক্ষায় ব্যবহার উপযোগী তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহার

## ৪। শিখন- শেখানো পদ্ধতি ও কৌশল

- ❖ বক্তৃতা
- ❖ আলোচনা
- ❖ দলগত কাজ

- ❖ বিতর্ক
- ❖ অংশগ্রহণমূলক শিখন পদ্ধতি
- ❖ কর্মভিত্তিক / ব্যবহারিক শিখন পদ্ধতি
- ❖ মাঠ পরিদর্শন ও বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখন
- ❖ সমস্যাভিত্তিক শিখন পদ্ধতি
- ❖ দলগত কাজ ও সহযোগিতামূলক শিখন
- ❖ প্রকল্পভিত্তিক শিখন পদ্ধতি

## ৫। মূল্যায়ন

অভ্যন্তরীণ-৪০	চূড়ান্ত-৬০
ইনকোর্স-১৫x২ : ৩০	সেমিস্টার ফাইনাল / চূড়ান্ত পরীক্ষা
অর্পিত কাজ : ০৫	সংক্ষিপ্ত উত্তরমূলক: ২০
উপস্থিতি : ০৫	দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন: ৪০

## ৬। সহায়ক গ্রন্থ, জার্নাল, প্রতিবেদন

আহমদ, গিয়াস উদ্দীন ও অন্যান্য (২০০৩), *শিক্ষার গুণগত ব্যবস্থাপনা*, স্কুল অব এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ইসলাম ও অন্যান্য (২০০৮). *শিক্ষাদানের মূলনীতি ও শিক্ষাদান পদ্ধতি*, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
ইসলাম ও অন্যান্য (১৯৯৮), *শিক্ষানীতি-৩*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

কবীর, শামসুল ও অন্যান্য (২০০১). *পাঠ পরিকল্পনা ও পাঠদান অনুশীলন*, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
জাতীয় শিক্ষানীতি ২০১০, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষাক্রম ২০১২, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা  
বেগম, সুফিয়া ও অন্যান্য (২০১২), *কৃষি শিক্ষা শিখন-২*, ব্যাচেলর অব এডুকেশন প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

রহমান, মো: মতিয়ার (২০০৭). *কৃষি শিক্ষা*, এস এস সি প্রোগ্রাম, বাউবি

রহমান ও অন্যান্য (১৯৯৮), *কৃত্রিম প্রজনন ও খামার স্থাপন*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

রহমান ও রহমান (১৯৯৮), *গৃহপালিত পাখির রোগ ও প্রতিকার*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

লতিফা, গুলশান আরা ও অন্যান্য (২০১৪), *কৃষি শিক্ষা*, এস এস সি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

শামসুল কবীর ও অন্যান্য (১৯৯৮), *শিক্ষানীতি-১*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

হোসেন, শেখ আমজাদ (২০০৮). *শিখন, মূল্যায়ন আই এবং প্রতিফলনমূলক অনুশীলন*, প্রভাতী লাইব্রেরী

হোসেন ও অন্যান্য (১৯৯৮), *মৎস্য হ্যাচারী ব্যবস্থাপনা*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

হোসেন ও সরকার (১৯৯৮), *মাৎস্য আহরণ ও প্রক্রিয়াজাতকরণ*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

হক, আলী ও রহমান (১৯৯৮), *গবাদি পশু পালন*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

হক ও সেলিম (১৯৯৮), *গবাদি পশু ও পোল্ট্রির খাদ্য ও পুষ্টি*, ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

কৃষি মন্ত্রণালয় (১৯৯৯) *কৃষি সম্প্রসারণ ম্যানুয়াল*, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়

## গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষণ

বিষয় কোড	৮১২২২৮১	ক্রেডিট - ৪	ক্রেডিট ঘণ্টা - ৫৬
পত্র শিরোনাম	গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষণ		

### ১। কোর্সের বিবরণ

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। বর্তমানে শিক্ষার হার বৃদ্ধি পাচ্ছে। শিক্ষার হার বৃদ্ধির সাথে সাথে কর্মজীবী নারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণের কারণে গৃহকর্মে নারী পুরুষের সমভাবে অংশগ্রহণের প্রয়োজন হয়ে পড়েছে। গার্হস্থ্য অর্থনীতি এমন একটি বিষয় যা গৃহসম্পর্কিত সকল কর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নির্দেশনার পাশাপাশি একটি কর্মমুখী শিক্ষা হিসেবেও সুপরিচিত। বি এড শিক্ষাক্রমে গার্হস্থ্য বিজ্ঞান কোর্সটি মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ-১০ম শ্রেণির গার্হস্থ্য অর্থনীতি শিক্ষণের জন্য প্রয়োজনীয় শিক্ষক যোগ্যতার উপর আলোকপাত করে। এটি প্রশিক্ষণার্থীদের এমন একটি শিখন কাঠামো ও শিখন পরিবেশ প্রদান করে যা তাদের বিভিন্ন শিখন কলাকৌশল আয়ত্ত্ব করতে ও শিক্ষাবিজ্ঞান সম্পর্কিত দক্ষতা উন্নয়নে সহযোগিতা করে। যেহেতু এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষাক্রমে নিহিত এবং এর সাথে সংশ্লিষ্ট দক্ষতা, ধারণা ও মূল্যবোধ সম্পর্কে তাদের নিজস্ব জ্ঞান ও বোধগম্যতা উন্নয়নের সুযোগ রয়েছে, সেহেতু এই কোর্সটি শিখন-শেখানোর প্রধান লক্ষ্য ও গুরুত্ব হলো গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষার অত্মবিশ্বাসী ও কার্যকরী শিক্ষক তৈরি করা।

### ২। কোর্সের উদ্দেশ্য

- গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষার প্রথমিক ধারণা লাভ করা।
- মাধ্যমিক পর্যায়ে গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষাক্রমকে যুগোপযোগী করে আঞ্চলিক ও আন্তর্জাতিক তুল্যমানে উন্নীত করা।
- শিক্ষার্থীদের উপার্জনমুখী, স্বকর্মসংস্থান ও ব্যবহারিক জীবনে গার্হস্থ্য বিজ্ঞানের জ্ঞান ও কলাকৌশল প্রয়োগে সমর্থ করা।
- দেশীয় প্রেক্ষিতে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক জীবনের বিভিন্ন সমস্যার সমাধান খুঁজে বের করা।
- জীবন যাত্রার মান উন্নয়নের জন্য আধুনিক উপায় ও প্রক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া।
- দেশে বিদেশে গার্হস্থ্য বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্র সম্পর্কে ধারণা দেয়া।
- জাতীয় উন্নয়নে ও পুসর্গঠনে গার্হস্থ্য অর্থনীতির জ্ঞান কাজে লাগানো।
- শিক্ষার্থীদের নৈতিক ও সামাজিক এবং জাগরণ ঘটানো।

### ৩। কোর্সের বিষয়বস্তু

#### ইউনিট ৩.১: মাধ্যমিক শিক্ষাক্রমে গার্হস্থ্য বিজ্ঞান

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষণার্থীগণ-

- ১) গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষা কী তা বলতে পারবেন।

- ২) গার্হস্থ্য বিজ্ঞানের সকল শাখার প্রাথমিক আলোচ্যসূচি বর্ণনা করতে পারবেন।
- ৩) গার্হস্থ্য বিজ্ঞানের লক্ষ্য ও উদ্দেশ্য ও প্রায়োগিক ক্ষেত্রগুলো চিহ্নিত করতে পারবেন।

#### বিষয়বস্তু

- গার্হস্থ্য বিজ্ঞানের ধারণা
- গার্হস্থ্য বিজ্ঞানের সংক্ষিপ্ত ইতিহাস
- গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য
- গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষার প্রয়োজনীয়তা
- গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষায় আলোচ্য বিষয় এবং প্রায়োগিক ক্ষেত্র

#### ইউনিট ৩.২: মাধ্যমিক পর্যায়ের ৬ষ্ঠ- ১০ম শ্রেণির গার্হস্থ্য অর্থনীতি শিক্ষাক্রম

#### শিখনফল

এই ইউনিট শেষে প্রশিক্ষনার্থীগণ-

- ১) গার্হস্থ্য বিজ্ঞানের মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমটি বর্ণনা করতে পারবেন।
- ২) গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষায় নতুন ক্ষেত্রগুলো বর্ণনা করতে পারবেন।

#### বিষয়বস্তু

- মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ-১০ম শ্রেণির গার্হস্থ্য অর্থনীতির বিষয়বস্তু
